জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের আওতায় ২০১২-১৩ অর্থ বছরে এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর সার-সংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংক্যা	সময় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার(%) সর্বনিম্ন সর্বোচ্চ
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফভুক্ত প্রকল্পের সংখ্যা					
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ	৮	৭	১	-	-	৭	৫৪.৫৪% ২৩৩.৩৩%	১	২.০৪% ২.০৪%

১. সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০৮ টি

২ সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

সময় বৃদ্ধির কারণ:

- প্রকল্পে জনবলের অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হওয়ার কাউন্টারপার্ট পারসোনাল নিয়োগে বিলম্ব হয়।
- জনবলের অনুমোদন পাওয়ার পরও উপযুক্ত প্রার্থীর অভাবে প্রয়োজনীয় সংখ্যক জনবল প্রকল্পের নিয়োজিত করা যায়নি।
- এছাড়া নিয়োগপ্রাপ্তদের প্রায় ৬০% প্রকল্প চলাকালীন সময়ে চাকুরী ছেড়ে দেয়। ফলে বাজেট তৈরী, দরপত্র আহবান, মুল্যায়ন, হিসাব পরিচালনা ও রক্ষণ, প্রতিবেদন তৈরী, উন্নয়ন সহয়োগী ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষার কাজে বিলম্ব তথা প্রকল্পের বাস্তবায়নে আঠারো মাস বিলম্ব হয়।
- ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় বিলম্ব হয়।
- দরপত্রে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত মূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশী হওয়ায় পুন:দরপত্র আহবান করা হয়।
- এডিপিতে প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত বৈদেশিক মুদ্রার সংস্থান না থাকায় বৈদেশিক আমদানি বিলম্বিত হয়।
- অগ্রাধিকার বিবেচনায় কূপ খনন রিগ অন্য প্রকল্পে নিয়োজিত থাকায়।
- এডিবি'র সাথে ঋণচুক্তি কার্যকর হতে বিলম্ব হওয়া ও প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা ও নির্বাহী সংস্থা নির্ধারণে বিলম্ব হওয়া।
- মূল ডিপিপিতে প্রকল্প শুরুর তারিখের ০৭ (সাত) মাস পরে ডিপিপি অনুমোদিত হওয়া।
- বাস্তবায়নকারী সংস্থার পরিবর্তন হওয়া।
- এডিবি'র গাইডলাইন মোতাবেক দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হয়েছে।
- কারিগরি ও আর্থিক মূল্যায়নে এডিবি'র নির্দেশনা মোতাবেক বিভিন্ন সময়ে সংশোধনীর কারণে ও মূল্যায়ন প্রতিবেদনের ওপর দেরীতে সম্মতি পাওয়ায়।

ব্যয় বৃদ্ধির কারণ:

আমদানিতব্য পাইপলাইন মালামাল ও ক্যাথোডিক প্রটেকশন (সিপি) মালামালের ক্ষেত্রে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত দর মূল ডিপিপিতে এ খাতে সংস্থানকৃত অর্থের চেয়ে বেশী হওয়ায়, রোড কাটিং ক্ষতিপূরণ খাতে বেশী অর্থের প্রয়োজন হওয়ায়, কাস্টমস্ ডিউটি (সিডি)-ভ্যাট, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন, বীমা, ব্যাংক চার্জ , গাড়ী ইত্যাদি খাতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হওয়ার ব্যয় বৃদ্ধি পায়।

৩. সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ওসুপারিশ:

সমস্যা	সুপারিশ
৩.১ প্রকল্প বাসস্তবায়নকারী সংস্থার রাজস্ব সেট আপ থেকে কাউন্টার পার্ট স্টাফ প্রকল্পে নিয়োজিত করার সংস্থান ছিল। কিন্তু উক্ত জনবলের অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হওয়ার কাউন্টারপার্ট পারসোনাল নিয়োগে বিলম্ব হয়। জনবলের অনুমোদন পাওয়ার	৩.১ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্পের জনবলের অনুমোদন যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করা আবশ্যক।

পরও উপযুক্ত প্রার্থীর অভাবে প্রয়োজনীয় সংখ্যক জনবল প্রকল্পের নিয়োজিত করা যায়নি। এছাড়া নিয়োগপ্রাপ্তদের প্রায় ৬০% প্রকল্প চলাকালীন সময়ে চাকুরী ছেড়ে দেয়। ফলে বাজেট তৈরী, দরপত্র আহবান, মুল্যায়ন, হিসাব পরিচালনা ও রক্ষণ, প্রতিবেদন তৈরী, উন্নয়ন সহয়োগী ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষার কাজে বিলম্ব তথা প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব হয়।	
৩.২ প্রকল্পে বৈদেশিক অনুদানের অর্থের স্বল্পতার কারণে এবং প্রকল্পের গ্রান্ট ক্লোজিং তারিখ বৃদ্ধিতে উন্নয়ন সহযোগীর অসম্মতির কারণে মূল টিপিপিতে অন্তর্ভুক্ত পাঁচটি প্যাকেজ বাদ দিতে হয়।	৩.২ প্রকল্প হতে বাদ পড়া গুরুত্বপূর্ন ও প্রয়োজনীয় প্যাকেজসমূহ উন্নয়ন সহযোগীর অনুদানে সত্বর বাস্তবায়নের জন্য মন্ত্রণালয় প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও উন্নয়ন সহযোগীর সাথে সার্বক্ষণিক যোগযোগ রক্ষা করতে হবে।
৩.৩ বিভিন্ন সময়ে দেশী ও বিদেশী প্রতিষ্ঠান কর্তৃক সার্ভের মাধ্যমে চিহ্নিত সম্ভাবনাময় কাপাসিয়া স্ট্রাকচারে তেল/গ্যাস আবিস্কারের প্রচেষ্টা সফল না হওয়ার পেছনে কারিগরি ও অন্যান্য কারণ/দিকসমূহ অনুসন্ধান/গবেষণা করে দেখা প্রয়োজন।	৩.৩ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স কাপাসিয়া স্ট্রাকচারে তেল/গ্যাস আবিস্কারের প্রচেষ্টা সফল না হওয়ার পেছনে কারিগরি ও অন্যান্য কারণ/দিকসমূহ অনুসন্ধান/গবেষণা করে দেখতে পারে।
৩.৪ এডিপি/আরএডিপিতে প্রকল্পের অনুকূলে খুব সামান্য বরাদ্দ থাকায় এবং অপর্যাপ্ত বৈদেশিক মুদ্রার সংস্থান থাকায় প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।	৩৪. জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ভবিষ্যতে কোন প্রকল্পের সময়মত বাস্তবায়নের স্বার্থে এডিপি/আরএডিপিতে প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার বরাদ্দ নিশ্চিত করবে।
৩.৫ প্রকল্প সমাপ্ত হয়ে গেলেও স্থায়ী ভাবে জমি পাওয়া যায়নি।	৩.৫ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স প্রকল্পের জমি স্থায়ীভাবে অধিগ্রহণের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।
৩.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী প্রকল্প সমাপ্তির পর সরকারি নিয়ম অনুসরণ না করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যবহার করছে।	৩ ৬.জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সরকারি নীতিমালা মোতাবেক সমাপ্ত প্রকল্পের যানবাহন সরকারি পরিবহনপুলে অথবা অনুমোদিত অন্য কোন প্রকল্পে স্থানান্তরের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ।
৩৭. প্রকল্পের আওতায় গাড়ী ক্রয় করা সত্ত্বেও গাড়ীভাড়া বাবদ অর্থ ব্যয়, ভূমি অধিগ্রহণ খাতে অতিরিক্ত ব্যয়, আয়কর/ভ্যাট বাবদ অর্থ কর্তন না করা, ডিপিপিতে বর্ণিত পিডব্লিউডি ২০০৬ রেটের পরিবর্তে পিডব্লিউডি ২০০৮ রেট মোতাবেক চুক্তি সম্পন্ন করায়, গুনগত মান বিচার না করে ঠিকাদারকে বিল পরিশোধ, ঠিকাদারের যোগ্যতা না থাকা সত্ত্বেও পুন: টেন্ডার আহবান না করে প্রাক্কলিত দর অপেক্ষা বেশী মূল্যে কার্যাদেশ দেওয়া ইত্যাদি কারণে মহা হিসাব নিরীক্ষকের অফিস কর্তৃক অডিট আপত্তি দেয়া হয়েছে।	৩.৭ আরডিপিপি'র সংস্থানের চেয়ে অতিরিক্ত কাজ ও ব্যয় এবং অডিট আপত্তি বিষয়ে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্টদের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে।
৩.৮ প্রকল্পের অনুকূলে এডিপি/আরএডিপিতে প্রয়োজন মোতাবেক বরাদ্দ না দেয়ায় এবং সময়মত বরাদ্দকৃত অর্থ অবমুক্ত না হওয়ার কারণে প্রকল্পের খরচ বিশেষ করে বৈদেশিক প্রকিওরমেন্টের খরচ নির্বাহে অসুবিধার সৃষ্টি হয় এবং কোম্পানির নিজস্ব তহবিল হতে ব্রীজ ফাইনান্সিং করতে হয় যা পরবর্তী বছরের এডিপি/আরএডিপি বরাদ্দের সাথে সমন্বয় করে নেয়া হয়। এর ফলে অনেক ক্ষেত্রে বছর শেষে প্রকৃত খরচ আরএডিপি বরাদ্দের চেয়ে বেশী হয়ে যায়। এছাড়া জিওবি ফান্ডের অভাবে ব্রীজ ফাইন্যান্সিং এর মাধ্যমে যদি খরচ নির্বাহ করা হয় তাহলে পরবর্তী বছরে এডিপি/আরএডিপি বরাদ্দেও কিছু জটিলতা সৃষ্টি হয়।	৩.৮ ভবিষ্যতে প্রকল্পের এডিপি/আরএডিপিতে প্রয়োজন মাফিক অর্থ বরাদ্দ প্রদান করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ যথাসময়ে অবমুক্তকরণ নিশ্চিত করতে হবে।
৩.৯ প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে একজন কর্মকর্তাকে বাপেক্সের অন্য বিভাগে বদলী করা হয়েছে। এর ফলে দক্ষ জনবলের অভাবে ডাটা ম্যানেজমেন্টের কাজে মন্থরতা আসতে	৩.৯ প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত সকল কর্মকর্তাই যাতে তাদেঁর প্রশিক্ষণলব্ধ জান বাপেক্সের ডাটা সেন্টারে ডাটা ম্যানেজমেন্টের কাজে প্রয়োগ করতে পারেন সেটি

পারে। একইসাথে প্রশিক্ষণপ্রাপ্তদের মাধ্যমে বাপেক্সের সংশ্লিষ্ট অন্য অফিসিয়ালদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার বিষয়টিও বিবেচনা করা দরকার।	নিশ্চিত করা সহ প্রশিক্ষণপ্রাপ্তদের মাধ্যমে বাপেক্সের সংশ্লিষ্ট অন্য কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।
৩.১০ এডিবি'র সাথে ঋণচুক্তি কার্যকর হতে বিলম্ব হওয়া ও প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা ও নির্বাহী সংস্থা নির্ধারণে বিলম্ব হওয়ার কারণে প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন পিছিয়ে পড়ে।	৩.১০ ভবিষ্যতে কোন প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব পরিহারের জন্য উন্নয়ন সহযোগীর সাথে যথাসময়ে ঋণচুক্তি কার্যকর করা এবং ডিপিপি অনুমোদনের সময়ই প্রকল্পের নির্বাহী সংস্থা ও বাস্তবায়নকারী সংস্থা চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে।
৩.১১ এডিবি'র গাইডলাইন মোতাবেক দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হয়েছে। এডিবি'র অর্থায়নে ক্রয়, বিশেষজ্ঞ সেবা ইত্যাদি সম্পন্ন করার জন্য একটি দরপত্র দলিল প্রণয়ন, কারিগরি ও আর্থিক মূল্যায়নে এডিবি'র নির্দেশনা মোতাবেক বিভিন্ন সময়ে সংশোধনী ইত্যাদি কারণে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হয়।	৩.১১ ভবিষ্যতে উন্নয়ন সহযোগীর অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকিওরমেন্ট পদ্ধতি নির্ধারণ, দরপত্র দলিল প্রনয়ন/সংশোধন, মূল্যায়ন প্রক্রিয়া ইত্যাদির ক্ষেত্রে উন্নয়ন সহযোগী ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও নিবিড় সমন্বয় জোরদার করা প্রয়োজন ।
৩.১২ সেমুতাং গ্যাস ফিল্ড হতে প্রতিদিন ২০ মিলিয়ন কিউবিক ফিট (এমএমসিএফডি) হারে গ্যাস সরবরাহের প্রক্ষে পন করা হলেও এ গ্যাস ফিল্ডের উৎপাদন কমে যাওয়ায় ১টি মাত্র কূপ (৫নং কূপ) হতে ২০১১ সালে সর্বোচ্চ ১০-১২ এমএমসিএফডি হারে চট্টগ্রামে গ্যাস সরবরাহ করা হয়। বর্তমানে ঐ কূপ সহ এ ফিল্ডের অপর কূপ (৬ নং কূপ) এর সম্মিলিত উৎপাদন ৬ এমএমসিএফডি এ হ্রাস পেয়েছে। এছাড়া বঙ্গোপসাগরের সাংগু গ্যাস ফিল্ডে উৎপাদন বন্ধ রয়েছে ।	৩.১২ চটগ্রামে তথা সমগ্র বাংলাদেশে গ্যাসের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে Offshore-এ গ্যাস কূপ খননের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে।
৩.১৩ কেজিডিসিএল-এর জনবলের জন্য ডিপিপিতে সংস্থানকৃত রেডিওগ্রাফী টেস্টিং, বয়লার অপারেশন, বার্নার ব্যবস্থাপনা, অটোমেটিক কমবাসন ও নন ডিসট্রাকটিভ টেস্টিং প্রশিক্ষণ কর্মসূচিসমূহ সম্পন্ন না হওয়ায় এ সকল ক্ষেত্রে কেজিডিসিএল এর দক্ষতার ঘাটতি রয়ে গেছে বলে মনে হয়। কেজিডিসিএল এর জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কেজিডিসিএল এর রাজস্ব খাত হতে বর্ণিত বিষয়সমূহের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করা সমীচীন হবে।	৩.১৩ প্রকল্পের ডিপিপিতে কেজিডিসিএল-এর জনবলের জন্য নির্ধারিত যে সকল প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়নি সেগুলো কেজিডিসিএল-এর রাজস্ব বাজেট হতে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
৩.১৪ প্রকল্পের পাইপলাইনের রুট/এলাইনমেন্ট চূড়ান্ত না করেই ৬৫ কি:মি: পাইপ লাইন ক্রয় করার ফলে এ অংগে প্রয়োজনের তুলনায় বেশী অর্থ ব্যয় হয়েছে। পরবর্তীতে পাইপ লাইনের রুট/এলাইনমেন্ট নতুন করে চূড়ান্ত করার পর প্রকল্পের আওতায় ৫৭ কিলোমিটার পাইপলাইনের প্রয়োজন হয়।	৩.১৪ প্রকল্পের সাশ্রয়কৃত পাইপলাইন ভবিষ্যতে কেজিডিসিএল এর কোন প্রকল্পে/কাজে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে হবে।
৩.১৫ প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের নিয়ম থাকলেও কেজিডিসিএল অংশের ২০১২-১৩ অর্থ বছরে অব্যয়িত ১,৪৪,৪৯,৬১৬/=(এক কোটি চুয়াল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত ষোল টাকা) জমা প্রদান না করে কেজিডিসিএল এর একাউন্টে রাখা হয়েছে। অডিট প্রতিবেদনেও বিষয়টি উল্লেখ করা হয়েছে।	৩.১৫ কেজিডিসিএল এর একাউন্টে জমাকৃত প্রকল্পের কেজিডিসিএল এর অংশের ২০১২-১৩ অর্থ বছরের অব্যয়িত ১,৪৪,৪৯,৬১৬/=(এক কোটি চুয়াল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত ষোল টাকা) অর্জিত সুদ সহ সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য কেজিডিসিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা বিষয়টি মনিটরিং করবে।
৩.১৬ প্রকল্পের আরডিপিপি'র অনুমোদন প্রক্রিয়ায় এবং প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব হয়েছে।	৩.১৬ ভবিষ্যতে কোন প্রকল্পের ডিপিপি, আরডিপিপি'র অনুমোদন প্রক্রিয়া যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যে প্রক্রিয়াকরণ এবং প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা চূড়ান্তকরণে ও প্রকল্প পরিচালক নিয়োগে অহেতুক বিলম্ব পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলের আরো সচেষ্ট হওয়া প্রয়োজন।

টিএ প্রজেক্ট ফর ইনস্টিটিউশনাল ডেভলপমেন্ট অব বাংলাদেশ এনার্জি

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত ঃ ডিসেম্বর, ২০১২ খ্রিঃ)

০১। প্রকল্পের নাম : টিএ প্রজেক্ট ফর ইনস্টিটিউশনাল ডেভলপমেন্ট অব বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

০২। উদ্যোগী মন্ত্রণালয়বিভা/গ : বিদ্যুৎ ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় /জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

০৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি)

০৪। প্রকল্পের এলাকা : কারওয়ান বাজার, ঢাকা।

০৫।**প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ**

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়(মোট টাকাজিওবি : প্রকল্প সাহায্যআন্তর্জাতিক : (আইডিএ) উন্নয়ন সংস্থা		প্রকৃত ব্যয়লক্ষ) (টাকায় মোট টাকা জিওবি: প্রকল্প সাহায্য : আইডিএ	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় মূল প্রাক্কলিত) (% ব্যয়ের মোট টাকা গ্যাস) উন্নয়নতহবিল(	অতিক্রান্ত সময় মূল বাস্তবায়ন) (% কালের
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১০৬২.১৫ ১৬৬.৩৬ ৮৯৫.৭৯	৮৩৫.৬২ ১১০.৮৪ ৭২৪.৭৮	৭৬৪.৮৩ ১০০.৮৪ ৬৬৩.৯৯	সেপ্টেম্বর ২০০৮-জুন ২০১১	সেপ্টেম্বর ২০০৮-ডিসেম্বর ২০১২	সেপ্টেম্বর ২০০৮-ডিসেম্বর ২০১২	-	১ বছর ৬ মাস (%৫৪.৫৪)

০৬। **প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত সংশোধিত টিপিপি অনুযায়ী (আরটিপিপি) অংগ/কাজ	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	রাজস্ব অংগ				
১	ভ্রমণ ব্যয়	থোক	৪.৫০		০.২৫
২	ওভারটাইম ভাতা	থোক	১০.০০		-
৩	পোস্টেজ ব্যয়	থোক	০৫৪.		০.৩১
৪	টেলিফোন চার্জ	থোক	৪৩২.		-
৫	ফ্যাক্সইন্টারনেট চার্জ/	থোক	৫৪.		১.৮৬
৬	গ্যাস ও ফুয়েল	লট	১০০০.		৯.৬৩
৭	পেট্রোল ও লুব্রিকেন্ট	লট	১০০০.		৩.৪৩
৮	বীমাব্যাংক চার্জ/		২.১০		৫.৫৯
৯	প্রিন্টিং এন্ড পাবলিশিং	লট	৫.৪		০.১০
১০	স্টেশনারীজসীল ও স্ট্যাম্পস্,	লট	৯০০.		০.৫৬
১১	বুকস্ ও পিরিওডিকালস্	লট	১৬.০০		৭.৬৮
১২	প্রোমোশন বিজ্ঞাপন	থোক	৮.৪০		৩.৩৯
১৩	প্রশিক্ষণ ব্যয়	থোক	১৭৯.১৬		১৭৫.৬৮
১৪	সেমিনার ও ওয়ার্কশপ	থোক	৩৬.০০		২৬.৪৮
১৫	আপ্যায়ন ব্যয়	থোক	৩.৬০		০.১০
১৬	পরামর্শক সেবা	এসএম	৪৪৭.৯০		৩৯৬.৯২
১৭	লিগ্যাল খরচ	থোক	৬.০০		০.১০
১৮	সম্মানী বাবদ ব্যয়	থোক	১০.০০		৬.১৪

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত সংশোধিত টিপিপি অনুযায়ী (আরটিপিপি) অংগ/কাজ	আরটিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	রাজস্ব অংগ				
১৯	ফটোকপি ব্যয়	থোক	৪.৪৫		০.২৪
২০	কম্পিউটার সামগ্রী	লট	৬.৪৫		৫.৬৪
২১	অডিট ফি	লট	১.৫০		০.৮০
২২	অন্যান্য খরচ	থোক	১০.০০		৫.৪৬
২৩	রক্ষণাবেক্ষণ				
	গাড়ী	থোক	৬.০০		৫.৮৮
	ফার্ণিচার এন্ড ফিক্সচার	থোক	২.৫০		০.২৫
	কম্পিউটার ও অফিস সামগ্রী	থোক	৪.০০		২.৪২
	ইনস্ট্রুমেন্টস্ ও অন্যান্য	থোক	৩.০০		১.৩৬
	উপমোট: রাজস্ব		**৮১০.২২**		**৬৬০.২৭**
	মূলধন অংগ				
২৪	গাড়ী	৪টি	১২৬.৬৯	৪টি	১০৯.১৭
২৫	ভিডিও ও স্টীল ক্যামেরা	থোক	২.৩৩		
২৬	এয়ার কুলার	১৫টি	১৮.৬৫	১৫টি	১১.০১
২৭	কম্পিউটার/প্রিন্টার/সার্ভার	লট	৫২.৮৫		৩১.০৭
২৮	সফটওয়্যার	থোক	০.৭৮		২.৩৯
২৯	অফিস সামগ্রী	থোক	৪১.৫৮		১৯.৫০
৩০	ফার্ণিচার ও ফিক্সচার	থোক	১১.৬৬		
৩১	টেলিফোন এ পিএবিএক্স সার্ভার		১.৪০		২.২১
	উপমোট: মূলধন		২৫৫.৯৪		১৭৫.৩৫
	মোট: রাজস্ব+মূলধন		**১০৬৬.১৬**		**৮৩৫.৬২**

সূত্র,জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ : পেট্রোবাংলা ও বাপেক্স কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

০৭। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

০৭ ।১.**পটভূমি:**

“Bangladesh Energy Regulatory Commission Act, 2003” এর আওতায় এপ্রিল ২০০৪ থেকে বিইআরসি কার্যকর হয়েছে। জ্বালানী খাতে ভোক্তা ও বিনিয়োগকারীর স্বার্থ রক্ষা এবং এ খাতে সরকারি ও দেশী/বিদেশী বেসরকারি বিনিয়োগকারীর জন্য একটি ভারসাম্যপূর্ণ ক্ষেত্র তৈরীই মূলত: বিইআরসি’র উদ্দেশ্য। এ উদ্দেশ্য অর্জনে জ্বালানী খাতে ট্যারিফ নির্ধারণ, পরিবীক্ষণ, বিদ্যুৎ উৎপাদন/সঞ্চালন /]বন্টন, গ্যাস সঞ্চালন/বন্টন/বিপণন ইত্যাদি কাজে লাইসেন্স প্রদান, জ্বালানী খাতে প্রয়োজনীয় রুলস্ ও রেগুলেশন প্রণয়ন, ভোক্তা এবং অন্যান্যদের মধ্যে জ্বালানী ইস্যু সম্পর্কিত বিরোধ মীমাংসা ইত্যাদি কাজ বিইআরসি’র আওতাধীন রয়েছে। জ্বালানী খাতে ট্যারিফ নিয়ন্ত্রণ, ভোক্তার স্বার্থ রক্ষা, প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টির মাধ্যমে বেসরকারি বিনিয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টি করা ইত্যাদি ধারণা বিদেশে পুরোনো হলেও বাংলাদেশে নতুন এবং চ্যালেঞ্জিং। এ প্রেক্ষাপটে বিইআরসি’র প্রাতিষ্ঠানিক ক্ষমতা বৃদ্ধির নিমিত্ত আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পের মূল টিপিপি মাননীয় অর্থ ও পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৮ অক্টোবর ২০০৮ তারিখে অনুমোদিত হয়েছে। সংশোধিত টিপিপি ৩১ ডিসেম্বর ২০১২ তারিখে অনুমোদিত হয়। উল্লেখ্য যে, আইডিএ-এর “Power Sector Development Technical Project (PSDTA)” প্রকল্পের (আইডিএ ক্রেডিট নং ৩৯১৩ বিডি ও অনুদান নং এইচ ০৯২ বিডি) আওতায় আইডিএ-এর সাথে বাংলাদেশ সরকারের অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়।

০৭ ।২.**উদ্দেশ্যঃ**

(ক) এনার্জি সেক্টর দক্ষতার সাথে পরিচালনা করার লক্ষ্যে বিইআরসি এর রেগুলেটরী ক্যাপাসিটি বৃদ্ধি করা;
(খ) এনার্জি রেগুলেশন অধিক্ষেত্রের স্ট্যান্ডার্ড (বাণিজ্যিক, কারিগরি ও লিগ্যাল) উন্নীত করা;
(গ) বিইআরসি এর ব্যবস্থাপনাগত দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিকল্পে বিইআরসি এ লোকাল নেটওয়ার্ক সহ কম্পিউটারাজাইড সিস্টেম স্থাপন করা;

(ঘ) বিইআরসি এর সংশ্লিষ্ট অফিসিয়ালদের বিভিন্ন রেগুলেটরী ইস্যুর ওপর প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন করা;

(ঙ) বিইআরসি এর সংশ্লিষ্ট অফিসিয়ালদের পেট্রোলিয়াম, বিদ্যুৎ ও গ্যাস সেক্টরের সিস্টেম ডিজাইন, পরিকল্পনা এবং অপারেশন ও মেইনটিন্যান্স সম্পর্কে ধারণা প্রদান লক্ষ্যে কর্মসূচি চালু করা।

০৭.৩। **প্রকল্পের কার্যক্রম:**

(ক) এনার্জি রেগুলেশনে সক্ষমতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত বিষয়ে পরামর্শক সেবা (দেশী ও বৈদেশিক) গ্রহণ:

- বিভিন্ন রেগুলেশন ও মেথোডলজী প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়নে সহায়তা;
- ট্যারিফ ম্যানেজমেন্ট;
- ট্যারিফ রেগুলেশন ও মেথোডলোজী বিদ্যুৎ সেক্টরে (উৎপাদন, সঞ্চালন ও বিতরণ), গ্যাস সেক্টরে (সঞ্চালন ও বিতরণ) এবং পেট্রোলিয়াম সেক্টরে (স্টোরেজ, সরবরাহ, পরিবহন ও বিপণন/বিতরণ) বাস্তবায়ন করা;
- ট্যারিফের প্রয়োগ এবং ট্যারিফ ফাইলিং, রিভিউ ও অনুমোদনের ক্ষেত্রে বিইআরসি ও লাইসেন্স গ্রহণকারীদের সহায়তা প্রদান করা;
- এনার্জি প্রাইসিং ও এনার্জি সংস্কারের ওপর স্ট্রাটেজী প্রণয়ন ও প্রয়োগ করা;
- লাইসেন্সিং রেগুলেশনের জন প্রয়োজনীয় ম্যানুয়ালস্ ও গাইডলাইন প্রস্তুতিতে বিইআরসিকে সহায়তা করা;
- অফিস ব্যবস্থাপনা/পদ্ধতি, ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট সিস্টেম, কারিগরি ও আইনগত সহায়তা;
- রেগুলেশন, মেথোডলজি, ফরম ও ফরমেটের অনুবাদ সহায়তা;
- অন্যান্য সক্ষমতা বৃদ্ধি ও রেগুলেটরি সহায়তা।

(খ) নিম্নোক্ত বিষয়ে প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধি

- ট্যারিফ প্লানিং ও স্ট্রাকচারিং;
- উন্নত সেবা, পরিকল্পনা, মনিটরিং ও প্রায়োগিক ক্ষেত্রে রেগুলেশন;
- এডভান্সড ট্যারিফ ম্যানেজমেন্ট ও সাবসিডি ডিজাইন;
- ইউটিলিটি বেঞ্চমার্কিং ও পারফরমেন্স মনিটরিং;
- ডেটা সংগ্রহ, ডকুমেন্ট প্রস্তুতকরণ ও শুনানী;
- রেগুলেটরী ফ্রেমওয়ার্কের ই-গভর্ণনেন্স, যোগাযোগ কৌশল/জনসংযোগ,
- রেগুলেটরী ডেটা বেজ তৈরী করা এবং লাইসেন্সধারীদের বাধ্যবাধকতা/দায়বদ্ধতার ক্ষেত্রে প্রয়োগ/মনিটরিং;
- বিদেশে বিইআরসি এর সমজাতীয় প্রতিষ্ঠানে শিক্ষা সফর অনুষ্ঠান করা।

(গ) লজিস্টিক সাপোর্ট ও মালামাল সংগ্রহ:

বিইআরসি অফিসে কম্পিউটার, প্রিন্টার, লোকাল এরিয়া নেটওয়ার্ক, ইন্টারনেট সংযোগ স্থাপন করা। গাড়ী, এয়ারকুলার, ফটোকপিয়ার, প্রজেক্টর, ফ্যাক্স, টেলিভিশন, ফর্নিচার ইত্যাদি ক্রয় করা।

০৮। **প্রকল্প পরিদর্শন :** প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য গত ২৫ আগষ্ট ২০১৪ তারিখে আইএমইডিএর-শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক সাইফুল ইসলাম :জনাব মো (জ্বালানী) নিয়াজুল হক ও উপ পরিচালক :জনাব মো (শক্তি) কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ আবু ফারুক অর্থ ও ,পরিচালক) (বিইআরসি ,হিসাব উপস্থিত ছিলেন। জনাব ফারুক পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে ২৩ ফেব্রুয়ারি ২০১২ হতে প্রকল্প সমাপ্ত হওয়া পর্যন্ত দায়িত্ব পালন করেছেন। এর পূর্বে জনাব মোহাম্মদ বজলুর রহমান (পরিচালক, বিদ্যুৎ, বিইআরসি) ২১ অক্টোবর ২০০৮ থেকে ২২ ফেব্রুয়ারি ২০১২ পর্যন্ত পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

০৯। **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

আরটিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
বিইআরসি এর রেগুলেটরী ক্যাপাসিটি বৃদ্ধি করার মাধ্যমে এনার্জি সেক্টর দক্ষতার সাথে পরিচালনা করা;	এনার্জি সেক্টরে রেগুলেটরী ক্যাপাসিটি বৃদ্ধির লক্ষ্যে বিদ্যুৎ (সঞ্চালন, পরিবহন ও বিতরণ), গ্যাস বিতরণ ও পেট্রোলিয়াম প্রোডাক্ট (রিটেইল, পরিবহন, স্টোরেজ ও বিপণন) এর ট্যারিফ সংক্রান্ত রেগুলেশন প্রস্তুত করা হয়েছে।তবে বিআররিসি'র বিজনেস প্লান, বিদ্যুৎ ট্যারিফ এবং গ্যাস ও পেট্রোলিয়াম ট্যারিফ প্রয়োগ বিষয়ে রেগুলেশন প্রণীত না হওয়ায়, ম্যানেজমেন্ট সফট্ওয়্যার,

	মানব সম্পদ উন্নয়ন সফট্ওয়্যার ও একাউন্টিং সফট্ওয়্যার সংগৃহিত না হওয়ায় এনার্জি সেক্টর দক্ষতার সাথে পরিচালনা করার জন্য বিইআরসি এর ক্যাপাসিটি পুরোপুরি অর্জিত হয়নি।
এনার্জি রেগুলেশন অধিক্ষেত্রের স্ট্যান্ডার্ড(বাণিজ্যিক,কারিগরি ও লিগ্যাল ক্ষেত্রে) বৃদ্ধি করা;	বিদ্যুৎ গ্রীড কোড, সিএনজি রিফুয়েলিং কোড ও স্ট্যান্ডার্ড রেগুলেশন প্রস্তুত করা হয়েছে।
বিইআরসি এর ব্যবস্থাপনা দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধিকল্পে বিইআরসি এ কম্পিউটারাজাইড সিস্টেম (লোকাল এরিয়া নেটওয়ার্ক সহ) স্থাপন করা;	লোকাল এরিয়া নেটওয়ার্ক সহ কম্পিউটারাজাইড সিস্টেম স্থাপন করা হয়েছে।
বিইআরসি এর সংশ্লিষ্ট অফিসিয়ালদের প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন করা;	প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
বিইআরসি এর সংশ্লিষ্ট অফিসিয়ালদের পেট্রোলিয়াম, বিদ্যুৎ ও গ্যাস সেক্টরের সিস্টেম ডিজাইন, পরিকল্পনা, অপারেশন ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে ধারণা প্রদানের জন্য কর্মসচি চালু করা।	প্রয়োজনীয় ইলেকট্রনিক ও ম্যানুয়াল ডকেট সিস্টেম চালু করা হয়নি।

১০। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ বাস্তবায়নের বিবরণঃ

১০ ।১.পরামর্শক সেবা:
প্রকল্পের আওতায় স্থানীয় পরামর্শকের সহায়তায় নিম্নোক্ত রেগুলেশনগুলো প্রস্তুত করা হয়েছে:

(ক) বিইআরসি বিদ্যুৎ উৎপাদন ট্যারিফ রেগুলেশন ২০০৮
(খ) বিইআরসি গ্যাস বিতরণ ট্যারিফ রেগুলেশন ২০১০
(গ) বিইআরসি গ্যাস পরিবহণ ট্যারিফ রেগুলেশন ২০১০
(ঘ) বিইআরসি বিদ্যুৎ সঞ্চালন, ট্যারিফ রেগুলেশন ২০১০
(ঙ) বিইআরসি বিদ্যুৎ বিতরণ ট্যারিফ রেগুলেশন ২০১০
(চ) বিইআরসি পেট্রোলিয়াম প্রোডাক্ট পরিবহণ ট্যারিফ রেগুলেশন ২০১১
(ছ)বিইআরসি পেট্রোলিয়াম প্রোডাক্ট রিটেইল ট্যারিফ রেগুলেশন ২০১১
(জ)বিইআরসিপেট্রোলিয়াম প্রোডাক্ট স্টোরেজ,বিপণন ও বিতরণ ট্যারিফ রেগুলেশন ২০১১
(ঝ) বিইআরসি সমন্বিত একাইন্টস্ সিস্টেম রেগুলেশন ২০১১
(ঞ) বিইআরসি বিদ্যুৎ গ্রীড কোড রেগুলেশন ২০১১
ট)বিইআরসি সিএনজি রিফুয়েলিং সিকিউরিটি কোড ও স্ট্যান্ডার্ড রেগুলেশন ২০১২
(ঠ) ডেভলপড বিদ্যুৎ গ্রীড কোড

১০.২। প্রশিক্ষণ:
প্রকল্পের আওতায় মূলত: বিআরইসি এর কর্মকর্তাদের বিভিন্ন বিষয়ে যেমন: রেজাল্ট বেজড ম্যানেজমেন্ট ইমপ্লিমেন্টেশন এন্ড পারফরমেন্স ইন্ডিকেটর, বিশ্বব্যাংক অর্থায়নপুষ্ট প্রকল্পের ব্যবস্থাপনা, ট্যারিফ রেট সেটিং এর ভিত্তি, অবকাঠামো ইউটিলিটি কার্যকরী রেগুলেশন, স্ট্রাটেজিক পরিকল্পনা, ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ ও কার্যকর বাজেটিং, অপারেশনাল ব্যয় নিয়ন্ত্রন, ইলেকট্রনিক গভর্ণনেন্স, দ্বিপাক্ষিক এনার্জি সহযোগিতা সংক্রান্ত বৈদেশিক প্রশিক্ষণ /ষ্টাডি ট্যুর এবং ই-গভর্ণনেন্স বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১১। পর্যবেক্ষণঃ

১১.১। আলোচ্য প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব ঘটেছে। মূল টিপিপি'র সংস্থান মোতাবেক বিইআরসি-এর রাজস্ব সেট আপ থেকে ১৬ জন কাউন্টার পার্ট স্টাফ প্রকল্পে নিয়োজিত করার সংস্থান ছিল। কিন্তু উক্ত জনবলের অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হওয়ার কাউন্টারপার্ট পারসোনাল নিয়োগে বিলম্ব হয়। জনবলের অনুমোদন পাওয়ার পরও উপযুক্ত প্রার্থীর অভাবে প্রয়োজনীয় সংখ্যক জনবল প্রকল্পের নিয়োজিত করা যায়নি। এছাড়া নিয়োগপ্রাপ্তদের প্রায় ৬০% প্রকল্প চলাকালীন সময়ে চাকুরী ছেড়ে দেয়। ফলে বাজেট তৈরী, দরপত্র আহবান, মুল্যায়ন, হিসাব পরিচালনা ও রক্ষণ, প্রতিবেদন তৈরী, উন্নয়ন সহয়োগী ও সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষার কাজে বিলম্ব তথা প্রকল্পের বাস্তবায়নে আঠারো মাস বিলম্ব হয়।

১১.২। প্রকল্পের আওতায় বিদ্যুৎ উৎপাদন ,সঞ্চালন ও বিতরণ ট্যারিফ রেগুলেশন ,গ্যাসের সঞ্চালন ও বিতরণ ট্যারিফ রেগুলেশনস ও পেট্রোলিয়াম প্রোডাক্টের রিটেইল ,স্টোরেজ ,বিপণনপ্রণয়ন করা বিতরণ ও পরিবহন ট্যারিফ রেগুলেশনস , হয়েছে। তবে প্রণীত রেগুলেশনগুলোর সবগুলো জারী করা হয়নি, অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে মর্মে প্রকল্প পরিচালকের নিকট হতে জানা যায়। রেগুলেশন ছাড়াও বিভিন্ন কোডস্ ও স্টান্ডার্ড প্রস্তুত ও উন্নয়ন করা হয়েছে। সকল ধরণের লাইসেন্সের

হিসাবের ইউনিফর্ম ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। প্রকল্পের আওতায় বিইআরসিএর কর্মকর্তাগণ দেশে বিদেশে বিভিন্ন রেগুলেটরী - বিষয়েরওপর প্রশিক্ষণ লাভ করেছেন। এর ফলে বিইআরসি এর কর্মকান্ডে-গতিশীলতা ও দক্ষতা সৃষ্টি হবে আশা করা যায়।

১১.৩। তবে প্রকল্পে অনুদানের অর্থের স্বল্পতার কারণে এবং প্রকল্পের গ্রান্ট ক্লোজিং তারিখ (৩১ ডিসেম্বর ২০১২) বৃদ্ধিতে বিশ্বব্যাংকের অসম্মতির কারণে মূল টিপিপিতে অন্তর্ভুক্ত পাঁচটি প্যাকেজ যেমন: 'বিইআরসি-এর বিজনেস প্লান প্রস্তুত করা', 'বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম ট্যারিফ প্রয়োগ বিষয়ে রিভিউ করা', 'ম্যানেজমেন্ট সফট্ওয়্যার, মানব সম্পদ উন্নয়ন সফট্ওয়্যার ও একাউন্টিং সফট্ওয়্যার সংগ্রহ ও স্থাপন' বাদ দিয়ে প্রকল্প সংশোধন করা হয়। এ কারণে এনার্জি সেক্টর দক্ষতার সাথে পরিচালনা করার জন্য বিইআরসি এর প্রয়োজনীয় দক্ষতা পুরোপুরি অর্জিত হয়নি। এ বিষয়টি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিইআরসি-এর প্রকল্প সমাপ্তি প্রতিবেদনেও (পিসিআর) প্রতিফলিত হয়েছে। উল্লেখ্য যে, মূল টিপিপি মোতাবেক বিদ্যুৎ, গ্যাস ও পেট্রোলিয়াম ট্যারিফ রিভিউ সংক্রান্ত ব্যক্তি পরামর্শক নিয়োগের প্রক্রিয়া শুরু করা হলে বিশ্বব্যাংক ব্যক্তি পরামর্শকের পরিবর্তে পরামর্শক ফার্ম নিয়োগের পরামর্শ প্রদান করে। সে মোতাবেক বিড ডকুমেন্ট প্রস্তুত ও মূল্যায়ন করা হয়। কিন্তু চূড়ান্ত পর্যায়ে বিশ্বব্যাংক এ প্যাকেজ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পর্যাপ্ত অনুদানের সংস্থান এ প্রকল্পে নেই বিধায় এটি এ প্রকল্পের অধীনে বাস্তবায়ন না করার পরামর্শ দেয় এবং একইসাথে প্রকল্পের গ্রান্ট ক্লোজিং তারিখ বৃদ্ধি করতেও অসম্মতি জ্ঞাপন করে। ফলে এ প্যাকেজ সহ বর্ণিত অপর চারটি প্যাকেজের বাস্তবায়ন করা যায়নি।

১১.৪। বাদ পড়া গুরুত্বপূর্ন ও প্রয়োজনীয় প্যাকেজসমূহ বিশ্বব্যাংকের অনুদানে বাস্তবায়নের জন্য বিইআরসিকে উদ্যোগ গ্রহণের জন্য ১৩ ডিসেম্বর ২০১২ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত বিভাগীয় বিশেষ প্রকল্প মূল্যায়ন কমিটি'র সভায় সুপারিশ গৃহীত হয়। বাদ পড়া প্যাকেজসমূহ বিশ্বব্যাংকের "Electrification and Renewable Energy Development" প্রকল্পের অন্তর্ভুক্ত করার জন্য বিশ্বব্যাংকের সাথে যোগাযোগ করা হয় কিন্তু সেটি সম্ভব হয়নি বলে প্রকল্প পরিচালক অবহিত করেন। বর্তমানে বিশ্বব্যাংকের অপর কোন প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে বলে পরিদর্শনে জানা যায়।

১২.০। সুপারিশ

১২.১। প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের জন্য প্রকল্পের জনবলের অনুমোদন যথাসম্ভব দ্রুত সময়ের মধ্যে নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্নক প্রচেষ্টা গ্রহণ করা আবশ্যক (অনুচ্ছেদ ১১.১)।

১২.২। প্রকল্পের আওতায় প্রণীত রেগুলেশনসমূহের মধ্যে যেগুলো জারী হয়নি সেগুলো অবিলম্বে জারী করা সহ রেগুলেশনসমূহের যথাযথ প্রয়োগের জন্য সংশ্লিষ্ট সকলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন (অনুচ্ছেদ ১১.২)।

১২.৩। প্রকল্প হতে বাদ পড়া গুরুত্বপূর্ন ও প্রয়োজনীয় প্যাকেজসমূহ বিশ্বব্যাংকের অনুদানে সত্বর বাস্তবায়নের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও বিইআরসি-কে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বিশ্বব্যাংকের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।

চাঁদপুর ১৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৩)

০১.	প্রকল্পের নাম	চাঁদপুর ১৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ
০২.	উদ্যোগী বিভাগ/ মন্ত্রণালয়	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ /বিদ্যুৎ ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
০৩.	প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা	বাখরাবাদ গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড (বিজিডিসিএল)
০৪.	প্রকল্প এলাকা	জেলা :উপজেলা ,কুমিল্লা :লাকসাম ও বড়ুরা জেলা: চাঁদপুর, উপজেলা-চাঁদপুর সদর, শাহরাস্তি, কচুয়া ও হাজিগঞ্জ

০৫প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ

প্রাক্কলিত ব্যয় (জিওবি) (লক্ষ টাকায়)		প্রকৃত ব্যয় লক্ষ) (টাকায়	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় মূল) প্রাক্কলিত (% ব্যয়ের	অতিক্রান্ত সময় মূল বাস্তবায়ন) (% কালের
মূল	সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
৭৭৯২.০০	৮৩১৯.০০ (ঋণ ৬০%, ইক্যুইটি৪০%)	৭৯৫১.৩৮	ডিসেম্বর ২০১০-জুন ২০১৩	ডিসেম্বর ২০১০-জুন ২০১৩	ডিসেম্বর ২০১০-জুন ২০১৩	১৫৯.৩৮ (২.০৪%)	-

* প্রকৃত ব্যয় মূল প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ১৫৯.৩৮ লক্ষ টাকা বেশী।

০৬. **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

০৬.১ **পটভূমি:**

১৯৮৫ সাল থেকে চাঁদপুরে একটি বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের পরিকল্পনা শুরু হয়। এ পরিপ্রেক্ষিতে তৎকালীন বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেড বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (পিডিবি) এর প্রস্তাবিত ৮০ মেগাওয়াট (মে:ও:) ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্রের জন্য বাখরাবাদ- চট্টগ্রাম ২৪ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইনের বিজরা পয়েন্ট অফটেক হতে চাঁদপুর পর্যন্ত ৮ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন পাইপলাইন স্থাপন করে।

পরবর্তীতে বিদ্যুৎ বিভাগ কর্তৃক চাঁদপুরে গ্যাস ভিত্তিক ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের উদ্যোগ নেয়া হয়। উক্ত বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে "চাঁদপুর ১৫০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ' প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়। প্রকল্পটির ওপর ৩১ অক্টোবর ২০০৫ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্য সিদ্ধান্তের মধ্যে "চাঁদপুর বিদ্যুৎ প্লান্টে গ্যাস সরবরাহ করার উদ্দেশ্যে প্রস্তাবিত প্রকল্পের বাস্তবায়ন কাল উক্ত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের বিষয় নিশ্চিত হওয়ার পর শুরু করতে হবে" মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। অত:পর প্রকল্পটি বাংলাদেশ সরকারের অর্থায়নে ৭৭৯২.০০ লক্ষ টাকা ব্যয়ে ও জুলাই ২০০৬ - জুন ২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য ১২ জুলাই ২০০৬ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক অনুমোদিত হয়।

উল্লেখ্য, প্রকল্পটি চাঁদপুরে ১৫০ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সাথে সরাসরি সম্পৃক্ত ও পরিপূরক। কিন্তু পিডিবি কর্তৃক উক্ত বিদ্যুৎ কেন্দ্র স্থাপনে অনিশ্চয়তায় প্রকল্পের কাজ শুরু করা যায়নি। একই কারণে গ্যাস পাইপলাইন স্থাপনের জন্য মালামালের আন্তর্জাতিক দরপত্র আহবান করা হলেও শেষ পর্যন্ত ক্রয় করা যায়নি। কিন্তু প্রকল্পের কোন ভৌত অগ্রগতি ছাড়া প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০০৯ অতিক্রান্ত হয়ে যায়। এছাড়া পেট্রোবাংলা গ্যাসের সংকট বিবেচনায় জানায় যে, ২০১২ সালের পূর্বে এ প্লান্টে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে না। এ পরিপ্রেক্ষিতে ১৭ আগষ্ট ২০০৯ তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগে পিডিবি ও পেট্রোবাংলা সমন্বয়ে অনুষ্ঠিত যৌথ সভায় ডুয়েল ফুয়েলে বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের সিদ্ধান্ত নেয়া হয়। উদ্ভূত পরিস্থিতিতে প্রকল্পের সংশোধিত ডিপিপি প্রস্তুত করা হয়। তবে ১১ জানুয়ারি ২০১১ তারিখে একনেক কর্তৃক সংশোধিত ডিপিপি'র পরিবর্তে নতুন প্রকল্প হিসেবে চাঁদপুরে ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ শিরোনামে প্রকল্পটি ডিসেম্বর ২০১০-জুন ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদন করা হয় এবং ২০০৬-২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গৃহীত প্রকল্প সমাপ্ত বলে ঘোষণা করা হয়। পরবর্তীতে প্রকল্পের একবার সংশোধন করা হয়। আমদানিতব্য পাইপলাইন মালামাল ও ক্যাথোডিক প্রটেকশন (সিপি) মালামালের ক্ষেত্রে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত দর মূল ডিপিপিতে এ খাতে সংস্থানকৃত অর্থের চেয়ে বেশী হওয়ায়, রোড কাটিং ক্ষতিপূরণ খাতে বেশী অর্থের প্রয়োজন হওয়ায়, কাস্টমস্ ডিউটি (সিডি)-ভ্যাট, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন, বীমা, ব্যাংক চার্জ , গাড়ী ইত্যাদি খাতে অতিরিক্ত অর্থের প্রয়োজন হওয়ার প্রকল্পের সংশোধন করা হয়।

০৬.২ **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে চাঁদপুরে স্থাপিতব্য (বর্তমানে স্থাপিত) ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা।

০৭. **প্রকল্পের মূল কার্যক্রম:**

ফেজ-১:

- চাঁদপুরে বিদ্যমান টাউন বর্ডারিং স্টেশন (টিবিএস) হতে চাঁদপুরে পিডিবি'র প্রস্তাবিত ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ কেন্দ্র (বর্তমানে স্থাপিত) পর্যন্ত ১৬ ইঞ্চি ব্যাসের (১৫০ **পাউন্ড/বর্গ** ইঞ্চি **ক্ষমতা সম্পন্ন**) ৫ কিলোমিটার (কি:মি:) গ্যাস বিতরণ পাইপলাইন নির্মাণ **করা**;
- চাঁদপুরে বিদ্যমান টিবিএস-এর সন্নিকটে বালুরমাঠে স্থাপিতব্য উক্ত বিদ্যুৎ কেন্দ্রের (বর্তমানে স্থাপিত) কাছে প্রতিদিন ৩৫ মিলিয়ন কিউবিক ফিট (এমএমসিএফ)ক্ষমতাসম্পন্ন একটি নতুন টাউন বর্ডারিং স্টেশন স্থাপন করা।

ফেজ-২:

- বাখরাবাদ- চট্টগ্রাম ২৪ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইনের বিজরা অফটেক পয়েন্ট হতে চাঁদপুরের স্থাপিতব্য একটি নতুন টিবিএস (বর্তমানে স্থাপিত) পর্যন্ত ১০ ইঞ্চি ব্যাসের (৭৫০ **পাউন্ড/বর্গ** ইঞ্চি **ক্ষমতাসম্পন্ন**) ৪৮ কি:মি: উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ করা।

০৮. **প্রকল্প পরিচালকঃ**

বিজিডিসিএল এর মহাব্যবস্থাপক জনাব এহসানুল হক পাটোওয়ারী পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে ০৮ নভেম্বর ২০১১ হতে প্রকল্পের সমাপ্তি পর্যন্ত দায়িত্ব পালন করেছেন।

০৯. **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের উপ-পরিচালক মো: সাইফুল ইসলাম কর্তৃক ০৭-০৮ মার্চ ২০১৫ তারিখে প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেছেন।

১০. **প্রকল্পের অংগ ভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি:**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্র: নং	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক (%)
রাজস্ব অংগ						
১	অন্যান্য কর	থোক		৩.০০		
২	বীমা ও ব্যাংক চার্জ	থোক		১০০.০০		১১২.৯৮(১১২.৯৮%)
৩	প্রশিক্ষণ	থোক		৩.০০		-
৪	রোড কাটিং ক্ষতিপূরণ	থোক		৩০০.০০		৩২৪.৮২(১০৮.২৭)
৫	পরামর্শক সেবা	থোক		২১.০০		-
৬	সার্ভে	থোক		৩.০০		
	মোট রাজস্ব			**৪৩০.০০**		**৪৩৭.৮০(১০১.৮১%)**
	মূলধন অংগ					
৭	যানবাহন	থোক	১টি	৬৫.০০		-
৮	লাইন ও কেজিং পাইপ মালামাল, ইকুইপমেন্ট সংগ্রহ	লাইনপাইপ (কি:মি:) ফিটিংস (থোক) টিবিএস	৫৩ থোক ০১টি	৪২২৩.০০	৫৩ থোক ০১ টি	৪৩৯০.৩৭(১০৩.৯৬%)
৯	কম্পিউটার সামগ্রী	থোক		২.৭৫		-
১০	অফিস সরঞ্জাম	থোক		২.৭৫		-
১১	ফার্নিচার	থোক		১.৫০		
১২	ভূমি অধিগ্রহণ/অধিযাচন	হেক্টর	৪.৭৫	৩৭০.০০	৩.৯২৫	৩৬৯.০১(৯৯.৭৩%)
১৩	পাইপলাইন নির্মাণ ও আনুষংগিক কাজ	কি:মি:	৫৩	১৪৭৪.০০	৫৩	১১৯৯.৫৫(৮১.৩৮%)
১৪	সিডি/ভ্যাট	থোক		১৬০০.০০		১৫৫৪.৬৫(৯৭.১৬%)
	মোট মূলধন			**৭৭৩৯.০০**		**৭৫১৩.৫৮(৯৭.০৮%)**
	ফিজিক্যাল কন্টিনজেন্সী			১৫০.০০		**-**
	মোট রাজস্ব+মূলধন			**৮৩১৯.০০**		**৭৯৫১.৩৮(৯৫.৫৮%)**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বিজিডিসিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)।

১১. বছরওয়ারী এডিপি/আরএডিপি বরাদ্দ ও ব্যয়

(আর্থিক পরিমাণ লক্ষ টাকায়)

অর্থ বছর	আরডিপিপিতে আর্থিক সংস্থান	এডিপি বরাদ্দ	আরএডিপিপি বরাদ্দ	অর্থ অবমুক্তি	ব্যয়
২০১০-১১	৭৫৪.২৪	১০০.০০	৮২৫.০০	৮২৫.০০	৭৫৪.২৪৩
২০১১-১২	৭৪৬৪.৭৭	১৭৮৬.০০	৩৭৮১.০০	৩৭৩৬.০০	৬৯৭৫.০১
২০১২-১৩	১০০.০০	২১০০.০০	৩২০০.০০	৩২০০.০০	২২২.১৩৮
মোট	**৮৩১৯.০০**	**৩৯৮৬.০০**	**৭৮০৬.০০**	**৭৭৬১.০০**	**৭৯৫১.৩৮**

১২. প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন বিবরণ:

১২.১ ভূমি অধিগ্রহণ:

চাঁদপুর ১৫০ মে:ও: বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের জন্য বাখরাবাদ- চট্টগ্রাম ২৪ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইনের বিজরা অফটেক, লাকসাম হতে চাঁদপুর টিবিএস পর্যন্ত ৪৮ কি:মি: গ্যাস সঞ্চালন পাইপলাইনের রাইট অব ওয়ে হিসেবে সড়ক ও জনপথ (সওজ) বিভাগের চাঁদপুর-কুমিল্লা সড়কের Borrow pit বরাবর ২৯ কি:মি:, বাংলাদেশ রেলওয়ের লাকসাম-চাঁদপুর রেলওয়ে বরাবর ১২.৫০ কি:মি: রেলভুমি এবং চাঁদপুর-কুমিল্লা জেলাধীন প্রায় ৬.৫০কি:মি: পাবলিক ভূমি ব্যবহার করা হয়েছে। চাঁদপুর ও কুমিল্লা জেলাধীন প্রায় ৬.৫০ কি:মি: রাইট অব ওয়ের জন্য চাঁদপুর জেলাধীন ৩.৬১ একর এবং কুমিল্লা জেলাধীন ৬.০৯৫ একর ভূমি মোট ৯.৭০৫ একর অর্থ্যাৎ ৩.৯২৫ হেক্টর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। ভুমি অধিগ্রহণের জন্য ৩৬৯.০১ লক্ষ টাকা এবং রোড কাটিং ক্ষতিপূরণ হিসেবে ৩২৪.৮২ লক্ষ টাকা পরিশোধ করা হয়েছে। রোড কাটিং ক্ষতিপূরণ অংগে আরডিপিপিতে সংস্থানের চেয়ে ৮.২৭% অধিক অর্থ ব্যয় করা হয়েছে। এ অর্থ বিজিডিসিএল এর নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হয়েছে।

১২.২ পাইপলাইন মালামাল সরবরাহ, ভালভ ও টিবিএস মালামাল সরবরাহ ও স্থাপন:

প্রকল্পের ফেজ-১ এ ১৬ ইঞ্চি ব্যাসের ৫ কি:মি: ৫L Gr.B পাইপলাইন, কোটিং ও র‍্যাপিং মেটিরিয়ালস্, টিবিএস ও ভালভ সরবরাহ ও স্থাপন, ফিটিংস, পিগ লাঞ্চার, রিসিভার সংগ্রহের জন্য আরডিপিপিতে ১৩৭৯.০০ লক্ষ টাকা এবং প্রকল্পের ফেজ-২ এ ১০ ইঞ্চি ব্যাসের ৪৮ কি:মি: API ৫L× ৫৬ লাইন পাইপ, ১৪ ইঞ্চি ব্যাসের কেজিং পাইপ ও সিপি মালামাল আমদানির জন্য ২৮৪৪.০০ লক্ষ টাকা অর্থ্যাৎ মোট ৪২২৩.০০ লক্ষ টাকার সংস্থান ছিল (আরডিপিপি পৃষ্ঠা নং ১৩) । মালামাল সমূহ সংগ্রহ এবং ভালভ ও টিবিএস স্থাপন করা হয়েছে। মোট খরচ হয়েছে ৪৩৯০.৩৭ লক্ষ টাকা যা বর্ণিত অংগসমূহের জন্য আরডিপিপিতে মোট সংস্থানের চেয়ে ৩.৯৭% অধিক। এ অতিরিক্ত অর্থ বিজিডিসিএল এর নিজস্ব তহবিল থেকে ব্যয় করা হয়েছে।

১২.৩ পাইপলাইন নির্মাণ:

বিদ্যমান টিবিএস হতে পিডিবি'র বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ১৬ ব্যাসের (১৫০ পাউন্ড/বর্গ ইঞ্চি ক্ষমতাসম্পন্ন) ৫ কি:মি: পাইপলাইনের নির্মাণ কাজ ১৪ জানুয়ারি ২০১২ তারিখে সম্পন্ন করা হয়। নতুন টিবিএস এর স্থাপন ৩১ মে ২০১২ তারিখে সম্পন্ন করা হয়। ১০ ইঞ্চি ব্যাসের ৪৮ কি:মি: পাইপলাইন নির্মাণের কাজ দু'টি সেকশনে সমাপ্ত করা হয়। ১ম সেকশনে বিজরা অফটেক, লাকসাম হতে এনায়েতপুর মৌজা, হাজিগঞ্জ পর্যন্ত ২৪ কি:মি: উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন নির্মাণ এবং ২য় সেকশনে এনায়েতপুর মৌজা থেকে চাঁদপুর টিবিএস পর্যন্ত ২৪ কি:মি: উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন (নদী ক্রসিং পাইপলাইন সহ) নির্মাণ করা হয়। প্রথম সেকশনে বিজরা অপটেক পয়েন্টে হট ট্যাপিং এর মাধ্যমে ১০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন সংযুক্ত করা হয়। ৫৩ কি:মি পাইপলাইন (সিপি ওয়ার্ক ও অপারেটর রুমসহ) নির্মাণের জন্য আরডিপিপিতে মোট ১৪৭৪.০০ লক্ষ টাকা সংস্থানের (আরডিপিপি পৃষ্ঠা নং ১৪) বিপরীতে মোট খরচ হয়েছে ১১৯৯.৫৫ লক্ষ টাকা।

১২.৪ <u>প্রকল্পের প্রধান প্রধান প্যাকেজের প্রকিওরমেন্টের সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:</u>

(লক্ষ টাকায়)

প্রকিওরমেন্টের বর্ণনা (বিড ডকুমেন্ট মোতাবেক পণ্য,কাজ/ সেবা)	টেন্ডার /বীড (লক্ষ টাকায়)		টেন্ডার /বীড		নির্বাচিত ঠিকাদারী/পরামর্শক প্রতিষ্ঠানের নাম	কাজ, সেবা/পণ্য সরবরাহের তারিখ	
	আরডিপিপি মূল্য	চুক্তি মূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/ এলসি খোলার তারিখ		চুক্তি মোতাবেক	প্রকৃত
১৬ ইঞ্চি ব্যাসের ৫ L Gr.B পাইপলাইন ও ২০ ইঞ্চি ব্যাসের কেজিং পাইপ	৪৩৬.৫০	৪০৮.০০	২৩-৯-২০১০	১-৩-২০১১	Shanxi Guoalion Pipe Industry Ltd.China	৩১-৭-২০১১	৯-৮-২০১১
১০ ইঞ্চি ব্যাসের API ৫L× ৫৬ পাইপ ও কেজিং পাইপ	২৭৪২.০০	২৬৭২.০০	৬-৪-২০১১	১৫-৯-২০১১	Ratnamoni Metal and Tubes Ltd, India	৩০-১২-২০১১	২২-০২-২০১২
কোটিং ও র‍্যাপিং মালামাল সরবরাহ	২৯৭.৫০	২৯৫.০০	১৫-৯-২০১০	১৪-২-২০১১	Friends Traders, Bangladesh	২৮-৬-২০১১	৩০-৫-২০১১
টিবিএস এর মালামাল সরবরাহ ফেব্রিকেশন, স্থাপন ও কমিশনিং	৪৫১.০০	৪৫০.০০	২৯-৯-২০১০	২০-৬-২০১১	Nirmal Industrial Controls Pvt Ltd, India	৮-০১-২০১২	৩১-৫-২০১২
বিভিন্ন সাইজের ভালভ সরবরাহ ও স্থাপন	৮০.০০	৭৯.০০	১৬.১০.২০১০	১৫.৩.২০১১	Friends Traders, Bangladesh	৩.৭.২০১১	৪.৬.২০১১
পাইপ ফিটিংস,পিগ লান্চার সরবরাহ	১১৪.০০	১১২.০০	১৭-১০-২০১০	১৫-৩-২০১১	Qingdao Spade Trading Co.China	৩০.৮.২০১১	০৭.০৭.২০১১
সিপি মালামাল সরবরাহ	১০২.০০	৯৫.০০	০৩.৮.২০১১	২৯.১১.২০১১	Qingadao Spade Trading Co.China	৩১.৩.২০১২	১৬.৩.২০১২
মোট মালামাল সরবরাহ	**৪২২৩.০০**	**৪১১১.০০**					
বিজরা অফটেক, লাকসাম হতে এনায়েতপুর মৌজা, হাজিগঞ্জ (সেকশন-এ) পর্যন্ত ২৪ কি:মি: উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন নির্মাণ	১৩৬৯.০০	৬৪৬.৯১	১৮-১০-২০১১	২৬-০১-২০১২	M/S Pipeliners Limited,Navana Tower, Floor-12, Block-E, 45, Gulshan, Circle-1,Dhaka-1212	২০-৭-২০১২	১৭-৬-২০১২
বিজরা অফটেক, লাকসাম হতে এনায়েতপুর মৌজা, হাজিগঞ্জ (সেকশন-বি) পর্যন্ত ২৪ কি:মি: উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইন নির্মাণ		৫২৯.৩৬	১৮-১০-২০১১	৩১-০১-২০১২	M/S Royal utilization Service(Pvt) Ltd,390/C,New DOHS, Mohakhali, Dhaka	১৫-৭-২০১২	৩১-৫-২০১২
চাঁদপুর টিবিএস হতে বালুরমাঠ পিডিবি'র বিদ্যুৎ কেন্দ্র পর্যন্ত ৪০৬.৪ এম এম ODI*১৫০ পিএসআইজি ক্ষমতাসম্পন্ন ৫ কি:মি: পাইপলাইন নির্মাণ	৫৮.০০	৫৭.৭৪	১২-২-২০১১	১৮-৫-২০১১	M/S Shahjahan Brothers, House-317/8/A, Road12, Khilgaon Tilpapara, Dhaka-1219	১৪-১২-২০১১	১৪-০১-২০১২

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বিজিডিসিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ও প্রকল্প পরিচালকের দেয়া তথ্য।



চাঁদপুরে বিদ্যুৎ কেন্দ্র



পাইপলাইন নির্মাণ কাজ ও পাইপলাইন কোটিং ও র‍্যাপিং কাজ



পাইপলাইনের হট ট্যাপিং কাজ



বিজরা অফটেক পয়েন্টে ২৪ ইঞ্চি ব্যাসের উচ্চচাপ সম্পন্ন গ্যাস পাইপলাইনের সংযোগ (হুক আপ)



রিভার ক্রসিং পাইপলাইনের আরসিসি কোটিং



পাইপলাইনের ওয়েল্ডিং কাজ



নির্মিত নতুন টিবিএস

১৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে চাঁদপুরে ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা।	চাঁদপুরে ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহের লক্ষ্যে ১০ ইঞ্চি ব্যাসের ৪৮ কি:মি: গ্যাস সঞ্চালন এবং ১৬ ইঞ্চি ব্যাসের ৫ কি:মি: গ্যাস বিতরণ পাইপলাইন, টিবিএস, ভালভ স্টেশন ও গ্যাস সরবরাহের জন্য আনুষংগিক অবকাঠামো স্থাপন করা হয়েছে। এর ফলে বর্ণিত তাপ বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা সম্ভব হয়েছে।

১৪. <u>পর্যবেক্ষণঃ</u>

১৪.১ <u>বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ:</u>

আলোচ্য প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে চাঁদপুরে ১৫০ মে:ও: ক্ষমতাসম্পন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্রে যথাসময়ে গ্যাস সরবরাহ করা সম্ভব হয়েছে। প্রকল্পের ১ম ফেজে ১৬ ইঞ্চি ব্যাসের পাইপলাইন স্থাপনের পর চাঁদপুরে বিদ্যমান টিবিএস এর মাধ্যমে গ্যাস সরবরাহ করে বিদ্যুৎ কেন্দ্রটি চালু করা হয়। পরবর্তীতে ২য় ফেজে ৪৮ কি:মি পাইপলাইন নির্মাণের পর নতুন টিবিএস এর মাধ্যমে বিদ্যুৎ প্লান্টে পুরোদমে গ্যাস সরবরাহ বৃদ্ধি করা হয়। প্রাথমিক পর্যায়ে বিদ্যুৎ প্লান্টে গ্যাস সরবরাহের পরিমাণ আরডিপিপিতে প্রক্ষেপিত লক্ষ্যমাত্রার (প্রতিদিন ২৫ এমএমসিএফ) চেয়ে কম হলেও পরবর্তীতে তা পর্যায়ক্রমে বৃদ্ধি পায় এবং জুলাই ২০১২ এ গ্যাস সরবরাহ আরডিপিপি লক্ষ্যমাত্রা অতিক্রম করে। ২০১২-১৩ বছরে প্রতিদিনের গড় গ্যাস সরবরাহের পরিমাণ সবোর্চ্চ ২৯.৫০ এমএমসিএডি ও সর্বনিম্ন ১৪.৯৭ এমএমসিএডি এর মধ্যে থাকে। প্লান্ট রক্ষণাবেক্ষণের কারণে ডিসেম্বর ১৩ ও ফেব্রয়ারি ১৪ এ বিদ্যুৎ কেন্দ্রে কোন গ্যাস সরবরাহ করা হয়নি। ২০১৪ সালে শুধুমাত্র নভেম্বর মাস ছাড়া অন্য সকল মাসে প্রতিদিন গ্যাস সরবরাহের পরিমাণ ২১.৯৫ - ২৮.২২ এমএমসিএডি এর মধ্যে সীমাবদ্ধ থাকে। ২০১৪-১৫ বছরে প্রথম তিন মাসে প্রতিদিন গড় সরবরাহ ২৭.৩৭ - ২৭.৮৫ এমএমসিএডি এর মধ্যে ছিল। তবে অক্টোবর ২০১৪-মার্চ ২০১৫ পর্যন্ত হতে বিদ্যুৎ কেন্দ্রে কোন গ্যাস সরবরাহ করা হয়নি। গ্যাসের ক্রমবর্ধমান চাহিদা ও সংকটের কারণে চট্টগ্রামে সার উৎপাদন কোম্পানি সমূহে অগ্রাধিকার ভিত্তিতে গ্যাস সরবরাহ করা হয়। গ্যাসের উৎপাদন বৃদ্ধি না পেলে আগামী বছর সমূহেও বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ বিঘ্নিত হতে পারে। উল্লেখ্য যে, বিদ্যুৎ প্লান্টে ২০ বছর নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের ভিত্তিতে আলোচ্য পাইপলাইন প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক লাভ ক্ষতি হিসাব করা হয়েছে। নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ না করা গেলে পাইপলাইন প্রকল্পের Benefit Cost ratio ও Internal Rate of Return সূচকের তথা প্রকল্পের sustainability এর ওপর নেতিবাচক প্রভাব পড়বে। সুতরাং যতদিন বিদ্যুৎ কেন্দ্রে গ্যাস সরবরাহ করা সম্ভব হবে ততদিন এ প্রকল্পের স্থায়িত্ব থাকবে।

১৪.২ <u>টেকনোলজি ট্রান্সফার:</u>

প্রকল্পের আওতায় বাখরাবাদ-চট্টগ্রাম ২৪ ইঞ্চি ব্যাসের উচ্চচাপসম্পন্ন পাইপলাইনের বিজরা অফটেক পয়েন্টে হট ট্যাপিং এর মাধ্যমে বিজরা -চাঁদপুর ১০ ইঞ্চি ব্যাসের পাইপলাইন সংযুক্ত (হক আপ) করা হয়। এ জাতীয় কাজের জন্য দক্ষ জনবল, প্রযুক্তি ও প্রয়োজনীয় যন্ত্রপাতি দেশে নেই। হুক আপ অপারেশনে বিজিডিসিএল এর পরিকল্পনা, অপারেশন ও মার্কেটিং বিভাগের জনবল অংশগ্রহণ করেন। এর ফলে এ ফিল্ডে জ্ঞান ও অভিজ্ঞতা লাভের সুযোগ হয় যা বিজিডিসিএল প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হয়েছে।

১৪.৩ কতিপয় অংগে অতিরিক্ত ব্যয়:

প্রকল্পের 'বীমা ও ব্যাংক চার্জ', 'রোড কাটিং ক্ষতিপূরণ', 'লাইন ও কেজিং পাইপ মালামাল, ইকুইপমেন্ট সংগ্রহ' খাতে অননুমোদিতভাবে আরডিপিপি'র সংস্থান অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করা হয়েছে (অনুচ্ছেদ ১০)। এ অতিরিক্ত অর্থ আরডিপিপি'র সংস্থানের বাইরে বিজিডিসিএল এর নিজস্ব তহবিল হতে নির্বাহ করা হয়েছে। প্রকল্প পরিচালকের দেয়া তথ্য মোতাবেক পাইপলাইন নির্মাণের কাজ শুরু করার মুহূর্তে (মার্চ ২০১২) সওজ বিভাগ সংশোধিত প্রাক্কলন মোতাবেক রাস্তা কর্তনের ক্ষতিপূরণ দাবী করায় অতিরিক্ত অর্থ প্রদান করা হয়। আমদানিকৃত পাইপলাইন মালামালের মূল্য এলসির বিপরীতে বৈদেশিক মুদ্রায় পরিশোধের সময় মুদ্রার বিনিময় হার জনিত কারণে আমদানিকৃত মালামালের জন্য অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয়। একইভাবে মালামালের সিএফআরের বিপরীতে ডলারের মূল্য বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট ব্যাংক চার্জ, বীমা বাবদ আরডিপিপি'র সংস্থানের অতিরিক্ত অর্থ ব্যয় হয়। বর্ণিত আরডিপিপি'র সংস্থানের অতিরিক্ত খরচ প্রকল্পের সংশোধন কিংবা প্রকল্পের আন্ত:খাত সমন্বয়ের মাধ্যমে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করা সমীচীন ছিল।

১৪.৪ প্রকল্পে এডিপি/আরএডিপি অর্থ বরাদ্দ:

প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যেপ ,প্রকল্পের অনুকূলে এডিপিআরএডিপি/তে প্রয়োজন মোতাবেক বরাদ্দ না দেয়ায় এবং সময়মত বরাদ্দকৃত অর্থ অবমুক্ত না হওয়ার কারণে প্রকল্পের খরচ বিশেষ করে বৈদেশিক প্রকিওরমেন্টের খরচ নির্বাহে অসুবিধার সৃষ্টি হয় এবং কোম্পানির নিজস্ব তহবিল হতে ব্রীজ ফাইনান্সিং করতে হয় যা পরবর্তী বছরের এডিপিআরএডি/পি বরাদ্দের সাথে সমন্বয় করে নেয়া হয়। এর ফলে অনেক ক্ষেত্রে বছর শেষে প্রকৃত খরচ আরএডিপি বরাদ্দের চেয়ে বেশী হয়ে যায়। এছাড়া জিওবি ফান্ডের অভাবে ব্রীজ ফাইন্যান্সিং এর মাধ্যমে যদি খরচ নির্বাহ করা হয় তাহলে পরবর্তী বছরে এডিপিআরএডিপি বরাদ্দেও কিছু/ জটিলতা সুষ্টি হয়।

১৪.৫ অডিট সংক্রান্ত:

পিসিআর পর্যালোচনায় দেখা যায় পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের ২০১০-১১ ও ২০১২-১৩ অর্থ বছরে মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রকল্পের কোন অডিট সম্পাদিত হয়নি। ২০১১-১২ অর্থ বছরের সম্পাদিত অডিটে কিছু আপত্তি উত্থাপিত হয়েছে যা নিষ্পত্তি হয়নি।

১৪.৬ বিলম্বে পিসিআর প্রেরণ:

প্রকল্প ৩০ জুন ২০১৩ তারিখে সমাপ্ত হলেও ০১ মার্চ ২০১৫ তারিখে পিসিআর আইএমই বিভাগে পাওয়া যায়। ফলে আইএমই বিভাগ কর্তৃক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রনয়নে বিলম্ব ঘটে।

১৫. **সুপারিশ :**

১৫.১ দেশে ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা মেটানোর লক্ষ্যে প্রাকৃতিক গ্যাসের অনুসন্ধান কার্যক্রম জোরদার করা প্রয়োজন (অনুচ্ছেদ ১৪.১);

১৫.২ গ্যাস পাইপলাইন প্রকল্প গ্রহণ করার পূর্বে সার্ভে/সমীক্ষা কার্যক্রম প্রণয়নকালে অর্থনৈতিক ও কারিগরি বিশ্লেষণ সতর্কতার সংগে সম্পন্ন করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ ১৪.১);

১৫.৩ প্রকল্পের আওতায় স্থাপিত গ্যাস পাইপলাইন, মিটারিং স্টেশন ও আনুষংগিক কাঠামো বিজিডিসিএল দক্ষ জনবলের মাধ্যমে যথাযথভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে হবে;

১৫.৪ প্রকল্পের বীমা ও ব্যাংক চার্জ, রোড কাটিং কমপেনসেশন, লাইন ও কেজিং পাইপ মালামাল, ইকুইপমেন্ট সংগ্রহ খাতে আরডিপিপি'র সংস্থানের চেয়ে অতিরিক্ত অর্থ ব্যয় করার বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৪.৩);

১৫.৫ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ বাণিজ্যিক অডিট অধিদপ্তর, মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রকল্পের অডিট সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে এবং অডিট প্রতিবেদনে উত্থাপিত (প্রযোজ্য ক্ষেত্রে) সকল অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ;

১৫.৬ ভবিষ্যতে প্রকল্পের এডিপি/আরএডিপিতে প্রয়োজন মাফিক অর্থ বরাদ্দ প্রদান করতে হবে এবং বরাদ্দকৃত অর্থ যথাসময়ে অবমুক্তকরণ নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ১৪.৪);

১৫.৭ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ প্রকল্প সমাপ্তির ০৩(তিন) মাসের মধ্যে প্রকল্পের পিসিআর প্রেরণের বিষয়টি নিশ্চিত করবে;

১৫.৮ উপরি-উক্ত সুপারিশসমূহের (অনুচ্ছেদ ১৫.১- ১৫.৭) আলোকে গৃহীত ব্যবস্থাবলী সম্পর্কে আইএমইডি-কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ক্যাপাসিটি বিল্ডিংঅব বাপেক্স (সংশোধিত)

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৩)

০১। প্রকল্পের নাম : এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন ক্যাপাসিটি বিল্ডিংঅব বাপেক্স (সংশোধিত)

০২। উদ্যোগী মন্ত্রণালয়বিভাগ/ ,খনিজ সম্পদ বিভাগ জ্বালানী ও :বিদ্যুৎ ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

০৩। বাস্তবায়নকারী সংস্থা :বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স) ও
: কর্ণফুলী গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল)

০৪। প্রকল্পের এলাকা :বাপেক্স অংশ: উপজেলা- রমনা, জেলা- ঢাকা
কেজিডিসিএল অংশ: উপজেলা- বায়েজিদ,হাটহাজারী, পাঁচলাইশ ও চান্দগাঁও, জেলা- চট্টগ্রাম
উপজেলা-মানিকছড়ি ও ফটিকছড়ি, জেলা- খাগড়াছড়ি

০৫। প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়(		প্রকৃত ব্যয় লক্ষ) (টাকায় টাকাজাপান ঋণ : মওকুফ তহবিল	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় মূল প্রাক্কলিত) (% ব্যয়ের	অতিক্রান্ত সময় মূল) বাস্তবায়ন কালের (%
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
বাপেক্স অংশ : ২০০০০.০০ কেজিডিসিএল অংশ : ১৪০০০.০০ মোট: ৩৪০০০.০০	বাপেক্স অংশ : ২১৮০০.০০ কেজিডিসিএল অংশ : ১০৪৮০.০০ মোট:৩২২৮০.০০	বাপেক্স অংশ : ২০৮৩৯.১২ কেজিডিসিএল অংশ : ৯২৮০.৯০ মোট: ৩০১২০.০২ লক্ষ টাকা	জুলাই ২০০৮ - জুন ২০১১	জুলাই ২০০৮- জুন ২০১৩	জুলাই ২০০৮- জুন ২০১৩	*৯৮.৩৮৭৯(-) (%৪১.১১)	২ বছর (৬৬.৬৭ %)

*মূল প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ৩৮৭৯.৯৮ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে।

০৬। প্রকল্পে অর্থায়ন: জাপান ঋণ মওকুফ তহবিলের অর্থ

০৭। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

০৭.১। **প্রকল্পের পটভূমি:**

বাপেক্স তেল ও গ্যাস অনুসন্ধান ও উৎপাদনের কাজে নিয়োজিত একটি গুরুত্বপূর্ণ জাতীয় সংস্থা। এ ধরণের গুরুত্বপূর্ণ কাজ সম্পাদনের জন্য বাপেক্সের ভান্ডারে যে সকল যন্ত্রপাতি ছিল তা অপর্যাপ্ত ও অনেক পুরোনো বিধায় নতুন খননযোগ্য তেল ও গ্যাস ক্ষেত্রের অনুসন্ধান, সম্ভাবনাময় বন্ধ গ্যাস কূপের মেরামতপূর্বক গ্যাসের সরবরাহ বৃদ্ধি তথা জ্বালানীর অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রমে গতিশীলতা ও ব্যাপকতা আনয়নের লক্ষ্যে ১টি নতুন সাইসমিক ডেটা সংগ্রহ সিস্টেম, ১টি ওয়ার্কওভার রিগ এবং অনুসন্ধান সহায়ক যন্ত্রপাতি ক্রয়পূর্বক বাপেক্সের পুরোনো যন্ত্রপাতি প্রতিস্থাপন অত্যাবশ্যক হয়ে পড়ে। এছাড়া তেল ও গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম অধিকতর দক্ষতার সাথে সম্পাদনের নিমিত্ত বাপেক্সের সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদানেরও প্রয়োজনীয়তা দেখা দেয়।

অপরদিকে, পেট্রোবাংলার অপর একটি কোম্পানি তৎকালীন বাখরাবাদ গ্যাস সিস্টেমস লি: (বিজিএসএল)-এর অধীনস্থ এলাকায় (বর্তমানে কেজিডিসিএল এর অধিভুক্ত) দৈনিক ৩৫০ থেকে ৩৬০ মিলিয়ন ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে ২৬০ থেকে ২৭০ ঘনফুট গ্যাস সরবরাহ করা হতো যার ১৮% সাংগু গ্যাস ক্ষেত্র হতে এবং বাকী ৮২% জাতীয় গ্যাস গ্রীড থেকে পাওয়া যেত। এর মধ্যে বন্দরনগরী চট্টগ্রামে দৈনিক মোট গ্যাসের সরবরাহের পরিমাণ ছিল ২১০ থেকে ২২০ মিলিয়ন ঘনফুট যা দৈনিক মোট চাহিদার তুলনায় ৭০ থেকে ৮০ মিলিয়ন ঘনফুট কম। এমতাবস্থায়, চট্টগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি এবং একইসাথে বিদেশী তেল কোম্পানির ওপর নির্ভরতা হ্রাসের লক্ষ্যে সেমুতাং গ্যাস ক্ষেত্র হতে চট্টগ্রামের রিং মেইনে গ্যাস সরবরাহের উদ্দেশ্যে উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন গ্যাস পাইপলাইন নির্মাণের প্রয়োজন হয়। এছাড়া, গ্যাস সঞ্চালন ও বিতরণ কার্যক্রম আরো দক্ষতার সাথে সম্পাদনের জন্য এতদসংশ্লিস্ট জনবলের প্রশিক্ষণেরও প্রয়োজন হয়। এ পরিপ্রেক্ষিতে তেল ও গ্যাস অনুসন্ধানে বাপেক্সকে আধুনিক প্রযুক্তিনির্ভর কারিগরি দক্ষতাসম্পন্ন করে তোলা এবং গ্যাস সংকটাপন্ন বন্দরনগরী চট্টগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি অর্থাৎ সামগ্রিকভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে জ্বালানী খাতের অবদান বৃদ্ধি করার লক্ষ্যে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পের মূল ডিপিপি ০৩ ফেব্রুয়ারি ২০০৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। ০১ ডিসেম্বর ২০১১ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পের সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুমোদিত হয়।

০৭.২। **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

(ক) সাইসমিক ডেটা সংগ্রহ সিস্টেম, ওয়ার্কওভার রিগ ও এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট সংগ্রহের মাধ্যমে বাপেক্সের কারিগরি ক্ষমতা বৃদ্ধি করা এবং বাপেক্সের জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে বাপেক্সের তেল ও গ্যাস অনুসন্ধান ও উৎপাদনমূলক কর্মকান্ড শক্তিশালী করা; এবং
(খ) বাপেক্সের মালিকানাধীন সেমুতাং গ্যাস ক্ষেত্র হতে চট্টগ্রাম মেইন রিং পর্যন্ত ১০ ইঞ্চি ব্যসের ৬৫ কিলোমিটার (কি:মি:) উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন গ্যাস পাইপলাইন স্থাপনের মাধ্যমে চটগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি করা এবং কেজিডিসিএল-এর গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কর্মকান্ড শক্তিশালীকরণের লক্ষ্যে কেজিডিসিএল-এর জনবলকে প্রশিক্ষণ প্রদান করা।

০৮। প্রকল্প পরিচালকঃ

প্রকল্প পরিচালকের (পূর্ণকালীন) নাম ও পদবী	**দায়িত্ব পালনের মেয়াদ**
জনাব আনসার আলী, উপ-মহাব্যবস্থাপক, বাপেক্স	১৭ ফেব্রুয়ারি ২০০৯- ২৭ নভেম্বর ২০১১
জনাব শওকত ওসমান, উপ-মহাব্যবস্থাপক, বাপেক্স	২৮ নভেম্বর ২০১১ - প্রকল্পের সমাপ্তি পর্যন্ত
জনাব এহসানুল হক পাটোয়ারী, উপ-মহাব্যবস্থাপক,বিজিএসএল	জুন ২০০৯- নভেম্বর ২০১০
জনাব ধূর্জতি প্রসাদ দেব, উপ-মহাব্যবস্থাপক, কেজিডিসিএল	১৫ নভেম্বর ২০১০ -প্রকল্পের সমাপ্তি পর্যন্ত

০৯। **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের শিল্প ও শক্তি সেক্টরের উপ পরিচালক (জ্বালানী) মো: সাইফুল ইসলাম কর্তৃক গত ১১-১২ অক্টোবর ২০১৪ তারিখে চট্টগ্রামে কেজিডিসিএল অংশের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শন করা হয়। এছাড়া ১৬ অক্টোবর ২০১৪ তারিখে ঢাকায় বাপেক্স অংশের প্রকল্প অফিস ও ১৮ অক্টোবর ২০১৪ তারিখে বাখরাবাদে প্রকল্পের বাপেক্স অংশের কাজ সরেজমিনে পরিদর্শন পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় বাপেক্স ও কেজিডিসিএল অংশের প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তগণ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেছেন।

১০।প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি

(ক) বাপেক্স অংশ:

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নং	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
রাজস্ব অংগ						
১	দৈনিক ভাতা (ফিল্ড মেসিং)	থোক	-	১.০০		
২	যাতায়াত ভাতা	থোক	-	০.৫০		০.৪০
৩	অন্যান্য ভাতা	থোক	-	১.০০		-
৪	ভ্রমণ ব্যয়	থোক	-	২.০০		২.০০
৫	পোষ্টাল বিল	থোক	-	০.২৫		০.০৬
৬	টেলিফোন বিল	থোক	-	১.০০		০.৬০
৭	ফ্যাক্স/ইন্টারনেট ব্যয়	থোক		০.৫০		-
৮	পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেন্ট	থোক		৭.০০		৫.৮৮
৯	বীমা	থোক		৩০৪.০০		৩৫৩.৯৮
১০	ব্যাংক চার্জ	থোক		৭৪.০০		৫৭.৮২
১১	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক		৪.০০		৪.০০
১২	প্রশিক্ষণ ব্যয়	সংখ্যা	১০৫ জন	৫০০.০০		৩১৬.১৫
১৩	আপ্যায়ন ব্যয়	থোক		৩.০০		২.৫১
১৪	পরিবহন ব্যয়	থোক		৬০.০০		৫৪.১৩
১৫	ক্যাজুয়াল লেবার	থোক		৮.০০		৭.৯৯
১৬	মেডিকেল ব্যয়	থোক		০.৭৫		০.৫০

ক্রমিক নং	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১৭	সিকিউরিটি গার্ড	থোক		১.০০		০.৯৯
১৮	**অন্যান্য খরচ**					
	টেন্ডার নোটিশ পাবলিশিং/ মূল্যায়ন খরচ (সন্মানী)	থোক		১০.০০		১০.০০
	বাড়ী, গোডাউন, ইয়ার্ড ভাড়া	থোক		৫.০০		১.০০
১৯	**মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন**					
	গাড়ী (ভারী যানবাহন ও ক্রেন, ক্যাম্প স্টাবিলশমেন্ট, অন্যান্য রক্ষণবেক্ষণ, স্টার্টআপ, কমিশনিং)	থোক		১৪.০০		১৩.৭৭
	মেশিনারী ও ইকুইপমেন্ট	থোক		৬.০০		৫.৬৭
	মোট রাজস্ব:			**১০০৩.০০**		**৮৩৭.৫৬**
	মূলধন অংগ					
২০	যানবাহন (জিপ, পিক-আপ)	সংখ্যা	২	৫৩.০০	২	৫২.৭৯
২১	**মেশিনারী ও অন্যান্য ইকুইপমেন্ট (আমদানি)**					
	সাইসমিক ডেটা একুইজিশন সিস্টেম	সেট		২৭০৪.০০		২৭০৫.৩৯
	ওয়ার্কওভার রিগ এন্ড এক্সেসরিজ	লট		১০০০০.০০		৯৬২২.১০
	এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট এন্ড এক্সেসরিজ	লট		৬৮১০.০০		৬৫৬৬.৯৬
২২	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	সেট		৭.৭০		৭.৭০
২৩	অফিস যন্ত্রপাতি	থোক		৫.০০		৫.০০
২৪	ফার্নিচার	থোক		৫.০০		৪.৯৯
২৫	ইলেকট্রিকাল স্পেয়ার এন্ড ইকুইপমেন্ট	থোক		১০.৮৫		১০.৮৫
২৬	অন্যান্য (স্থানীয়ভাবে প্রস্তুতকৃত ইকুইপমেন্ট এন্ড স্পেয়ার)			১৯.৪৫		১৯.৪১
২৭	অগ্নি নির্বাপক যন্ত্র			৩.০০		৩.০০
২৮	উন্নয়ন আমদানি কর ও ভ্যাট	থোক		৯১০.০০		৮৮৮.৬৮
২৯	জেটি ও সিএন্ডএফ খরচ	থোক		২২৫.০০		৮০.৮৭
৩০	প্রি-শিপমেন্ট পরিদর্শন ফি	থোক		৪৪.০০		৩৩.৮১
	মোট মূলধন:			**২০৭৯৭.০০**		**২০০০১.৫৬**
	মোট: রাজস্ব+মূলধন			**২১৮০০.০০**		**২০৮৩৯.১২**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/এমপিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

(খ) **কেজিডিসিএল অংশ**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্র মিক নং	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
রাজস্ব অংগ						
১	ভ্রমণ ব্যয়	থোক		১৫.০০		১৪.৩৬
২	টেলিফোন বিল	থোক		২.০০		০.৬০
৩	ফ্যাক্স/ইন্টারনেট বিল	থোক		২.০০		০.৪৭
৪	বিদ্যুৎ	থোক		২.০০		০.০৪
৫	গ্যাস ও জ্বালানী	থোক		১৫.০০		৮.৫১
৬	বীমা	থোক		৪৫.০০		৩৩.১৯
৭	ব্যাংক চার্জ	থোক		১০.০০		৫.০৯
৮	স্টেশনারী, সীল ও স্ট্যাম্প	থোক		৫.০০		১.৭০
৯	প্রশিক্ষণ ব্যয়	সংখ্যা	১০২	৬৩০.০০		৪৭২.৬৮

ক্রমিক নং	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
			জন			
১০	আপ্যায়ন ব্যয়	থোক		৫.০০		২.৩৭
১১	ক্ষতিপূরণ	থোক		৩৯.০০		১৬.৮৯
১২	ক্যাজুয়াল লেবার	থোক		১০.০০		০.৫৫
১৩	কনসালটেন্সি	থোক		১০.০০		০.৫৫
১৪	সার্ভে	থোক		১.০০		০.০৬
১৫	কপি	থোক		৬.০০		২.৮৮
১৬	**অন্যান্য খরচ**					
	টেন্ডার নোটিশ পাবলিশিং/ মূল্যায়ন খরচ (সন্মানী)	থোক		৬.০০		৫.৮৬
	হাউজ, গোডাউন, ইয়ার্ড ভাড়া	থোক		৫.০০		৪.২০
২৫	**মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন**					
	অফিস সামগ্রী	থোক		১.০০		০.২০
	কম্পিউটার ও অফিস সামগ্রী	থোক		১.০০		০.১৬
	মেশিনারী ও ইকুইপমেন্ট	থোক		১.০০		০.৫৫
	অফিস ভবন	থোক		১.০০		০.৬১
	অন্যান্য মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক		১.০০		০.৮৩
	মোট :রাজস্ব			**৮১৩.০০**		**৫৭২.৩৫**
	মূলধন অংগ					
১৭	যানবাহন (জিপ, পিক-আপ)	সংখ্যা	২	৬৪.০০	২	৬৩.১১
১৮	পাইপ লাইন এন্ড কেজিং পাইপ (আমদানি)	কি:মি:	৬৫	৪৬০০.০০	৬৫	৪৪৫৭.৭৯
১৯	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	থোক		১০.০০		৩.১২
২০	অফিস ইকুইপমেন্ট	থোক		৫.০০		২.৭১
২১	অফিস সামগ্রী	থোক		৬.০০		৫.১৭
২২	ভূমি অধিগ্রহণ/অধিযাচন	হেক্টর	৬০	৬৫৬.০০	৫৬	৫৭৩.৭২
২৩	পাইপ লাইন নির্মাণ	কি:মি:	৬৫	২২০০.০০	৫৭	১৯৯০.৯৪
২৪	উন্নয়ন আমদানি ডিউটি/ ভ্যাট	থোক		২০০০.০০		১৫৬০.৬৭
২৫	ল্যান্ডিং চার্জ	থোক		১১৬.০০		৪৯.৮১
২৬	প্রি-শিপমেন্ট পরিদর্শন ফি	থোক		১০.০০		১.৫১
	মোট মূলধন			**৯৬৬৭.০০**		**৮৭০৮.৫৫**
	মোট: (রাজস্ব+মূলধন)			**১০৪৮০.০০**		**৯২৮০.৯০**
	সর্বমোট (বাপেক্স+কেজিডিসিএল)			**৩২২৮০.০০**		**৩০১২০.০২**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/এমপিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

১১। **প্রকল্পের প্রধান প্রধান অংগের বাস্তবায়ন বিবরণ:**

১১.১। **মেশিনারি ও অন্যান্য ইকুইপমেন্ট (আমদানি):**

বাপেক্স অংশ:-

মেশিনারী ও অন্যান্য ইকুইপমেন্ট (আমদানি):

সাইসমিক ডেটা একুইজিশন সিস্টেম আমদানির জন্য ২৯ জানুয়ারি ২০০৯ তারিখে দরপত্র আহবান করা হয়। এর মধ্যে ডেটা একুইজিশন ইনস্ট্রুমেন্ট, জিওফোন ক্রয়ের জন্য ২৭০৬.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে নির্বাচিত ঠিকাদারের সাথে ৩১ আগষ্ট ২০০৯ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি মোতাবেক যথাসময়ে মালামাল পাওয়া যায়। অপরদিকে কমিউনিকেশন ইকুইপমেন্ট, ড্রিলীং মেশিন সরবরাহের জন্য নির্বাচিত ঠিকাদারের ০৬ সেপ্টেম্বর ২০০৯ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি মোতাবেক যথাসময়ে মালামাল সরবরাহ করা হয়। ওয়ার্কওভার রিগ এক্সেসরিজ সংগ্রহের জন্য আরডিপিপিতে ১০০০০.০০ লক্ষ টাকার সংস্থান ছিল। নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি হয়েছে ৯৬২২.১০ লক্ষ টাকায়। ওয়ার্কওভার রিগ ও এক্সেসরিজ চুক্তি মোতাকে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করা হয়েছে। এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট সংগ্রহের জন্য আরডিপিপিতে সংস্থানকৃত ৬২০৩.০০

লক্ষ টাকার বিপরীতে নির্বাচিত ঠিকাদারের নিকট হতে ৫৯৮২.৫৭ লক্ষ টাকা চুক্তিমূল্যে উক্ত ইকুইপমেন্ট সমূহ সংগ্রহ করা হয়েছে। বাপেক্স অংশের প্রধান প্রধান প্যাকেজের প্রকিওরমেন্টের সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:

প্রকিওরমেন্টের বর্ণনা (বিড ডকুমেন্ট মোতাবেক পণ্য,কাজ/ সেবা)	টেন্ডার /বীড/ (লক্ষ টাকায়)		টেন্ডার /বীড		কাজ,সেবা/পণ্য সরবরাহের তারিখ	
	ডিপিপি	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি মোতাবেক	প্রকৃত
সাইসমিক ডেটা একুইজিশন সিস্টেম	২৭০৬.০০	২৭০৫.০০	২৯-১-২০০৯ (ডেটা একুইজিশন,জিওফোন, হাইড্রোফোন) ২৯-১-২০০৯ (কমিউনিকেশন ইকুইপমেন্ট,ড্রিলীং মেশিন)	৩১-৮-২০০৯ ০৬-৯-২০০৯	২৮-১-২০১০ ০৮-১-২০১০	২৫-১-২০১০ ০৮-১-২০১০
ওয়ার্কওভার রিগ ও এক্সেসরিজ	১০০০০.০০	৯৬২২.১০	১১-২-২০০৯(ওয়ার্কওভার রিগ)	১০-৬-২০১০	১৯-৭-২০১১	১৮-৭-২০১১
			১১-২-২০০৯(ড্রিল পাইপ)	২৩-১১-২০০৯	১৭-১০-২০১০	০৭-৮-২০১০
			১১-২-২০০৯(হ্যান্ডলিং টুলস)	২৩-১১-২০০৯	১৭-৮-২০১০	০৪-৮-২০১০
			১১-২-২০০৯(৫০ টন ক্রেন)	০৪-০২-২০১০	১১-৬-২০১০	২২-৬-২০১০
এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট ও এক্সেসরিজ	৮০০.০০	৭০৮.৮০	১৯-১-২০০৯ ১০-৫-২০১১ (কম্পিউটার অনলাইন মাড লগিং ইউনিট -২টি)	৫.১১.২০০৯ ১৮.৭.২০১২	৫.৪.২০১০ ১৮.১২.২০১২	২৫.৫.২০১০ ১.১.২০১৩
	৪১৮.০০	৪১৭.৬০	২৯-১-২০০৯ (ইন্টারপ্রিটেশন, এনালাইসিস ও বেসিন মডেলিং সফটওয়্যার ও হার্ডওয়্যার)	১৯-৪-২০১২	২০-৭-২০১২	০৪-৭-২০১২
	৩০০.০০	২৯১.৪০	১৯-৩-২০১০ (২০-২৫ টন ক্ষমতাসম্পন্ন ১টি পাইপ ক্যারিয়ার প্রাইম মোভার সহ, প্রাইম মোভার ট্রেইলার সহ ২টি, ১৫-২০ টন ক্ষমতাসম্পন্ন ০১ টি লং বডি ট্রাক)	২৮-৬-২০১০	২২-১১-২০১০	১৭-১-২০১১
	৬৬০.০০	৬৫৪.৪৮	১১-১১-২০০৯ ৮-৬-২০১১ (বিভিন্ন সাইজের ০৬ মাড মটর)	২৯-৬-২০১০ ২৯-১১-২০১১	২৯-৯-২০১০ ২৯-৪-২০১২	১৮-৮-২০১০ ২৬-৪-২০১২
	৩৫৭.০০	৩৫৬.০০	২৫.১.২০০৯ গ্লোবাল পজিশনিং সিস্টেম	১৫.৭.২০০৯	২৩.১২.২০০৯	২১.৯.২০০৯
	৮৭৩.০০	৮৭২.৮০	১৬-৫-২০১২ ল্যাবরেটরী ইকুইপমেন্ট	২৫-১০-২০১২	২৫-১-২০১৩	৭-১-২০১৩
	১৫০০.০০	১৪৬৭.০০	২২-৪-২০১০ ৪-৪-২০১২ (ডাউনহোল সার্ভে ইকুইপমেন্ট)	৬-১০-২০১০ ২৪-১২-২০১২	৬-৪-২০১১ ২৪-৬-২০১৩	২২-৪-২০১১ ১৩-৫-২০১৩

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/এমপিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

সাইসমিক ডেটা একুইজিশন যন্ত্রপাতি ২০১০ সালে কামতা (রুপগঞ্জ) ফিল্ডে ও ২০১১ সালে চট্টগ্রামের পটিয়াতে সাইসমিক সার্ভের সময় ব্যবহার করা হয়েছে। বর্তমানে ডেটা একুইজিশন সিস্টেম ইউনিটকে শেরপুরে দ্বি-মাত্রিক সাইসমিক সার্ভের কাজে নিয়োজিত করা হয়েছে। সংগৃহীত ওয়ার্কওভার রিগ ও এক্সেসরিজ (২টি ৫০ টন ক্রেন সহ) ২০১১ সালে সালদা ফিল্ডের ১ নং কুপের ও সম্প্রতি বাখরাবাদ ৫ নং কূপের ওয়ার্কওভারের কাজে ব্যবহৃত হয়েছে।



বাখরাবাদ ফিল্ডে ওয়ার্কওভার অপারেশন



সালদা ফিল্ডে ওয়ার্কওভার রিগের অপরেশন



হাইড্রোলিক ক্রেন



মাড পাম্প ইউনিট

পাইপ ক্যারিয়ার ২০১২-১৩ সালে সুনেত্র ফিল্ডে, ২০১২ সালে কাপাসিয়া ফিল্ডে এবং তিতাস ফিল্ডে ১৭ নং ও ২০১৩ সালে ১৮ নং কূপ খনন প্রকল্পে ব্যবহার করা হয়েছে। ট্রেইলার ২০১২-১৩ সালে তিতাস-১৭,১৮ কূপ খনন প্রকল্পে ব্যবহার করা হয়েছে। ট্রাক মাউন্টেড ক্রেন ২০১২-১৩ সালে তিতাস ১৭ ও ১৮ নং কূপ খনন প্রকল্পে এবং ২০১৪ সালে বাখরাবাদ ফিল্ডে ৫ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পে ব্যবহার করা হয়েছে। ডাইনহোল সার্ভে ইকুইপমেন্ট সালদা ৪ নং কূপে খনন প্রকল্পে ব্যবহার করা হবে। কম্পিউটার অনলাইন মাড লগিং ইউনিট ২০১৩ সালে ফেঞ্চুগঞ্জ-৫ নং কূপে ও সম্প্রতি রুপগঞ্জ ফিল্ডে কূপ খননের সময় ব্যবহার করা হয়েছে। বর্তমানে এ ইউনিট মোবারকপুরে ব্যবহার করা হচ্ছে। সংগৃহীত ০৫ টি মাড মটর ২০১২-১৩ সালে সুনেত্র ফিল্ডে এবং ২০১৪ সালে ফেঞ্চুগঞ্জ ফিল্ডে ব্যবহার করা হয়েছে। জেনারেটর ২০১২ সালে তিতাস-১৮ নং কূপ ২০১৩-১৪ সালে তিতাস ২৭ নং কূপ ও ২০১৪ সালে রুপগঞ্জ কূপ খননের সময় ব্যবহার করা হয়েছে। গ্লোবাল পজিশনিং সিস্টেম ২০১০ সালে কামতা (রুপগন্জ) ফিল্ডে ও ২০১১ সালে চট্টগ্রামের পটিয়াতে সাইসমিক সার্ভের সময় ব্যবহার করা হয়েছে। বর্তমানে এটি শেরপুরে দ্বি-মাত্রিক সাইসমিক সার্ভের কাজে এটি ব্যবহৃত হবে।

প্রকল্পের আওতায় বাপেক্সের ল্যাবরেটরীর জন্য বিভিন্ন আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা হয়েছে। এর মধ্যে রয়েছে ডিজিটাল কোর মেজারমেন্ট ইউনিট, ডিজিটাল রেজিস্টিভিটি এস ইউ, ডিজিটাল ফটোগ্রাফী, এক্সরে ডিফ্রাক্টোমিটার সিস্টেম, টোটাল অরগানিক





বাপেক্সের ল্যাবরেটরীতে যন্ত্রপাতি

কার্বন ডিটারমিনেটর, হাই প্রেশার লিকুিইড ক্রোমাটোগ্রাফী, গ্যাসক্রোমাটোগ্রাফী, মাস স্পেক্ট্রোমেটরী, এটমিক এবসরপশন স্পেক্টোমিটার, সিমেন্ট কনসিসটোমিটার, ডিসটিলেশন এপারেটাস, এলিমেন্টাল এনালাইজার, আইসোটোপ এনালাইজার, রক এনালাইজার ক্রয় করা হয়েছে বর্তমানে এগুলো বাপেক্সের ল্যাবরেটরীতে ব্যবহৃত হচ্ছে।

১১.২। প্রশিক্ষণ:

প্রকল্পের বাপেক্স অংশের জন্য ১২৫ জনের বৈদেশিক ও ৪০ জনের স্থানীয় প্রশিক্ষণের সুযোগ ছিল। এর মধ্যে সেফটি ইন ড্রিলীং, ওয়েল কন্ট্রোল, ড্রিলীং ফ্লুইড টেকনোলজী, কন্ট্রোল টেকনোলজী, কেজিং এন্ড সিমেন্টিং টেকনোলজী, রিজার্ভার ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন ও ডেভলপমেন্ট, মডার্ন ইলেকট্রিকাল পাওয়ার সিস্টেম, ইলেকট্রিকাল ইকুইপমেন্ট কন্ট্রোল সিস্টেম, পিএলসি এন্ড অটোমেশন/ইনভারটার রক্ষণাবেক্ষণ ও মেরামত, তেল ও গ্যাস শিল্প সম্পর্কিত ওয়ার্কশপ,লগ ডেটা ইন্টারপ্রিটেশন ও ইভালুয়েশন, সেফটি টেকনোলজী ও রিস্ক ম্যানেজমেন্ট, টেকনিক্যাল প্রকল্প ব্যবস্থাপনা,স্ট্রাটেজী ও স্ট্রাটেজিক প্লানিং, এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন একাউন্টিং, মানব সম্পদ উন্নয়ন ও পারসোনাল ম্যানেজমেন্ট, প্লানিং এন্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট দক্ষতা, ইত্যাদি বিষয়ে বাপেক্সের ও অন্যান্য সংস্থার কর্মকর্তাগন ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরে 'Oil & Natural Gas Corporation Limited, India', 'India, M Power Energy' ও 'Asian Institute of Technology' এ বৈদেশিক প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এছাড়া ২০০৯-১০, ২০১০-১১ ও ২০১২-১৩ অর্থ বছরে প্লানিং ও প্রজেক্ট ম্যানেজমেন্ট, জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম, পেশাগত ঝুকি, স্বাস্থ্য ও পরিবেশগত ব্যবস্থাপনা, অফিস ম্যানেজমেন্ট বিষয়ে বাপেক্সের বিভিন্ন কর্মকর্তা জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা, ইঞ্জিনিয়ারিং স্টাফ কলেজ,মুন্সীগঞ্জ ও বাংলাদেশ জিওলজিক্যাল সলিউশন রিসার্চ সেন্টার, ঢাকাতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

কেজিডিসিএল অংশ:-

১১.৩। জমি অধিগ্রহণ/জমি অধিযাচন :

প্রকল্পের আওতায় ৬০ হেক্টর জমি অধিগ্রহণ/অধিযাচনের জন্য ডিপিপিতে ৬৫৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। রেলপথের জমি সংশ্লিষ্ট প্রকল্পের পাইপ লাইনের রুট নতুন করে এলাইনমেন্টের কারণে সার্বিকভাবে প্রকল্পের আওতায় ৫৬ হেক্টর জমি অধিগ্রহণ /অধিযাচন করা হয় যাতে খরচ হয়েছে ৫৭৩.৭২ লক্ষ টাকা।

১১.৪। পাইপ লাইন মালামাল সংগ্রহ ও পাইপলাইন নির্মাণ :

লাইন পাইপ ও কেজিং পাইপ আমদানির জন্য ২৫০১.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে নির্বাচিত ঠিকাদারের সাথে ৩০ মে ২০১০ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। মালামাল সমূহ ২৫ জানুয়ারি ২০১১ তারিখ সরবরাহ করা হয়। কোটিং ও র‍্যাপিং মালামাল আমদানির জন্য নির্বাচিত ঠিকাদারের সাথে ৩২৩.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে একই তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ১৩ মার্চ ২০১১





পাইপলাইন নির্মাণ কাজ

তারিখে উক্ত মালামাল সমূহের সরবরাহ পাওয়া যায়। সেমুতাং গ্যাস ফিল্ড হতে নাজিরহাট রেলওয়ে স্টেশন এবং নাজিরহাট রেলওয়ে স্টেশন হতে চট্টগ্রামের নাসিরাবাদ মেইন রিংপর্যন্ত মোট ৬৫ কি:মি: ১০.৭৫ ইঞ্চি ব্যাসের WT-০.৪৩৮ ইঞ্চি x ৯৬০ পিএসআইজি পাইপলাইন কনস্ট্রাকশন ও কমিশনিং এর জন্য নির্বাচিত ঠিকাদারের সাথে ১৯৯৪.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে ২০ এপ্রিল ২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। পাইপলাইন নির্মাণ শেষে ০৭ ডিসেম্বর ২০১২ তারিখে কমিশনিং করা হয়।



রেগুলেটিং ও মিটারিং স্টেশন

টার্ন কী কন্ট্রাক্টের ভিত্তিতে চট্টগ্রামের নাসিরাবাদে রেগুলেটিং ও মিটারিং স্টেশন/ টাউন বর্ডারিং সিস্টেম (টিবিএস) স্থাপনের জন্য ২৮ জুন ২০১২ তারিখে ৩৯৪.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যে নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি করা হয়। ০৫ সেপ্টেম্বর ২০১২ তারিখে টিবিএস স্থাপন সমাপ্ত হয়। নির্মিত পাইপলাইনের করোশন হতে সুরক্ষার জন্য Cathodic Protection (CP) System স্থাপন করা হয়েছে।প্রকল্পের মূল টিবিএস-এর স্থাপন ও টেস্টিং সম্পন্ন হওয়ার পর ০৩ আগষ্ট ২০১২ তারিখে চট্টগ্রাম



বেল প্রুভার: ডায়াফ্রাম মিটার কেলিব্রেশন



ট্রান্সফার প্রুভার: টারবাইন সিটার কেলিব্রেশন



গ্যাস ক্রোমোটোগ্রাফ



ফৌজদারহাটে কেজিডিসিএল এর পুরাতন ল্যাবরেটরী

মেইন লাইনের সাথে হুক আপ সম্পন্ন করা হয়েছে। গত ০৭ ডিসেম্বর ২০১১ তারিখে সেমুতাং গ্যাস ফিল্ড হতে ১২ এমএমসিএফডি হারে চট্টগ্রাম রিং-মেইন লাইনে গ্যাস সরবরাহ করা হয়। ডায়াফ্রাম মিটার কেলিব্রেশনের জন্য বেল প্রুভার, টারবাইন মিটার কেলিব্রেশনের জন্য ট্রান্সফার প্রুভার এবং গ্যাসের গঠন ও গুণাগুন বিশ্লেষণের জন্য গ্যাস ক্রোমোটোগ্রাফ সংগ্রহ করা হয়েছে যা ফৌজদারহাটে কেজিডিসিএল এর ল্যাবরেটরীতে স্থাপন করা হয়েছে। ঠিকাদারের সাথে চুক্তি মোতাবেক এসকল

ল্যাবরেটরী যন্ত্রপাতি যথাসময়ে সরবরাহ করা হয়েছে। কেজিডিসিএল অংশের প্রধান প্রধান প্যাকেজের প্রকিওরমেন্টের সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:

প্রকিওরমেন্টের বর্ণনা (বিড ডকুমেন্ট মোতাবেক পণ্য,কাজ/ সেবা)	টেন্ডার /বীড/ (লক্ষ টাকায়)		টেন্ডার /বীড		কাজ,সেবা/পণ্য সরবরাহের তারিখ	
	ডিপিপি	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তি স্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি মোতাবেক	প্রকৃত
লাইনপাইপ ও কেজিং পাইপ	৪৬০০.০০	২৫০১.০০	২১-১২-২০০৯	৩০-৫-২০১০	২৬-১২-২০১০	২৫-১-২০১১
কোটিং ও র‍্যাপিং মেটিরিয়ালস		৩.২৩	২১-১২-২০০৯	৩০-৫-২০১০	১৬-১২-২০১০	১৩.৩.২০১১
টাইন বর্ডারিং সিস্টেম(টিবিএস) ও টিবিএস কম্পোনেন্ট		৩.৯৪	৭-৪-২০১০	২৭-৭-২০১১	২৭-২-২০১২	৫-৯-২০১২
বেল প্রুভার (কম্প্রেসর সহ)ও ট্রান্সফার প্রুভার (ব্লোয়ার সহ)		৭.২১	১০-১-২০১২	২৮.৬.২০১২	৩০-১১-২০১২	২৮-১১-২০১২
সেমুতাং গ্যাস ফিল্ড হতে নাজিরহাট রেলওয়ে স্টেশন পর্যন্ত মোট ৩১ কি:মি: ১০.৭৫ ইঞ্চি ব্যাসের WT-০.৪৩৮ ইঞ্চি X ৯৬০পিএসআইজি গ্যাস পাইপলাইন কনস্ট্রাকশন ও কমিশনিং	২২২২.০০	৯৯৭.০০	১২-১-২০১১	২০-৪-২০১১	২৭-১০-২০১১	৭.১২.২০১১
নাজিরহাট রেলওয়ে স্টেশন হতে চট্টগ্রামের নাসিরাবাদ মেইন রিং পর্যন্ত মোট ৩৪ কি:মি: ১০.৭৫ ইঞ্চি ব্যাসেরWT-০.৪৩৮ ইঞ্চি X ৯৬০ পিএসআইজি গ্যাস পাইপলাইন কনস্ট্রাকশন ও কমিশনিং		৯৯৭.০০	১২-১-২০১১	২০-৪-২০১১	২৭-১০-২০১১	৭.১২.২০১১

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/এমপিএল কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

১১.৫। প্রশিক্ষণ :

প্রকল্পের কেজিডিসিএল অংশে ৫৬ জনের বৈদেশিক ও ৫০ জনের স্থানীয় প্রশিক্ষণের সুযোগ ছিল। ইঞ্জিনিয়ারিং ডিজাইন, অপারেশন, প্লানিং ও ব্যবস্থাপনা, কাস্টমার মিটারিং সিস্টেমের অপারেশন ও রক্ষণাবেক্ষণ, রিমোট টেলিমিটারিং সিস্টেমের অপারেশন ও গ্যাস ডিসট্রিবিউশন পাইপলাইনের প্রকৌশলগত ডিজাইন বিষয়ে কেজিডিসিএল এর ৪০ জন কর্মকর্তা ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরে এশীয়ান ইনস্টিটিউট অব টেকনোলজী (এআইটি), থাইল্যান্ড এ প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া কেজিডিসিএল ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ ও পরিকল্পনা কমিশনের ০৮ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যানেজমেন্ট বিষয়ে যুক্তরাজ্যে ও অপর ০৮ জন কর্মকর্তাকে এআইটি, থাইল্যান্ডে পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ২০১১-১২ অর্থ বছরে কেজিডিসিএল এর ৩৩ জন কর্মকর্তাকে অফিস অটোমেশন, প্রকল্প ব্যবস্থাপনা, পাবলিক প্রকিওরমেন্ট ম্যানেজমেন্ট ও আলট্রাসনিক টেস্টিং লেভেল-১ বিষয়ে স্থানীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
সাইসমিক ডাটা সংগ্রহ সিস্টেম, ওয়ার্কওভার রিগ ও এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট সংগ্রহের মাধ্যমে বাপেক্সের কারিগরি ক্ষমতা বৃদ্ধি করা এবং বাপেক্সের জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে বাপেক্সের অনুসন্ধান ও উৎপাদনমূলক কর্মকান্ড শক্তিশালী করা।	সাইসমিক ডাটা সংগ্রহ সিস্টেম, ওয়ার্কওভার রিগ ও এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট সংগ্রহের পর এগুলোর ব্যবহারের মাধ্যমে বাপেক্সের কারিগরি ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। বাপেক্সের জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে বাপেক্সের অনুসন্ধান ও উৎপাদনমূলক কর্মকান্ড শক্তিশালী হয়েছে।
বাপেক্সের মালিকানাধীন সেমুতাং গ্যাস ক্ষেত্র হতে চট্টগ্রাম মেইন রিং পর্যন্ত ১০ ইঞ্চি ব্যসের ৬৫ কিলোমিটার (কি:মি:) উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন গ্যাস পাইপলাইন স্থাপনের মাধ্যমে চটগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি করা এবং কেজিডিসিএল-এর গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন কর্মকান্ড শক্তিশালীকরণের লক্ষ্যে কেজিডিসিএল-এর জনবলকে প্রশিক্ষণ প্রদান করা।	বাপেক্সের মালিকানাধীন সেমুতাং গ্যাস ক্ষেত্র হতে চট্টগ্রাম মেইন রিং পর্যন্ত ১০ ইঞ্চি ব্যসের ৫৬ কিলোমিটার (কি:মি:) উচ্চচাপ ক্ষমতাসম্পন্ন গ্যাস পাইপলাইন স্থাপনের মাধ্যমে চটগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি করা সম্ভব হয়েছে। কতিপয় স্থানীয় কোর্সে কেজিডিসিএল-এর জনবলকে প্রশিক্ষণ প্রদান না করা হলেও সকল বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে।

১৩। **পর্যবেক্ষণঃ**

১৩.১। আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে ওয়ার্ক ওভার রিগ, সাইসমিক একুইজিশন যন্ত্রপাতি ও গুরুত্বপূর্ণ ল্যাবরেটরী যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে বাপেক্সের তেল/গ্যাস অনুসন্ধান ও উৎপাদনের কাজে প্রয়োজনীয় আধুনিক যন্ত্রপাতির অভাব অনেকাংশে পূরণ হয়েছে।প্রকল্প চলাকালীন সময়েই ওয়ার্কওভার রিগ ও সাইসমিক যন্ত্রপাতি বিভিন্ন ফিল্ডে ব্যবহার করা হয়েছে এবং ভবিষ্যতে এগুলো অন্যান্য ফিল্ডে নিয়োজিতকরণের অপেক্ষায় রয়েছে। সামগ্রকিভাবে বাপেক্সের তেল/গ্যাস অনুসন্ধান ও উৎপাদন কার্যক্রম পূর্বের চেয়ে অধিকতর গতিশীল ও শক্তিশালী হয়েছে। অপরদিকে খাগড়াছড়ির সেমুতাং গ্যাস ফিল্ড হতে চট্টগ্রাম মেইন রিং পর্যন্ত গ্যাস পাইপলাইন স্থাপনের মাধ্যমে চটগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধি করা সম্ভব হয়েছে। তবে সেমুতাং গ্যাস ফিল্ড হতে প্রতিদিন ২০ মিলিয়ন কিউবিক ফিট (এমএমসিএফডি) হারে গ্যাস সরবরাহের প্রক্ষেপন করা হলেও এ গ্যাস ফিল্ডের উৎপাদন কমে যাওয়ায় ১টি মাত্র কূপ (৫নং কূপ) হতে ২০১১ সালে সর্বোচ্চ ১০-১২ এমএমসিএফডি হারে চট্টগ্রামে গ্যাস সরবরাহ করা হয়। বর্তমানে ঐ কূপ সহ এ ফিল্ডের অপর কূপ (৬ নং কূপ) এর সম্মিলিত উৎপাদন ৬ এমএমসিএফডি এ হ্রাস পেয়েছে। এছাড়া বঙ্গোপসাগরের সাংগু গ্যাস ফিল্ডে উৎপাদন বন্ধ। এমতাবস্থায় চট্টগ্রামে গ্যাসের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে Offshore-এ গ্যাস কূপ খননের সম্ভাবনার বিষয়টি জোরদার করা প্রয়োজন।

১৩.২। প্রকল্পের আওতায় দেশে-বিদেশে তেল/গ্যাস অনুসন্ধান ও উৎপাদনের সাথে সম্পর্কিত বিভিন্ন কারিগরি ও প্রকৌশলগত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে বাপেক্সের জনবলের পেশাগত দক্ষতা বৃদ্ধি পেয়েছে। একইভাবে কেজিডিসিএল-এর গ্যাস সঞ্চালন ও বিতরণ কর্মকান্ড শক্তিশালীকরণের লক্ষ্যে কেজিডিসিএল-এর জনবলকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তবে কেজিডিসিএল-এর জনবলের জন্য ডিপিপিতে সংস্থানকৃত রেডিওগ্রাফী টেস্টিং, বয়লার অপারেশন, বার্নার ব্যবস্থাপনা, অটোমেটিক কমবাসন ও নন ডিসট্রাকটিভ টেস্টিং প্রশিক্ষণ কর্মসূচিসমূহ সম্পন্ন না হওয়ায় এ সকল ক্ষেত্রে কেজিডিসিএল এর দক্ষতার ঘাটতি রয়ে গেছে বলে মনে হয়। কেজিডিসিএল এর জনবলের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কেজিডিসিএল এর রাজস্ব খাত হতে বর্ণিত বিষয়সমূহের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করা সমীচীন হবে।

১৩.৩। প্রকল্পের বাস্তবায়নে অনেক বিলম্ব ঘটেছে। মূল ডিপিপিতে প্রকল্প শুরুর তারিখের ০৭ (সাত) মাস পরে ডিপিপি অনুমোদিত হওয়ায় প্রকল্পের বাস্তবায়ন কাজ শুরু করতে বিলম্ব হয়েছে। এর ফলে বাপেক্স অংশে ওয়ার্কওভার রিগ ও এক্সপ্লোরেশন সাপোর্ট ইকুইপমেন্ট সংগ্রহ কার্যক্রম পিছিয়ে পড়ে।অপরদিকে বাস্তবায়নকারী সংস্থার পরিবর্তন হওয়ায় কেজিডিসিএল অংশের বাস্তবায়ন পিছিয়ে পড়ে। উল্লেখ্য যে, মূল ডিপিপিতে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বাখরাবাদ গ্যাস সিস্টেমস লিমিটেড ছিল। ১১ নভেম্বর ২০০৮ তারিখে বাখরাবাদ গ্যাস সিস্টেম লিমিটেড (বিজিএসএল) দু'টি কোম্পানিতে বিভক্ত হয়, যার একটি বাখরাবাদ গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড এবং অন্যটি কর্ণফুলী গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানি লিমিটেড। এই বিভক্তির কারণে প্রকল্পের নির্ধারিত কার্যক্রম এলাকা কেজিডিসিএল এর আওতায় পড়ার কারণে বিজিএসএল এর পরিবর্তে বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কেজিডিসিএল করার প্রস্তাব করা হয়। এতদসংক্রান্ত অফিসিয়াল অনুষ্ঠানিকতা সম্পন্ন করতে দেরী হওয়ার কেজিডিসিএল অংশের প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্ব ঘটে (১১ নভেম্বর ২০১০ তারিখে)। প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনে বিলম্বের কারণেও প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করতে দীর্ঘ সময় লেগেছে। প্রকল্পের আরডিপিপি সংক্রান্ত প্রকল্প মূল্যায়ন কমিটি'র সভা এপ্রিল ২০১১ এ অনুষ্ঠিত হলেও এরপর সকল প্রক্রিয়া শেষে আরডিপিপি অনুমোদনে ০৮ মাস সময় অতিবাহিত হয়। এছাড়া মূল ডিপিপি মোতাবেক বিদেশী প্রশিক্ষক দেশে এনে প্রশিক্ষণ প্রদানের পরিবর্তে পরবর্তীতে আরডিপিপি অনুযায়ী কর্মকর্তাদের বিদেশে প্রেরণ করে প্রশিক্ষণের ব্যবস্থা নেয়ায় প্রশিক্ষণ কার্যক্রম তথা প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে।

১৩.৪। প্রকল্পের পাইপলাইনের রুট/এলাইনমেন্ট চূড়ান্ত না করেই ৬৫ কি:মি: পাইপ লাইন ক্রয় করার ফলে এ অংগে প্রয়োজনের তুলনায় বেশী অর্থ ব্যয় হয়েছে। পরবর্তীতে পাইপ লাইনের রুট/এলাইনমেন্ট নতুন করে চূড়ান্ত করার পর প্রকল্পের আওতায় ৫৭ কিলোমিটার পাইপলাইনের প্রয়োজন হয়। পরিদর্শনে জানা যায় সাশ্রয়কৃত অবশিষ্ট ৯ কি:মি: পাইপলাইনের মধ্যে ৭.৮ কি:মি: পাইপলাইন জিটিসিএল এর একটি প্রকল্পে ব্যবহার করা হচ্ছে যা পরবর্তীতে ক্রয় করে কেজিডিসিএলকে ফেরৎ প্রদান করা হবে।

১৩৫.। বাপেক্সের ও কেজিডিসিএল এর জন্য ক্রয়কৃত দু'টি জীপ ও দু'টি পিকআপ গাড়ী প্রকল্প সমাপ্তির পর সরকারি নিয়ম অনুসরণ না করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা দুটি ব্যবহার করছে। উল্লেখ্য যেসরকারি নীতিমালা মোতাবেক প্রকল্প সমাপ্তির পর , প্রতিষ্ঠান উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমাপ্ত প্রকল্পের যানবাহন স্বীয় টিওএন্ডইতে অন্তর্ভুক্তির মাধ্যমে /সংশ্লিষ্ট সংস্থা অতিরিক্ত যানবাহন সরকারি পরিবহ/এর বহির্ভূত-র করতে পারবে। তবে টিওএন্ডইব্যবহানপুলে জমা দিতে হবে।

১৩.৬। বাণিজ্যিক অডিট অধিদপ্তর, মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রণীত প্রকল্পের বাপেক্স ও কেজিডিসিএল অংশের ২০০৯-১০ থেকে ২০১২-১৩ অর্থ-বছরের অডিট প্রতিবেদনে বিভিন্ন অডিট আপত্তি উত্থাপন করা হয়েছে যেগুলোর নিষ্পত্তি হয়নি

মর্মে পরিদর্শনে জানা যায়। এছাড়া কোন অর্থ বছরে প্রকল্পের অনুকূলে ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদানের নিয়ম থাকলেও কেজিডিসিএল অংশের ২০১২-১৩ অর্থ বছরে অব্যয়িত ১,৪৪,৪৯,৬১৬/=(এক কোটি চুয়াল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত ষোল টাকা) জমা প্রদান না করে কেজিডিসিএল এর একাউন্টে রাখা হয়েছে। অডিট প্রতিবেদনেও বিষয়টি উল্লেখ করা হয়েছে।

১৪। <u>সুপারিশ :</u>

১৪.১। চটগ্রামে তথা সমগ্র বাংলাদেশে গ্যাসের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে Offshore-এ গ্যাস কূপ খননের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে (অনুচ্ছেদ ১৩.১),

১৪.২। প্রকল্পের ডিপিপিতে কেজিডিসিএল-এর জনবলের জন্য নির্ধারিত যে সকল প্রশিক্ষণ কর্মসূচি সম্পন্ন করা হয়নি সেগুলো কেজিডিসিএল-এর রাজস্ব বাজেট হতে সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৩। ভবিষ্যতে কোন প্রকল্পের ডিপিপি, আরডিপিপি'র অনুমোদন প্রক্রিয়া যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যে প্রক্রিয়াকরণ এবং প্রকল্পের বাস্তবায়রকারী সংস্থা চূড়ান্তকরণে ও প্রকল্প পরিচালক নিয়োগে অহেতুক বিলম্ব পরিহারের জন্য সংশ্লিষ্ট সকলের আরো সচেষ্ট হওয়া প্রয়োজন (অনুচ্ছেদ ১৩.২);

১৪.৪। প্রকল্পের সাশ্রয়কৃত পাইপলাইন ভবিষ্যতে কেজিডিসিএল এর কোন প্রকল্পে/কাজে ব্যবহারের বিষয়টি নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ ১৩.৪);

১৪.৫। প্রকল্প সমাপ্ত হয়ে যাওয়ায় বাপেক্সের ও কেজিডিসিএল এর জন্য ক্রয়কৃত দু'টি জীপ ও দু'টি পিকআপ গাড়ী সরকারি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ-করতে হবে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা কর্তৃক বিষয়টি মনিটরিং করা আবশ্যক (অনুচ্ছেদ ১৩.৫);

১৪.৬।কেজিডিসিএল এর একাউন্টে জমাকৃত প্রকল্পের কেজিডিসিএল এর অংশের ২০১২-১৩ অর্থ বছরের অব্যয়িত ১,৪৪,৪৯,৬১৬/=(এক কোটি চুয়াল্লিশ লক্ষ উনপঞ্চাশ হাজার ছয়শত ষোল টাকা) অর্জিত সুদ সহ সরকারি কোষাগারে জমা প্রদান করার জন্য কেজিডিসিএল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ও পেট্রোবাংলা বিষয়টি মনিটরিং করবে (অনুচ্ছেদ ১৩.৬);

১৪.৭। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাপেক্স ও কেজিডিসিএল কর্তৃক বাণিজ্যিক অডিট অধিদপ্তর, মহাহিসাব নিরীক্ষক এর দপ্তর কর্তৃক প্রণীত প্রকল্পের অডিট প্রতিবেদনে উত্থাপিত সকল অডিট আপত্তি চূড়ান্ত নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে(অনুচ্ছেদ ১৩.৬);

১৪.৮। উপরিউক্ত সুপারিশসমূহের (অনুচ্ছেদ ১৪.১- ১৪.৭) আলোকে গৃহীত ব্যবস্থাবলী সম্পর্কে আইএমইডি-কে যথাশীঘ্র অবহিত করতে হবে।

‘কাপাসিয়া তেল/গ্যাস অনুসন্ধান কুপ খনন’
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: ডিসেম্বর, ২০১২)

০১। প্রকল্পের নাম: ‘কাপাসিয়া তেল/গ্যাস অনুসন্ধান কুপ খনন’
০২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ :বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
০৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)
০৪। প্রকল্পের এলাকা : জেলা- গাজীপুর, উপজেলা- কাপাসিয়া, ইউনিয়ন- সিংগশ্রী, গ্রাম-কাপালিসের

০৫।**প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ**

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	প্রাক্কলিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৫৮৯৫.০০ ৫৮৯৫.০০ -	৭০১৭.০০ ৭০১৭.০০ -	৪১০৭.৩২২ ৪১০৭.৩২২ -	সেপ্টেম্বর ২০০৭-ডিসেম্বর ২০০৯	সেপ্টেম্বর ২০০৭-ডিসেম্বর ২০১২	সেপ্টেম্বর ২০০৭-ডিসেম্বর ২০১২	-	৩ বছর (২৩৩.৩৩%)

০৬। **প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজ/অংগ	কাজের একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	রাজস্ব কম্পোনেন্ট					
১	দৈনিক ভাতা (ফিল্ড মেসিং)			৭০.০০		৩৮.৩৬৫(৫৪.৮৮)
২	অন্যান্য ভাতা (বেসিক বেতনের ১০% ফিল্ড ভাতা)			২০.০০		-
৩	ভাড়া(যাতায়াত)			২.০০		০.৩৬৬(১৮.৩৮%)
৪	ভ্রমণ ভাতাদি			২০.০০		৩.৩৪৮(১৬.৭৪)
৫	ইকুইপমেন্ট ভাতা (ওয়ার লাইন ইউনিট ও টুলস্)			৫.০০		-
৬	কাস্টমস্ ডিউটি/ভ্যাট			১৯৩.৪৯		০.০৪২(০.০২১%)
৭	পোস্টাল বিল			১.০০		০.০০১(০.১%)
৮	টেলিফোন বিল			৩.০০		০.৯১০(৩০.৩৩%)
৯	ফ্যাক্স বিল			১.০০		-
১০	পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেন্ট			৩০০.০০		১৯৭.৬৮৩(৬৫.৮৯%)
১১	বীমা			৬৭.০০		৫৪.৫৯৪(৮১.৪৮%)
১২	বিস্ফোরন বীমা			১০.০০		-
১৩	ব্যাংক চার্জ			৮.০০		৪.০৮৭(৫১.০৮%)
১৪	স্টেশনারী, সীল, স্ট্যাম্প			১০.০০		৪.৫৯৬(৪৫.৯৬%)
১৫	আপ্যায়ন খরচ			৩.০০		১.৭৮৬(৫৯.৫৩%)
১৬	রিগ মোবিলাইজেশন-ডি মোবিলাইজেশন খরচ			৫০.০০		২৭.১৩(৫৪.২৬%)
১৭	পরিবহন খরচ (ড্রিলিং ক্রু)			১৭.০০		৪.৬২২(২৭.১৮%)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজ/অংগ	কাজের একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
১৮	জিপ ভাড়া			৬০.০০		৪১.৩৯৩(৬৮.৯৮%)
১৯	শস্য ক্ষতিপূরণ খরচ			২০.০০		১৯.৯৯৮(৯৯.৯৯%)
২০	কেজুয়াল লেবার			৭৫.০০		৫১.৩২৬(৬৮.৪৩%)
২১	**কেমিক্যাল ক্রয় (আমদানি)**					
	API গ্লাস G সিমেন্ট	মে:টন	২০০	৫৫.৪০	২৪০(১২০%)	৪৪.৪০(৮০.১৪%)
	সিমেন্ট এডিটিভস	লট	১	১১৫.০০	১(১০০%)	৭২.০০(৬২.৬০%)
	মাড কেমিক্যালস ও রিএজেন্ট	লট	১	৩০০.০০	১(১০০%)	১৬৩.৬২(৫৪.৫৪%)
	কমপ্লিশন মেটিরিয়ালস	লট	১	৭৫.০০	১(১০০%)	৭২.৭৯(৯৭.০৫%)
২২	চিকিৎসা ব্যয়			২.০০		০.২১৭(১০.৮৫)
২৩	সিকিউরিটি গার্ড			৩৫.০০		২৬.২৩৬(৭৪.১৪%)
২৪	সম্মানী			৫.০০		৩.৫৯ (৭১.৮০%)
২৫	**অন্যান্য খরচ**					
(ক)	**থার্ড পার্টি সার্ভিস**					
	ওয়ার লগিং সার্ভিসেস	লট	১	১০০০.০০	১(১০০%)	৩৮৯.৪২৬(৩৮.৯৪%)
	ডিএসটি সার্ভিসেস	লট	১	৪২১.২০	১(১০০%)	-
	প্রোডাকশন টেস্টিং সার্ভিসেস	লট	১	২০.০০	-	-
(খ)	টেন্ডার নোটিস পাবলিশিং			১৫.০০		৮.৬৭৪(৫৭.৮২%)
(গ)	বাড়ী, গোডাউন ও ইয়ার্ড ভাড়া			৩.০০		০.৬৩৩(২১.১০%)
(ঘ)	রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন			১৫.০০		১২.৬৫৩(৮৪.৩৫%)
	উপমোট: রাজস্ব			**২৯৯৭.০৯**		**১২৪৪.৪৮৬**
	মূলধন কম্পোনেন্ট					
২৬	যানবাহন (পিকআপ ডাবল কেবিন)	সংখ্যা	১	২০.০০	১(১০০%)	২০.০০(১০০%)
২৭	মেশিনারিজ ও অন্যান্য ইকুইপমেন্ট (আমদানি)					
(ক)	**ড্রিলীং এর জন্য**					
	টিউবিং	মিটার	৩৭০০	১২০.০০	৩৭০০(১০০%)	১১৭.২৬(৯৭.৭১%)
	কেজিং, কেজিং এক্সেসরিজ ও লাইনার হ্যাংগার	লট	১	৮০.০০	১(১০০%)	৮০.০০(১০০%)
	ওয়েল হেড এন্ড X-mass ট্রি	সেট	১	১৮০.০০	১(১০০%)	১৮০.০০(১০০%)
	বিট ও হোল ওপেনার	লট	১	১৫৭.০০	১(১০০%)	১৫৫.৯৭(৯৯.৩৪%)
	ড্রিলিং স্ট্রিং (ড্রিল পাইপ)	মিটার	২০০০	২৯৩.০০	১৮০০(৯০%)	২৯১.৭৭৯(৯৯.৫৮%)
	ড্রিলিং স্ট্রীং কম্পোনেন্ট	লট	১	১০০.০০	১(১০০%)	-
	ড্রিলিং ফ্লোর হ্যান্ডলিং টুলস্ এন্ড স্পেয়ার	লট	১	১২০.০০	১(১০০%)	১২০.০০(১০০%)
	ডাউন হোল ইকুইপমেন্টস	সেট	১	১৫০.০০	-	-
	ওয়েল কন্ট্রোল ইকুইপমেন্ট	সেট	১	৩৩৭.০০	১(১০০%)	৩৩৫.৬৫(৯৯.৫৯%)
	রিগ ইনস্ট্রুমেন্ট সিস্টেম	লট	১	২২৫.০০	১(১০০%)	২০০.০০(৮৮.৮৯%)
	ওয়েল সার্ভিসিং টুলস্	লট	১	১২০.০০	১(১০০%)	১১৯.৮৯৯(৯৯.৯১%)
	ওয়ার্কশপ টুলস	লট	১	৫০.০০	১(১০০%)	-
	বিবিধ (রিগ, কনজুমেবল ও সেফটি গিয়ার)	লট	১	১৭৫.০০	১(১০০%)	১৫৬.০০(৮৯.১৪%)
(খ)	**রিগ মেইনটিন্যান্স**				১(১০০%)	
	রানিং স্পেয়ার এন্ড ইকুইপমেন্ট (রিগ)	লট	১	২১০.০০	১(১০০%)	১৩৭.৯১৫(৬৫.৬৭%)
	ইলেকট্রিকাল স্পেয়ার এন্ড ইকুইপমেন্ট	লট	১	৩৫.০০	১(১০০%)	২৪.৮৫(৭১%)
	স্পেয়ার পার্টস (হেভী ভেহিক্যাল ও ক্রেন)	লট	১	৫০.০০	১(১০০%)	৫০.০০(১০০%)
	ক্রেন, ইকুইপমেন্ট	সংখ্যা	১	৮০.০০	১(১০০%)	৩১.০১(৩৮.৭৬%)
(গ)	**ওয়েল সার্ভিস**					

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত আরডিপিপি অনুযায়ী কাজ/অংগ	কাজের একক	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব (%)	আর্থিক (%)
১	২	৩	৪	৫	৬	৭
	হার্ডওয়ার, সফট্ওয়ার, আনুসগিংক ইকুইপমেন্ট, ইউপিএস, সেন্সরস, স্পেয়ার, ব্যাকআপ সার্ভিস	সেট	১	৪০.০০		-
	স্পেয়ার পার্টস (সিমেন্টিং ইকুইপমেন্ট)	লট	১	১৫.০০	১(১০০%)	১৩.৭৫(৯১.৬৭%)
	মাড সেন্ট্রিফিউজ	সেট	১	১১০.০০	-	-
	টেস্টিং ইকুইপমেন্ট (ব্রিজ প্লাগসহ)	সেট	১	৬৫.৪০	১(১০০%)	৬৫.৪০(১০০%)
২৮	কম্পিউটার ও এক্সেসরিজ	লট	১	৫.০০	১(১০০%)	৩.১৫৯(৬৩.১৮)
২৯	অফিস ইকুইপমেন্টস (ফটোকপিয়ার, মোবাইল ফোন, ক্যালকুলেটর ইত্যাদি)	লট	১	১২.০০	১(১০০%)	৪.৭১৯(৩৯.৩২৫)
৩০	ফার্নির্চার	লট	১	২০.০০	১(১০০%)	৯.৯৭৪(৪৯.৮৭%)
৩১	ইলেকট্রিকাল আইটেম	লট	১	২৫.০০	১(১০০%)	১৮.৯৯৯(৭৫.৯৯%)
৩২	ইলেকট্রিক স্পেয়ার এন্ড ইকুইপমেন্ট	লট	১	২০.০০	১(১০০%)	৫.৭০৯(২৮.৫০%)
৩৩	অন্যান্য (স্থানীয়ভাবে উৎপাদিত মেটিরিয়ালস, ইকুইপমেন্ট ও স্পেয়ারস)			৯০.০০		৪৮.৩০((৫৩.৬৭%)
৩৪	ফায়ার এক্সটিনগুইজার			১৭.০০		২.৮৩১(১৬.৬৫%)
৩৫	জমি অধিগ্রহণ ও অধিযাচন	হেক্টর	৩.০৯	৪১.০০		৩৫.৬২২(৮৬.৮৮%)
৩৬	ভূমি উন্নয়ন	ঘন মি:	৯০০০	৫.০০	৯০০০(১০০%)	৩.৯৫২(৭৯.০৪%)
৩৭	**অন্যান্য ভবন ও অবকাঠামো গোডাউন**					
	গোডাউন ফ্লোর ও ফাউন্ডেশন	বর্গ মি:	১০০০	৮৬.০০	৯২৯(০২.৯%)	৫৫.৯০৫(৬৫%)
	লিংক/ডাইভারসন রোড (বিদ্যমান ও নূতন)	বর্গ মি:	১২০০০	৭২.০০	৩৬২২(৩০.১৮%)	৩৮.০৭৬(৫২.৮৮%)
	অফিস, অফিসার ক্যাম্প	বর্গ মি:	১২০	৭৯.০০	৮৩৪(৬২৫%)	৯৫.৪৯৪(১২০.৮৭%)
	স্টাফ ক্যাম্প	বর্গ মি:	১৭০০	১৫৭.০০	১৭০০(১০০%)	১০৯.০৮৩(৬৯.৪৭%)
৩৮	রিগ ফাউন্ডেশন এন্ড ওয়েল সাইট কনস্ট্রাশন	বর্গ মি:	৩৪৮৫	১২৯.০০	৩৪৮৫(১০০%)	১১৫.৮২২(৮৯.৭৮%)
৩৯	ডিপ টিউবওয়েল ফাউন্ডেশন ও ১টি শ্যালো টিউবওয়েল (পানি সরবরাহ ব্যবস্থা)	বর্গ মি:	২০	৪৭.০০	২০(১০০%)	৩৭.৭১৩(৮০.২৪%)
৪০	ওয়েল সাইট ইয়ার্ড, ক্যাটওয়ার্ক, পাইপ র‍্যাক, সারফেস ড্রেইন, টয়লেট, সেফটি টেন্ড, সোকওয়েল ইত্যাদি	বর্গ মি:	২০০০	৩০.০০	২০০০(১০০%)	১৮.০১৯(৬০.০৬%)
৪১	উন্নয়ন আমাদানি ডিউটি ও ভ্যাট				১৬০.০০	১৩৩.০৬৭(৮৩.১৬%)
৪২	**বিবিধ মুলধন ব্যয়**					
	EIA				৫.৪০	৪.৮৪১(৮৯.৬৪%)
	জেটি খরচ				৩২.০০	৯.৭০৪(৩০.৩২%)
	প্রি-শিপমেন্ট পরিদর্শন ফি				১৫.০০	১.৬১৪(১০.৭৬%)
	সিএন্ডএফ এজেন্ট কমিশন				১৫.১১	১০.৭৫(৭১.১৪%)
	উপমোট মুলধন				৩৭৯৪.৯১	২৮৬২.৮৩৬(৭৫.৪৩%)
	রাজস্ব+ মুলধন				৬৭৯২.০০	৪১০৭.৩২২(৬০.৪৭%)
৪৩	ফিজিক্যাল কন্টিনজেন্সী				৮৯.১৬	
৪৪	প্রাইস কন্টিনজেন্সী				১৩৫.৮৪	
	সর্বমোট : রাজস্ব+মূলধন				**৭০১৭.০০**	**৪১০৭.৩২২**

০৭। **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

০৭.১। পটভূমি:

দেশে ক্রমবর্ধমান জ্বালানী চাহিদা পূরণের লক্ষ্যে তেল/গ্যাস আবিস্কারের জন্য সম্ভাব্য নূতন কূপ খনন কার্যক্রম পরিচালনা করা আবশ্যক। এ লক্ষ্যে সরকার দেশে বিদ্যমান ২৩টি গ্যাস ব্লক হতে ৮ ও ১১ নং ব্লক দু'টি বাপেক্সকে প্রদান করেছে। বাপেক্স কর্তৃক ৮ নং ব্লকে যে সাইসমিক জরিপ সম্পন্ন করা হয় তাতে হাইড্রোকার্বনের সম্ভাবনাময় কোন স্ট্রাকচার পাওয়া যায়নি। উল্লেখ্য যে, ২০০৩-০৪ অর্থ বছর হতে ২০০৫-২০০৬ অর্থ বছরের মধ্যে বাপেক্স নিজস্ব অর্থায়নে ব্লক নং ১১ এর অন্তর্ভুক্ত কাপাসিয়া, কটিয়াদি ও হালুয়াঘাট এলাকায় মোট ৮১৬ লাইন কি:মি: ২-ডি সাইসমিক জরিপ সম্পন্ন করে। এর মধ্যে ২০০৫-২০০৬ সালে ব্লক ১১ এর দক্ষিণ অংশে কাপাসিয়ায় ১৮০ লাইন কিলোমিটার ২ ডি সাইসমিক সার্ভে পরিচালনা করা হয়। উক্ত সাইসমিক জরিপ হতে সংগৃহিত উপাত্ত প্রক্রিয়াকরণ ও বিশ্লেষনে দেখা যায় যে, কাপাসিয়া স্ট্রাকচারটি বেংগল ফোরডিপের পূর্ব ফোল্ডের পশ্চিম প্রান্তে অবস্থিত যা স্থির, ডোম আকৃতির ও লো এম্পলিটিউড এন্টিক্লাইন বিশিষ্ট। এছাড়া কাপাসিয়া স্ট্রাকচারের অতি সন্নিকটে কামতা ও নরসিংদী গ্যাস ফিল্ডের অবস্থান থাকায় কাপাসিয়া স্ট্রাকচারটি হাইড্রোকার্বনের অত্যন্ত সম্ভাবনাময় আধার হিসেবে বিবেচিত হয়ে আসছে। এ পরিপ্রেক্ষিতে কাপাসিয়া স্ট্রাকচারের সম্ভাবনা, রিসোর্স ও প্রাক্কলিত হাইড্রোকার্বনের মজুদ বিবেচনায় এ স্ট্রাকচারে আনুমানিক ৩৩০০ (±২০০) মিটার গভীরে অনুসন্ধান কূপ খনন এবং তেল/গ্যাস আবিস্কারের জন্য খননকৃত কূপের পরীক্ষা কার্যক্রম পরিচালনা করার উদ্দেশ্যে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়।

০৭.২। **উদ্দেশ্যঃ**

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে কাপাসিয়া স্ট্রাকচারে ৩৩০০ (±২০০) মিটার গভীরতা সম্পন্ন একটি অনুসন্ধান কূপ খনন করা এবং তেল/গ্যাস আবিস্কারের লক্ষ্যে কূপের পরীক্ষা পরিচালনা করা।

০৮। **প্রকল্পের অনুমোদন/সংশোধনঃ**

প্রকল্পের মূল ডিপিপি প্রকল্পের গত ৩০ জানুয়ারি ২০০৮ তারিখের একনেক সভায় ৫৮৯৫.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি) ও সেপ্টেম্বর ২০০৭- ডিসেম্বর ২০০৯ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের আরডিপিপি ৭০১৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে (জিওবি) ও সেপ্টেম্বর ২০০৭- জুন ২০১১ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৭ নভেম্বর ২০০৯ তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১২ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০৯। **প্রকল্পের সার্বিক বাস্তবায়ন :** প্রকল্পের আওতায় ৪১০৭.৩৩২ লক্ষ টাকা ব্যয় হয়েছে। সার্বিক আর্থিক অগ্রগতি ৫৮.৫৩%।

১০। **প্রকল্প পরিচালকঃ** বাপেক্সের একজন মহাব্যবস্থাপক জনাব খন্দকার শাহজাহান প্রকল্পের শুরু হতে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

১১। **প্রকল্প পরিদর্শন:** প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত কাজ সরেজমিনে পরিদশর্নের জন্য গত ৩০ মে ২০১৩ তারিখে ঢাকায় বাপেক্সের প্রধান কার্যালয় ও ৩১ মে ২০১৩ তারিখে গাজীপুরের কাপাসিয়াতে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক এবং প্রকল্পের সংশ্লিষ্ট অফিসিয়ালগণ উপস্থিত ছিলেন।

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
কাপাসিয়া স্ট্রাকচারে ৩৩০০ (±২০০) মিটার গভীরতা সম্পন্ন একটি অনুসন্ধান কূপ খনন করা এবং তেল/গ্যাস আবিস্কারের লক্ষ্যে কূপের পরীক্ষা পরিচালনা করা।	কাপাসিয়া স্ট্রাকচারে ৩৩০১ মিটার গভীরতা সম্পন্ন অনুসন্ধান কূপের খনন কার্য পরিচালনা করা হয়েছে। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হতে জানা যায় যে, কারিগরিভাবে এর চেয়ে বেশী ড্রিলিং প্রয়োজন ছিল না। ড্রিলিং এর পরে কাপাসিয়া স্ট্রাকচারে কোন গ্যাস আবিস্কৃত হয়নি বিধায় কূপের পরীক্ষা পরিচালনা করা হয়নি। এটিকে শুষ্ক কূপ হিসেবে ঘোষণা করা হয়েছে।

১৩। **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ বাস্তবায়নের বিবরণঃ**

১৩.১। প্রকল্পের আওতায় ওয়েল সাইটের জন্য ২.৫৯ হেক্টর জমি অধিগ্রহণ ও রাইট অব ওয়ের জন্য ০.৫০ হেক্টর জমি অধিযাচনের জন্য যথাক্রমে ৩৪.০০ লক্ষ টাকা ও ৭.০০ লক্ষ টাকার সংস্থান আছে। এ সংস্থানের বিপরীতে ব্যয় হয়েছে যথাক্রমে ২৯.৯৬ লক্ষ টাকা ও ৫.৬৬২ লক্ষ টাকা।

১৩.২। মেশিনারি ও অন্যান্য ইকুইপমেন্ট (আমদানি) এর আওতায় ড্রিলীং, রিগ মেইনটিন্যান্স ও ওয়েল সার্ভিস এর মালামাল সংগ্রহের জন্য আরডিপিপিতে মোট ২৭১২.৪০ লক্ষ টাকা বরাদ্দ আছে। এর মধ্যে ব্যয় হয়েছে ২০৭৯.৪০ লক্ষ টাকা যা এ খাতে সংস্থানের ৭৬.৬৭%। আন্তর্জাতিক বাজারে কিছু মালামালের মূল্য কমে যাওয়ায়, প্রকল্পের প্রকৃত বাস্তবায়নের সময় মালামাল প্রাক্কলনে কিছু মালামাল কম লাগায়, কিছু মালামালের প্রয়োজন না হওয়ায়,কিছু মালামাল বাপেক্সের নিজস্ব স্টক থেকে ব্যবহার করায় এ খাতে সব অর্থ ব্যয় করার প্রয়োজন হয়নি। প্রকল্পের মূল কাজ অর্থ্যাৎ কূপের খনন কাজ ০৬ ফেব্রুয়ারি ২০১২ তারিখে শুরু হয়ে গত ১৩ এপ্রিল ২০১২ তারিখে ৩৩০১ মিটার খনন কাজ সম্পন্ন করার মাধ্যমে শেষ হয়েছে। কূপ খননের জন্য আইডিকো এইচ ১৭০০ রিগ ব্যবহার করা হয়।




চিত্র: কূপ খনন সময়ের চিত্র

১৩.৩। প্রকল্পের পূর্ত কাজের মধ্যে গোডাউন, লিংক/ডাইভারসন রোড (বিদ্যমান ও নতুন), অফিস, অফিসার ক্যাম্প ও স্টাফ ক্যাম্প, রিগ ফাউন্ডেশন ও ওয়েল সাইট কনস্ট্রাকশন, পানি সরবরাহ ব্যবস্থা, ওয়েল সাইট ইয়ার্ড, ক্যাটওয়ার্ক, পাইপ র‍্যাক, সারফেস ড্রেইন, টয়লেট, সেফটি ট্যাংক, সোকওয়েল ইত্যাদি কার্য সম্পন্নের জন্য আরডিপিপিতে ৬০০.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এর মধ্যে ব্যয় হয়েছে ৪৭০.১১ লক্ষ টাকা।

১৪। **পর্যবেক্ষণঃ**

১৪.১। প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে কাপাসিয়াতে প্রত্যাশিত তেল/গ্যাসের কোন সন্ধান পাওয়া যায়নি। বিভিন্ন সময়ে দেশী ও বিদেশী প্রতিষ্ঠান কর্তৃক সার্ভের মাধ্যমে চিহ্নিত এরূপ একটি সম্ভাবনাময় স্ট্রাকচারে তেল/গ্যাস আবিস্কারের প্রচেষ্টা সফল না হওয়ার পেছনে কারিগরি ও অন্যান্য কারণ/দিকসমূহ অনুসন্ধান/গবেষণা করে দেখা প্রয়োজন। এ অনুসন্ধান/গবেষণার ফলাফল ভবিষ্যতে কাপাসিয়া স্ট্রাকচারে অধিকতর অনুসন্ধানমূলক কার্যক্রমের পরিকল্পনা গ্রহণে সহায়ক হবে বলে আশা করা যায়। তবে তেল/গ্যাস আবিস্কৃত না হলেও কূপ খননের মাধ্যমে যে ওয়ার লাইন লগিং ডেটা, রক নমুনা থেকে মূল্যবান ডেটা, রক হরাইজনের চিত্র পাওয়া গিয়েছে তা এ এলাকার ভূ-তাত্ত্বিক কাঠামো সম্পর্কে পূর্বের থেকে আরো স্বচ্ছ ধারণা প্রদান করবে এবং ভবিষ্যতে নূতন গ্যাস ফিল্ড অনুসন্ধান ও উৎপাদনের পরিকল্পনায় ইতিবাচক ভূমিকা পালন করবে।

১৪.২। আলোচ্য প্রকল্পের বাস্তবায়নে অনেক বিলম্ব ঘটেছে। প্রকল্পটি সেপ্টেম্বর ২০০৭ থেকে শুরু হওয়ার কথা থাকলেও একনেক কর্তৃক প্রকল্পটি ৩০ জানুয়ারি ২০০৮ তারিখে অনুমোদিত হয়। এর ফলে প্রকল্পের কাজ শুরূ করতেই ৫ (পাঁচ) মাস বিলম্ব হয় এবং প্রকল্পটি প্রথম ২০০৭-০৮ অর্থ-বছরের আরএডিপিতে অন্তর্ভুক্ত হয়। কিন্তু আরএডিপিতে প্রকল্পের অনুকূলে খুব সামান্য বরাদ্দ (৫.০০ লক্ষ টাকা) থাকায় ঐ অর্থ-বছরে কোন কাজ করা সম্ভব হয়নি। ২০০৮-০৯ অর্থ-বছরে প্রকৃতপক্ষে প্রকল্পের কার্যক্রম শুরু হয়। এরপর ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া
শেষ করতে প্রায় ১৩(তের) মাস সময় ব্যয় হয়। তবে প্রকল্প সমাপ্ত হয়ে গেলেও এখনো স্থায়ী ভাবে জমি পাওয়া যায়নি। গাজীপুর জেলা প্রশাসন প্রথমে ২ বছরের জন্য অস্থায়ী হুকুম দখলের জন্য জমি প্রদান করে। পরবর্তীতে ভূমি মন্ত্রণালয় হুকুম দখলের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০১২ পর্যন্ত বর্ধিত করে। বর্তমানে বাপেক্স কর্তৃক স্থায়ীভাবে জমি অধিগ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে

বলে জানা যায়। দরপত্র প্রক্রিয়ায় বিলম্ব/পুন:দরপত্র ও এডিপিতে পর্যাপ্ত বৈদেশিক মুদ্রার সংস্থান সহ অর্থ বরাদ্দ না থাকায় প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব ঘটেছে। দরপত্রে সর্বনিম্ন দরদাতার উদ্বৃত্ত মূল্য ডিপিপি মূল্য অপেক্ষা বেশী হওয়ায় পুন:দরপত্র আহবান করা হয়। ২০০৮-০৯ অর্থ-বছরের এডিপিতে প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত বৈদেশিক মুদ্রার সংস্থান না থাকায় ঐ অর্থ-বছরে বৈদেশিক আমদানি সম্পন্ন করা যায়নি; যেগুলোর অধিকাংশ ২০০৯-১০ অর্থ-বছরে সম্পন্ন করা হয়েছে। এরপর কূপ খননের প্রয়োজনীয় পূর্ত কাজ শুরু না হওয়ায়, রিগ অন্য প্রকল্পের কূপে কার্যরত থাকায় প্রকল্পের মেয়াদ জুন ২০১০ পর্যন্ত বর্ধিত করা হয়। ২০১০-১১ অর্থ-বছরে প্রকল্পের অধিকাংশ পূর্ত কাজ ও বৈদেশিক মালামাল ক্রয় সম্পন্ন হলেও রিগ অগ্রাধিকার বিবেচনায় অন্য প্রকল্পে (সুন্দলপুর প্রকল্পে) নিয়োজিত থাকায় প্রকল্পের বাস্তবায়ন আরো বিলম্বিত হয়।

১৪ প্রকল্পের আওতায় সংগৃহীত ।৩.ডাবল কেবিন পিকআপ গাড়ীটি প্রকল্প সমাপ্তির পর সরকারি নিয়ম অনুসরণ না করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যবহার করছে। উল্লেখ্য যেসরকারি নীতিমালা মোতাবেক প্রকল্প সমাপ্তির প ,র সংশ্লিষ্ট সংস্থাপ্রতিষ্ঠান / উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমাপ্ত প্রকল্পের যানবাহন স্বীয় টিওএন্ডইতে অন্তর্ভুক্তির মাধ্যমে ব্যবহার করতে পারবে। তবে অতিরিক্ত যানবাহন সরকারি পরিবহনপুলে জমা দিতে হবে। বর্ণিতাবস্থায়/এর বহির্ভূত-টিওএন্ডইসমাপ্ত প্রকল্পের গাড়ি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়টি পরীক্ষানিরীক্ষা করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রয়োজন।-

১৪.৪। প্রকল্পের 'অফিস ও অফিসার ক্যাম্প' খাতের ১২০ বর্গমিটার অবকাঠামো নির্মাণের জন্য আরডিপিপিতে ৭৯.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। কিন্ত উক্ত খাতে অননুমোদিতভাবে মোট ৮৪৩ বর্গমিটার কাজ অর্থ্যাৎ অতিরিক্ত ৭১৪ বর্গমিটার কাজ সম্পন্ন করা হয়েছে এবং এ খাতে আরডিপিপি'র সংস্থানের চেয়ে ১৬.৪৯ লক্ষ টাকা অতিরিক্ত খরচ করা হয়েছে। অননুমোদিতভাবে আরডিপিপি'র সংস্থানের অতিরিক্ত কাজ ও ব্যয় হওয়ায় জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

১৪.৫। প্রকল্পের ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছর সমূহের এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি।-পরিদর্শনের সময় জানা যায়, ২০০৭-০৮ অর্থ-বছরের অডিট প্রতিবেদনে প্রকল্পের আওতায় গাড়ী ক্রয় করা সত্ত্বেও গাড়ীভাড়া বাবদ অর্থ ব্যয়, ভূমি অধিগ্রহণ খাতে অতিরিক্ত ব্যয়, ড্রিল পাইপ ক্রয় করার সময় আয়কর/ভ্যাট বাবদ অর্থ কর্তন না করা, ডিপিপিতে বর্ণিত পিডব্লিউডি ২০০৬ রেটের পরিবর্তে পিডব্লিউডি ২০০৮ রেট মোতাবেক চুক্তি সম্পন্ন করায়, ২০০৮-২০০৯ অর্থ-বছরের অডিট প্রতিবেদনে গুনগত মান বিচার না করে ঠিকাদারকে বিল পরিশোধ, ২০০৯-২০১০ অর্থ-বছরের অডিট প্রতিবেদনে পূর্ত কাজের মান নিশ্চিত না হয়ে ঠিকাদারকে বিল পরিশোধ ও ২০১০-১১ অর্থ-বছরের অডিট প্রতিবেদনে ঠিকাদারের যোগ্যতা না থাকা সত্ত্বেও পুন: টেন্ডার আহবান না করে প্রাক্কলিত দর অপেক্ষা ৪.৭০% উর্ধ্বে কার্যাদেশ দেওয়া ইত্যাদি কারণে অডিট আপত্তি দেয়া হয়েছে। এসকল অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে কিনা সে বিষয়ে প্রকল্প পরিচালক নিশ্চিত করতে পারেননি। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স কতৃক ২০০৭-২০০৮ থেকে ২০১০-১১ অর্থ-বছরের সকল অডিট আপত্তি পরীক্ষা-নিরীক্ষা করে অডিট আপত্তি সমূহের চূড়ান্ত নিষ্পত্তি নিশ্চিত করা প্রয়োজন।একইসাথে ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ-বছরের অডিট সম্পন্নের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১৫। <u>সুপারিশঃ</u>

১৫.১। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স কাপাসিয়া স্ট্রাকচারে তেল/গ্যাস আবিস্কারের প্রচেষ্টা সফল না হওয়ার পেছনে কারিগরি ও অন্যান্য কারণ/দিকসমূহ অনুসন্ধান/গবেষণা করে দেখতে পারে (অনুচ্ছেদ ১৪.১);

১৫.২। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ ভবিষ্যতে কোন প্রকল্পের সময়মত বাস্তবায়নের স্বার্থে এডিপি/আরএডিপিতে প্রকল্পের অনুকূলে প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার বরাদ্দ নিশ্চিত করবে (অনুচ্ছেদ ১৪.২);

১৫.৩। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স প্রকল্পের জমি স্থায়ীভাবে অধিগ্রহণের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৪.২);

১৫.৪। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সরকারি নীতিমালা মোতাবেক সমাপ্ত প্রকল্পের যানবাহন সরকারি পরিবহনপুলে অথবা অনুমোদিত অন্য কোন প্রকল্পে স্থানান্তরের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৪.৩);

১৫.৫। 'অফিস ও অফিসার ক্যাম্প' খাতে আরডিপিপি'র সংস্থানের চেয়ে অতিরিক্ত কাজ ও ব্যয়ের জন্য জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সংশ্লিষ্টদের দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করবে(অনুচ্ছেদ ১৪.৫);

১৫.৬। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স ২০০৭-০৮ থেকে ২০১০-১১ অর্থ-বছরের সকল অডিট আপত্তি পরীক্ষা-নিরীক্ষা করে অডিট আপত্তি সমূহের চূড়ান্ত নিষ্পত্তি নিশ্চিত করবে। একইসাথে ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরের অডিট সম্পন্নের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১৪.৫)।

সেমুতাং গ্যাস ক্ষেত্র উন্নয়ন (১ম সংশোধিত)
প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৩)

০১। প্রকল্পের নামঃ সেমুতাং গ্যাস ক্ষেত্র উন্নয়ন (১ম সংশোধিত)
০২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগঃ বিদ্যুৎ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
০৩। বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)
০৪। প্রকল্প এলাকাঃ সেমুতাং গ্যাস ফিল্ড, গ্রাম- কালাপানি, ইউনিয়ন-বাটনাতলী, উপজেলা- মানিকছড়ি, জেলা- খাগড়াছড়ি

০৫। প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	প্রাক্কলিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬৮৬৮.৭২ ৬৮৬৮.৭২ -	৬২২০.১৬ ৬২২০.১৬ -	৬২১৮.৭০ ৬২১৮.৭০ -	জুলাই ২০০৮-জুন ২০১১	জুলাই ২০০৮ - জুন ২০১৩	জুলাই ২০০৮ - জুন ২০১৩	-	২ বছর (৬৬.৬৬%)

০৬। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ

০৬.১। প্রকল্পের পটভূমি:

১৯৭০ সালে তদানীন্তন পাকিস্তানের Oil & Gas Development Corporation (OGDC) সেমুতাং-এ ১৫নং গ্যাস ব্লকে ১ এবং ২ নং কূপ খননের মাধ্যমে সেমুতাং গ্যাস ক্ষেত্র আবিস্কার করে। পরবর্তীতে একই গ্যাস ব্লকে ৩ এবং ৪ নং কূপ খনন করা হলেও কোন গ্যাস পাওয়া যায়নি। ১৯৯৭ সালের মে মাসে উৎপাদন বন্টন চুক্তির আওতায় উক্ত ব্লকটিতে কেয়ার্ন এনার্জি, পিএলসি কর্তৃক ২৪৭০ মিটার হতে ২৮৪০ মিটার গভীরে ৫নং কূপ খননের মাধ্যমে বাণিজ্যিক গ্যাসের সন্ধান পাওয়া যায়।

পরবর্তীতে ২০০১ সালে সেমুতাং গ্যাস ক্ষেত্রের অনুসন্ধান ও উন্নয়নমূলক কার্যক্রম কেয়ার্ন এনার্জি থেকে শেল বাংলাদেশ- এর নিকট হস্তান্তর করা হয়। এর পরপরই জ্বালানী মন্ত্রণালয় কর্তৃক গ্যাস ক্ষেত্রটি বাপেক্সের নিকট হস্তান্তর করা হয়। এ পরিপ্রেক্ষিতে বাপেক্স কর্তৃক পূববর্তী OGDC, কেয়ার্ন এনার্জি, শেল ইত্যাদি প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদিত কূপের ডেটা ও রিপোর্ট পর্যালোচনার পর সেমুতাং গ্যাস ক্ষেত্রের রিজার্ভ ৪৪৭.২ বিসিএফ বলে অনুমিত হয়। এর মধ্যে বিদ্যমান ১ এবং ৫ নং কূপের ওয়ার্কওভার কার্যক্রমের মাধ্যমে উত্তোলনযোগ্য গ্যাসের পরিমাণ ২৯০.৬৮ বিসিএফ। উল্লেখ্য যে, সে সময়ে পেট্রোবাংলার ওয়েবসাইট অনুযায়ী উত্তোলনযোগ্য রিজার্ভের পরিমাণ ছিল ১৫০.৩০ বিসিএফ। সে হিসেবেও যদি এ ক্ষেত্র থেকে প্রতিদিন মিরিয়ন কিউবিক ফিট(এমএমসিএফ) গ্যাস উত্তোলন করা হয়, তবে উক্ত গ্যাস মজুদ দ্বারা ২০ বছর গ্যাস উৎপাদন চালিয়ে যাওয়া সম্ভব হবে। উল্লেখ্য যে, বৃহত্তর চট্রগ্রামের গ্যাস সরবরাহ মূলত: সাংগু গ্যাস ফিল্ডের ওপর নির্ভরশীল এবং সরকারকে গ্যাসের মূল্য বাবদ অক্সিডেন্টাল কোম্পানিকে বৈদেশিক মুদ্রায় বিশাল অংকের অর্থ পরিশোধ করতে হচ্ছে। সাংগু গ্যাস ফিল্ডের মজুদ ক্রমশ: হ্রাস পাওয়ায় চট্রগ্রামের গ্যাস সরবরাহ বর্তমানে হুমকির মুখে পড়েছে।

এ পরিপ্রেক্ষিতে বৃহত্তর চট্রগ্রামের গ্যাস সরবরাহ পরিস্থিতি উন্নীতকরণ ও অক্সিডেন্টাল কোম্পানির ওপর নির্ভরশীলতা কমানোর লক্ষ্যে 'সেমুতাং গ্যাস ক্ষেত্র উন্নয়ন' প্রকল্প গ্রহণ করা হয়। প্রকল্পটি ২২ মে ২০০৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় ৬৮৬৮.৭২

লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ৩১ মার্চ, ২০১৩ পর্যন্ত বর্ধিত করা হয়। সর্বশেষ ১৩জুন ২০১৩ তারিখে ৬২২০.১৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্প সংশোধন করা হয় এবং প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ৩০ জুন ২০১৩ পর্যন্ত বর্ধিত করা হয়।

০৬.২। প্রকল্পের উদ্দেশ্য:-
প্রকল্পের সংশোধিত ডিপিপি (আরডিপিপি) মোতাবেক প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ওয়ার্কওভার কার্যক্রমের মাধ্যমে সেমুতাংগ্যাস ফিল্ডে বিদ্যমান ৫নং কূপ হতে দৈনিক ১০ মিলিয়ন কিউবিক ফিট (এমএমসিএফ) হারে গ্যাস উৎপাদন করা এবং উৎপাদিত গ্যাসকে প্রক্রিয়াকরণের নিমিত্ত দৈনিক ৩০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন একটি গ্লাইকল গ্যাস প্রসেসিং প্লান্ট স্থাপন করা।

০৭। প্রকল্প পরিদর্শন:
প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য গত ১-২ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে সংশ্লিষ্ট প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্প পরিচালক (পূর্ণকালীন) বাপেক্সের জেনারেল ম্যানেজার (প্রোডাকশন) জনাব শহিদুজ্জামান খান ও প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

০৮। প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	অংগের নাম	কাজের একক	আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত অর্জন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	২	৩	৪	৫	৬	৭
(ক) রাজস্ব খাতঃ						
১	দৈনিক ভাতা	থোক	-	২৫.৭৫		২৫.৭৫
২	যাতায়াত ভাতা	থোক		০.৪৫		০.৪৫
৩	ভ্রমণ ভাতা	থোক	-	৭.১১		৭.১১
৪	টেলিফোন চার্জ	থোক	-	১.১৫		১.১৫
৫	পেট্রোলিয়াম এবং অন্যান্য জ্বালানী	থোক	-	৭৯.৬৮		৭৯.৬৮
৬	ইন্সুরেন্স, ব্যাংক চার্জ	থোক	-	১০১.৬৫		১০১.৬৫
৭	স্টেশনারী, সীল, স্ট্যাম্প	থোক	-	২.৬২		২.৬২
৮	আপ্যায়ন ব্যয়	থোক	-	০.৬১		০.৬১
৯	পরিবহণ ব্যয় (রিগ মোবিলাইজেশন ও রিগ আপ-ডাউন)	থোক		৪৬.৬৩		৪৬.১৪
১০	ক্যাজুয়াল লেবার	থোক	-	৫০.০০		৫০.০০
১১	নিরাপত্তা ব্যয়	থোক	-	২৭.৫৭		২৭.৫৭
১২	তৃতীয় পক্ষ সেবা (পারসোনাল সার্ভিসেস)	লট	৩	১২.২০		১২.২০
১৩	টেন্ডার নোটিশ পাবলিশিং	-থোক	-	৬.৩৮		৬.৩৮
	মেরামত, রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন					
১৪	যানবাহন	থোক	-	১.৯৫		১.৯৫
১৫	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	লট	-	১.৬৮		১.৬৮
১৬	প্রকৌশল যন্ত্রপাতি	লট	-	১.৯৭		১.৯৭
	উপ-মোটঃ রাজস্ব			**৩৬৭.৪০**		**৩৬৬.৯১**
(খ)	**মূলধন খাতঃ**					
১৭	যানবাহন (১টি পিক-আপ, ১টি জীপ, ১টি মাইক্রোবাস ও ১ টি মোটর সাইকেল)	সংখ্যা	৪	৬৯.৭৫	৪	৬৯.৭৫
যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি						
১৮	ইমপোর্টেড ম্যাটেরিয়ালস, ইকুইপমেন্টস এন্ড স্পেয়ার ফর ওয়ার্কওভার অপারেশন	লট	১	৬৪৭.০০		৬৪৭.০০
১৯	ইমপোর্টেড ম্যাটেরিয়ালস, ইক্যুইপমেন্টস এন্ড স্পেয়ার ফর ওয়ার্কওভার রিগ মেইনটেনেন্স	লট	১	১১০.০০		১১০.০০

২০	ইমপোর্টেড ম্যাটেরিয়ালস ফর ওয়েল সার্ভিসেস	লট	১	২২০.০০		২২০.০০
২১	গ্যাস প্রসেস প্লান্ট	সংখ্যা	১	৪২৬১.৮৫	১	৪২৬০.৯৫
২২	কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহ	লট	-	১.৯৫		১.৯৫
২৩	অফিস সরঞ্জাম	লট	-	১.৫২		১.৫২
২৪	আসবাবপত্র	থোক	-	১.১৩		১.১৩
২৫	বৈদ্যুতিক সরঞ্জামাদি	থোক	-	৪৯.৫৪		৪৯.৫৪
২৬	অন্যান্য	-থোক	-	১৮.৪৫		১৮.৩৮
২৭	ভূমি অধিগ্রহণ	হেক্টর	৩.৯২৯	৩০.৯৬	৩.৯২৯	৩০.৯৬
২৮	ভূমি উন্নয়ন	ঘনমিটার	৬০০০	১০.০৩		১০.০৩
২৯	অফিস ভবন	বর্গমিটার		৪২.৫১		৪২.৫১
৩০	আবাসিক ভবন	বর্গমিটার		৪১.৭২		৪১.৭২
৩১	অন্যান্য ভবন ও অবকাঠামো	বর্গমিটার		৩৭.২০		৩৭.২০
৩২	অন্যান্য	থোক	-	১১৩.৯৯		১১৩.৯৯
৩৩	আমদানী শুল্ক ও ভ্যাট	থোক	-	১৭২		১৭২.০০
৩৪	পরিবেশের প্রভাব মূল্যায়ন	থোক	-	৫.০০		৫.০০
৩৫	জেটি খরচ (@ আমাদানীর ১%)	থোক	-	১৪.১৬		১৪.১৬
৩৬	প্রি-শিপমেন্ট পরিদর্শন চার্জ	থোক	-	৪.০০		৪.০০
	উপ-মোটঃ মূলধন			৫৮৫২.৭৬		৫৮৫১.৭৯
	সর্বমোটঃ (রাজস্ব+মূলধন)			**৬২২০.১৬**		**৬২১৮.৭০**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন

০৯। প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ বাস্তবায়নের বিবরণঃ

০৯.১। প্রকল্পের আওতায় কূপের ওয়ার্কওভার অপারেশন, ওয়ার্কওভার রিগ মেইনটেন্যান্স, ওয়েল সার্ভিসেস মালামাল ও ইকুইপমেন্ট সংগ্রহ (আমাদানি) সমাপ্ত হয়েছে। আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে এসকল মালামাল সংগ্রহ করা হয়েছে।

০৯.২। ৫ নং কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পন্ন করা হয়েছে এবং ২৫ জুন ২০১১ তারিখে কূপের টেস্টিং এর কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে। ০৫ ডিসেম্বর ২০১১ থেকে এই কূপ হতে গ্যাস উৎপাদন ও সরবরাহ শুরু হয়েছে। প্রকল্পের আওতায় গ্যাস প্রসেস প্লান্টটি স্থাপনে বিলম্ব হওয়ায় প্রাথমিক ভাবে বাপেক্সের নিজস্ব অস্থায়ী প্রসেস প্লান্টের মাধ্যমে গ্যাস প্রক্রিয়াকরণ করে প্রতিদিন ১২ এমএমসিএফ হারে গ্যাস চট্টগ্রামে সরবরাহ করা হয়।

০৯.৩। ৩০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন গ্যাস প্রসেস প্ল্যান্ট স্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, ডিপিপি মোতাবেক প্রসেস প্লান্টটি জুন ২০১১-এর মধ্যে স্থাপিত হওয়ার কথা ছিল। কিন্তু প্রসেস প্লান্ট সংগ্রহের জন্য আহবানকৃত দরপত্র দু'দফা মূল্যায়নপূর্বক অনুমোদনে বিলম্ব ঘটেছে। বর্তমানে প্রসেস প্ল্যান্টের মাধ্যমে গ্যাস প্রক্রিয়াকরণ করে চট্টগ্রামে সরবরাহ করা হচ্ছে।

৯.৪। প্রকল্পের আওতায় পিক-আপ, মোটরসাইকেল, জীপ, মাইক্রোবাস ক্রয় করা হয়েছে। এগুলো প্রকল্পের কাজে ব্যবহৃত হয়েছে।

১০ । প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে ওয়ার্কওভার কার্যক্রমের মাধ্যমে সেমুতাং গ্যাস ফিল্ডে ৫নংকূপ হতে দৈনিক ১০ এমএমসিএফ হারে গ্যাস উৎপাদন করা এবং উৎপাদিত গ্যাসকে প্রক্রিয়াকরণের নিমিত্ত দৈনিক ৩০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন একটি গ্লাইকল গ্যাস প্রসেসিং প্লান্ট স্থাপন করা।	৫ নং কূপের ওয়ার্কওভারের মাধ্যমে প্রাথমিকভাবে দৈনিক ১০ (±২) এমএমসিএফ গ্যাস উৎপাদন করা সম্ভব হয়েছে। ৩০ এমএমসিএফ ক্ষমতাসম্পন্ন গ্লাইকল গ্যাস প্রসেসিং প্লান্ট স্থাপন করা হয়েছে।

১১। পর্যবেক্ষণঃ

১১.১। সেমুতাং গ্যাস ফিল্ডে ৫ নং কূপের ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাস উৎপাদন করা সম্ভব হয়েছে। প্রাথমিকভাবে দৈনিক ১০ (±২) এমএমসিএফ হারে গ্যাস উৎপাদন করা হয়েছে। তবে বর্তমানে গ্যাস উৎপাদনের হার দৈনিক ৬-৭ এমএমসিএফ এ হ্রাস পেয়েছে। এ হার আগামীতে আরো কমবে বলে জানা যায়। এমতাবস্থায় আরডিপিপিতে বর্ণিত গ্যাস উৎপাদন শুরু হওয়ার পর ২য় বছর থেকে ২০ বছর পর্যন্ত প্রতিবছর ১০ এমএমসিএফ হারে গ্যাস উৎপাদনের যে লক্ষ্যমাত্রা প্রাক্কলন করে Benefit Cost ratio (BCR) হিসাব করা হয়েছিল তা অর্জিত হবে না। স্থাপিত প্রসেস প্ল্যান্ট ও কূপের অপারেশন কার্যক্রম বাপেক্সের নিজস্ব প্রকৌশলী দ্বারা পরিচালিত হচ্ছে। বাপেক্সের প্রকৌশলীগণ ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে কাজ করার সুবাদে প্রসেস প্লান্ট ও এর অপারেশন সম্পর্কে সম্যক ধারণা অর্জন করেছেন যা তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে।

১১.২। আলোচ্য প্রকল্পের ডিপিপি প্রণয়নে যথাযথ পরিকল্পনার অভাব পরিলক্ষিত হয়। ২০০৮ সালে যখন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয় তখন পূববর্তী OGDC, কেয়ার্ন এনার্জি, শেল ইত্যাদি প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পাদিত কূপের ডেটা/তথ্যাদি বিশ্লেষণ ও রিপোর্ট পর্যালোচনার পর সেমুতাং গ্যাস ক্ষেত্রের ১ নং কূপ ও ৫ নং কূপের ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাস উৎপাদনের বিষয়টি ডিপিপিতে অর্ন্তভূক্ত করা হয়। পরবর্তীতে প্রকল্প ২ বছরেরও বেশী সময় অতিবাহিত হওয়ার পর এবং কূপের ওয়ার্কওভারের মালামাল সংগ্রহের পর পুনরায় কূপের ডেটা বিশ্লেষন ও পর্যালোচনা করা হয়। এতে ১ নং কূপটি অনেক পুরনো হওয়ায় (১৯৭০ সালে খননকৃত) তাতে Gas Seepage ও Blow out এর ঝুঁকি দেখা দেয়ায় ১নং কূপের ওয়ার্কওভার কার্যক্রম বাদ ডিপিপি থেকে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়। এ জাতীয় চূড়ান্ত বিশ্লেষণ ডিপিপি প্রণয়ন/ অনুমোদনের পূর্বেই সম্পাদন করা সংগত ও যুক্তিযুক্ত ছিল যা করা হয়নি। ১ নং কূপের ওয়ার্কওভার কার্যক্রম বাদ দেয়া হলেও উক্ত কূপের জন্য সংগৃহিত মালামাল কি আবস্থায় আছে কিংবা অন্য কোন প্রকল্পে ব্যবহৃত হচ্ছে কিনা সে বিষয়ে কোন তথ্য জানা যায় না। এ সম্পর্কে অনুসন্ধান করে একটি প্রতিবেদন প্রস্তুত করা প্রয়োজন বলে মনে হয়।

১১.৩। প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ীসমূহ প্রকল্প সমাপ্তির পর সরকারি নিয়ম অনুসরণ না করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যবহার করছে। উল্লেখ্য যে প্রতিষ্ঠান উপযুক্ত কর্তৃপক্ষের/সরকারি নীতিমালা মোতাবেক প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট সংস্থা এর-ব্যবহার করতে পারবে। তবে টিওএন্ডই অনুমোদনক্রমে সমাপ্ত প্রকল্পের যানবাহন স্বীয় টিওএন্ডইতে অন্তর্ভুক্তির মাধ্যমে অতিরিক্ত/বহির্ভুত যানবাহন সরকারি পরিবহনপুলে জমা দিতে হবে। বর্ণিতাবস্থায় সমাপ্ত প্রকল্পের গাড়ি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ-করা প্রয়োজন।

১১.৪। প্রকল্পের ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরের এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি বলে জানা যায়। উক্ত অর্থ বছর সমূহের অডিট সম্পন্নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন এবং অডিট প্রতিবেদনে কোন অডিট আপত্তি থাকলেও তা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১২. সুপারিশ:

১২.১। ভবিষ্যতে কোন কূপের খনন/ওয়ার্কওভার/রেমিডিয়েল কার্যক্রম ইত্যাদি বিষয়ে প্রকল্প গ্রহণের পূর্বে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স-কে কূপ সংশ্লিষ্ট ডেটা/তথ্যাদি, প্রতিবেদন, সাইসমিক তথ্যাদি ইত্যাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণের পর প্রকল্প গ্রহণে সচেষ্ট হতে হবে;

১২.২। সেমুতাং ১ নং কূপের ওয়ার্কওভারের জন্য যে মালামাল সংগ্রহ করা হয়েছে সেগুলি কি অবস্থায় আছে কিংবা অন্য কোন প্রকল্পে ব্যবহৃত হচ্ছে কিনা জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স সে বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করবে;

১২.৩। বাপেক্স সেমুতাং গ্যাস ক্ষেত্রে খননকৃত গ্যাস কূপ ও স্থাপিত প্রসেস প্লান্টের অপারেশন ও রক্ষণাবেক্ষণ দক্ষ জনবল দ্বারা পরিচালনা অব্যাহত রাখবে;

১২ ।৪.জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/ বাপেক্স সরকারি নীতিমালা মোতাবেক সমাপ্ত প্রকল্পের যানবাহন সরকারি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১২.৫। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/ বাপেক্স প্রকল্পের ২০১১-১২ ও ২০১২-১৩ অর্থ বছরের এক্সটারনাল অডিট সম্পন্নকরণের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে এবং অডিট প্রতিবেদনে কোন আপত্তি থাকলেও তা নিষ্পত্তির ব্যবস্থা নিবে।
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/বিপিসি/এমপিএল কর্তৃক প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্নকরণের ব্যবস্থা করা সহ অডিট প্রতিবেদনে কোন আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে এবং আইএমইডিকে অবহিত করতে হবে (অনুচ্ছেদ ১১.৩)।

শ্রীকাইল তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন (কূপ নং ২)

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত:জুন ২০১৩)

০১.	প্রকল্পের নাম	:	শ্রীকাইল তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন (কূপ নং ২)
০২.	উদ্যোগী বিভাগ,মন্ত্রণালয়	:	জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ,জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স), পেট্রোবাংলার একটি কোম্পানী।
০৪.	প্রকল্পের এলাকা	:	গ্রাম: কোরেরপার, ইউনিয়ন:আকুবপুর, উপজেলা: মুরাদনগর, জেলা: কুমিল্লা।

০৫. প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) টাকা: জিওবি		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) টাকা:জিওবি	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৮১১২.০০ ৮১১২.০০	-	৪৬৫৩.৩৭ ৪৬৫৩.৩৭	জুলাই ২০০৮-ডিসেম্বর ২০১০	জুলাই ২০০৮-জুন ২০১৩	জুলাই ২০০৮-জুন ২০১৩	(-)৩৪৫৮.৬৩* (৪২.৭%)	২ বছর ৬ মাস (১০০%)

* মূল প্রাক্কলিত ব্যয় হতে প্রকৃত ব্যয় ৩৪৫৮.৬৩ লক্ষ টাকা কম।

০৬. **প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নং	প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগ	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক(%)
রাজস্ব অংগ					
১	দৈনিক ভাতা(ফিল্ড মেসিং)	থোক	৭০.০০	১০০%	**৭৫.৪৭ (১০৭.৮১%)**
২	যাতায়াত ভাতা	থোক	১.৫০	১০০%	১.০৯(৭২.৭৬%)
৩	অন্যান্য ভাতা(ফিল্ড ভাতা)	থোক	১২.০০	১০০%	৩.১২(২৬%)
৪	ভ্রমণ ভাতা	থোক	১২.০০	১০০%	২.৯৬(২৪.৬৭%)
৫	ইকুইপমেন্ট ভাড়া (ওয়ারলাইন ইউনিট ও টুলস, ড্রিল স্টীম টেস্টিং(ডিএসটি) ইকুইপমেন্ট ও টুলস	থোক	৩৪৮.০০	১০০%	৪৪.১৩(১২.৬৮%)
৬	কাষ্টমস্ ডিউটি/ভ্যাট	থোক	১৮৫.৬৬	১০০%	১০৫.২৯(৫৬.৭১%)
৭	পোস্টাল বিল	থোক	১.০০	১০০%	০.১০(১০%)
৮	টেলিফোন বিল (মোবাইল ও ল্যান্ড)	থোক	৩.০০	১০০%	১.২৫(৪১.৬৭%)
৯	ফ্যাক্স/ই-মেইল বিল	থোক	১.০০	১০০%	০.৭১(৭১%)
১০	পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেন্ট	থোক	৩০০.০০	১০০%	**৩০৬.৭৩ (১০২.২৪%)**
১১	বীমা/ব্যাংক চার্জ				
	বীমা	থোক	৪০.৫৪	১০০%	৪০.৫৪(১০০%)
	ব্যাংক চার্জ	থোক	১০.১৩	১০০%	১০.১৩(১০০%)
	এক্সপ্লোরেশন বীমা	থোক	৭০.০০	১০০%	৩৫.৭৪(৫১.০৬%)
১২	স্টেশনারী, সীল, স্ট্যাম্পস	থোক	৫.০০	১০০%	৪.৯৮(৯৯.৬০%)
১৩	আপ্যায়ন ব্যয়	থোক	১.৫০	১০০%	১.৫০(১০০%)
১৪	**পরিবহন খরচ**				
	(ক) রিগ মোবিলাইজেশন-ডিমোবিলাইজেশন	থোক	৫০.০০	১০০%	৪৬.৬৮(৯৩.৩৬%)
	(খ) মাইক্রোবাস ভাড়া	থোক	১৫.০০	১০০%	১৫.০০(১০০%)
১৫	ক্ষতিপূরণ (শস্য ক্ষতিপূরণ ও অন্যান্য ক্ষতিপূরণ)	থোক	৫.০০	১০০%	৩.০০(৬০%)
১৬	ক্যাজুয়াল লেবার	থোক	৭০.০০	১০০%	**১২৭.৩১(১৮১.৮৭%)**
১৭	কেমিক্যাল ক্রয় (আমদানি)	-	২৮০.৭৩	১০০%	২৬০.৫২(৯২.৮০%)
১৮	মেডিকেল ব্যয় (ফার্ষ্ট এইড)	থোক	২.০০	১০০%	১.২৪(৬২%)
১৯	সিকিউরিটি গার্ড	থোক	৩০.০০	১০০%	**৩৯.৯৫(১৩৩.১৭%)**

ক্রমিক নং	প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগ	ডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক(%)
২০	**অন্যান্য ব্যয়**				
	(ক)তৃতীয় পক্ষীয় সেবা				
	ওয়ার লগিং সার্ভিসেস	লট	৮০০.০০	১০০%	৮০০(১০০%)
	ড্রীল স্টীম টেস্টিং(ডিএসটি)	লট	১২০.০০	১০০%	১২০.০০(১০০%)
	প্রোডাকশন টেস্টিং সার্ভিসেস	লট	১৫.০০	১০০%	১৫.০০(১০০%)
	সিমেন্ট এনালাইসিস সার্ভিসেস	লট	১৫.০০	১০০%	১৫.০০(১০০%)
	ব্যাকআপ সার্ভিসেস(সিমেন্টিং ইউনিট)	লট	২৫.০০	১০০%	২৫.০০(১০০%)
	(খ)টেন্ডার নোটিশ পাবলিশিং	থোক	৩.০০	১০০%	৩.০০(১০০%)
	(গ)কন্টিনজেন্সী	থোক	২৫.০০	১০০%	২৫.০০(১০০%)
২১	**মেরামত,রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন**				
	অন্যান্য ভবন ও অবকাঠামো (বিদ্যমান অফিসার সেড, অফিস সেড ও ষ্টাফ সেড মেরামত ও রক্ষণাবেক্ষণ)	থোক	৩০.০০	১০০%	২৯.৭২(৯৯.০৭%)
	গ্রামীণ সড়ক ও কালভার্ট ও ড্রেনেজ সিস্টেম(সংযোগ সড়ক পার্শ্বের উন্নয়ন ও পেলিসেডিং কাজ, সংযোগ সড়ক, ব্রীজ ও কালভার্টের মেরামত ও রক্ষণাবেক্ষণ, বিদ্যমান আভ্যন্তরীণ সড়কের মেরামত ও রক্ষণাবেক্ষণ)	থোক	৫৯.০ ০	১০০%	৪৩.৪৭(৭৩.৬৭%)
২২	বিদ্যমান ড্রেনেজ ব্যবস্থা মেরামত ও রক্ষণাবেক্ষণ	থোক	৪.০০	১০০%	১.০০(২৫%)
	মোট (রাজস্ব)		**২৬১০.০৬**	**-**	**২০৭৩.২৬(৭৯.৪৩%)**
	মূলধন অংগ				
২৩	**মেশিনারি ও অন্যান্য ইকুইপমেন্টস (আমদানি)**				
	ড্রিলীং	লট	২৮৬৫.০০	১০০%	১৮৬০.৬৩(৯১.৬৭%)
	রিগ মেইনটিন্যান্স	লট	৭০০.০০		-
	ওয়েল সার্ভিস	লট	২০৮.০০		-
২৪	**কম্পিউটার, অফিস সরঞ্জাম**				
	(ক)কম্পিউটার ও এক্সেসরিজ	সেট	৩.০০	১০০%	২.৭৫(৯১.৬৭%)
	(খ)অফিস সরঞ্জাম	লট	৫.০০	১০০%	৩.০৯(৬১.৮০%)
	(গ)ফার্নিচার ও ফিক্সচার	লট	৫.০০	১০০%	**৫.৫৮(১১১.৬০%)**
২৫	ইলেকট্রিক্যাল স্পেয়ারস এন্ড ইকুইপমেন্ট	লট	২৫.০০	১০০%	২৩.৫৮(৯৪.৩০)
২৬	অন্যান্য (স্থানীয়ভাবে সংগৃহীত মেটিরিয়ালস, ইকুইপমেন্টস ও স্পেয়ার)	-	৭০.৪৩	১০০%	**৭৫.৫৬(১০৭.২৮%)**
২৭	ফায়ার এক্সটিনগুইজার	-	৭.০০	১০০%	১.৯৯(২৮.৪৩%)
২৮	ভূমি অধিযাচন	৪.৮৩ হেক্টর	১৩.০৪	২.৯৬ হেক্টর	৮.৬৯(৬৬.৬৪%)
২৯	ভূমি উন্নয়ন	১৩৫০ ০০	৩৯০.১৫	-	১৬৫.২৫(৪২.৩৬%)
৩০	অন্যান্য ভবন ও অবকাঠামো		২৬৬.০০		২৩৯.০৪(৮৯.৮৬)
৩১	উন্নয়ন আমদানি ডিউটি ও ভ্যাট	থোক	১৫০.৯২	১০০%	১৪৬.০০(৯৬.৭৪)
৩২	পরিবেশগত প্রভাব সমীক্ষা	থোক	৫.৪০	১০০%	৫.১৮ (৯৫.৯৩)
৩৩	জেটি এক্সপেনডিচার	থোক	৪০.৫৪	১০০%	৩২.৭৭(৮০.৮৩%)
৩৪	প্রি-শিপমেন্ট ফি	-	১০.০০	১০০%	১০.০০(১০০%)
	মোট (মূলধন)		**৪৭৬৪.৪৮**		**২৫৮০.১১**
৩৫	কষ্ট এক্সক্যালেশন	থোক	৭৩৭.৪৫		
	মোট: রাজস্ব+মূলধন		**৮১১২.০০**		**৪৬৫৩.৩৭**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বাপেক্স কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন।

০৭. **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ**

০৭.১. **প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি :-**

দেশের প্রাকৃতিক গ্যাসের চাহিদার বিপরীতে সরবরাহ পরিস্থিতি উন্নয়নের লক্ষ্যে দেশব্যাপী তেল/গ্যাস অনুসন্ধানের নিমিত্ত দেশের সমগ্র ভূ-খন্ডকে নির্ধারিত সংখ্যক ব্লকে ভাগ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বাপেক্স কর্তৃক হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদনের নিমিত্ত শ্রীকাইল এলাকা বাপেক্সের জন্য Ring fenced করা হয়। উল্লেখ্য যে, ২০০৪ সালে বাপেক্স "শ্রীকাইল অনুসন্ধানমূলক কূপ খনন" প্রকল্পের আওতায় জিওবি অর্থায়নে শ্রীকাইল স্ট্রাকচারে ৩৫৮৩ মিটার গভীরতা সম্পন্ন একটি অনুসন্ধানমূলক কূপ খনন করে। ড্রিলিং এ প্রাপ্ত তথ্য অনুযায়ী ৩৩৭৩-৩৫৪৩ মিটার গভীরে ৬টি গ্যাস ধারণক্ষম জোন আবিস্কৃত হয়।কিন্তু গ্যাসের উচ্চচাপ ও অন্যান্য কারিগরি কারণে শুধুমাত্র ৪ (চার)টি জোন পরীক্ষা করা সম্ভব হয়। এর মধ্যে একটি মাত্র জোন (গভীরতা ৩৩৩৪-৩৩৭৩ মিটার) হতে গ্যাসের পরিষ্কার প্রবাহ পাওয়া গেলেও Formation damage অথবা Low permeability অথবা উভয় কারণে উক্ত প্রবাহ দীর্ঘস্থায়ী হয়নি। সাইসমিক সার্ভে ডেটার অপর্যাপ্ততা এবং এর ফলে যথার্থ স্থানে কূপ খনন স্থান নির্ধারিত না হওয়ার কারণে উক্ত কূপ হতে বাণিজ্যিকভাবে গ্যাস আহরণ করা সম্ভব হয়নি।

পরবর্তীতে, ২০০৫-২০০৬ সালে তাল্লো তেল কোম্পানী কর্তৃক শ্রীকাইল ভূ-গঠন এলাকায় ১৩২.৫০ লাইন কিলোমিটার ২-ডি সাইসমিক সার্ভে পরিচালনা করা হয়। এ সার্ভে হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণেও শ্রীকাইল ভূ-গঠনে হাইড্রোকার্বনের উপস্থিতির প্রমাণ পাওয়া যায়। উল্লেখ্য যে, শ্রীকাইল স্ট্রাকচারকে পরিবেস্টন করে পশ্চিমে বাখরাবাদ গ্যাস ফিল্ড, পূর্বে সালদা নদী গ্যাস ফিল্ড, দক্ষিণে বানগোরা গ্যাস ফিল্ড এবং উত্তর-পূর্বে তিতাস গ্যাস ফিল্ডের অবস্থান। ভূ-অভ্যন্তরে বর্ণিত সকল গ্যাস ফিল্ডের ভূ-তাত্ত্বিক পরিবেশ প্রায় একই ধরণের বিধায় শ্রীকাইল স্ট্রাকচারের হাইড্রোকার্বন প্রাপ্তির সম্ভাবনা উজ্জ্বল।

এমতাবস্থায়, উল্লিখিত সম্ভাবনার কথা বিবেচনা করে শ্রীকাইল স্ট্রাকচারের ৩৬০০ মিটার (±৫০) গভীরে ২য় অনুসন্ধান কূপ খনন এবং খননের পর তেল/গ্যাস আবিস্কারের লক্ষ্যে কূপ টেস্টিং এর জন্য "শ্রীকাইল তেল/গ্যাস অনুসন্ধান কূপ খনন (কূপ নং-২)" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়। মূল প্রকল্প ৮১১২.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সম্পূর্ণ জিওবি অর্থায়নে ও জুলাই ২০০৮-ডিসেম্বর ২০১০ বাস্তবায়নের জন্য ১৫ জুলাই ২০০৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে তিন দফায় প্রকল্পের মেয়াদ ৩০ জুন ২০১৩ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়।

০৭.২. **প্রকল্পের মূল উদ্দেশ্য:**

শ্রীকাইল স্ট্রাকচারে আনুমানিক ৩৬০০ মিটার (±৫০) গভীরতা পর্যন্ত অনুসন্ধান কূপ খনন এবং কূপ খনন শেষে তেল/গ্যাসের আবিস্কারের লক্ষ্যে কূপের টেস্টিং সম্পন্ন করা ।

০৮. **প্রকল্প পরিচালকঃ**

বাপেক্সের জেনারেল ম্যানেজার (পরিকল্পনা) বর্তমানে পরিচালক (অপারেশন) জনাব মো: ইউসুফ হারুন প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

০৯. **প্রকল্প পরিদর্শন** :

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদশর্নের জন্য আইএমইডি'র উপ-পরিচালক জনাব মো: সাইফুল ইসলাম কর্তৃক গত ০৮ নভেম্বর ২০১৪ তারিখে প্রকল্প এলাকা অর্থ্যাৎ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলায় শ্রীকাইল গ্যাস ক্ষেত্রের ২ নং কূপ এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। এছাড়া ১০ নভেম্বর ২০১৪ তারিখে ঢাকায় বাপেক্স অংশের প্রকল্প অফিস পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক ও প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সহায়তা প্রদান করেছেন।

১০. **প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ**

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
শ্রীকাইল স্ট্রাকচারে আনুমানিক ৩৬০০ মিটার (±৫০) গভীরতা পর্যন্ত অনুসন্ধান কূপ খনন করা এবং কূপ খনন শেষে তেল/গ্যাসের আবিস্কারের লক্ষ্যে কূপের টেস্টিং সম্পন্ন করা ;	শ্রীকাইল স্ট্রাকচারে ৩২১৪ মিটার গভীরতা পর্যন্ত অনুসন্ধান কূপ খনন করে বাণিজ্যিকভাবে উৎপাদনযোগ্য গ্যাসের মজুদ আবিস্কৃত হয়েছে এবং কূপ হতে জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ করা হচ্ছে।

১১. প্রকল্পের প্রধান প্রধান অংগ বাস্তবায়নের বিবরণঃ

১১.১ জমি অধিযাচন:

প্রকল্পের কূপ খননের এলাকা নির্ধারণের পর খনন এলাকা, বিভিন্ন পূর্ত কাজ ও সুবিধাদি স্থাপনের প্রয়োজনে ডিপিপিতে ৪.৮৩ হেক্টর জমি অধিযাচনের সংস্থান থাকলেও ২.৯৬ হেক্টর জমি অধিযাচনের প্রয়োজন হয়েছে। ২৫ মে ২০১০ অধিযাচনকৃত জমি প্রকল্পের অনুকূলে হস্তান্তর করা হয়। জমি অধিযাচনের ব্যয় হয় ৮.৬৯ লক্ষ টাকা যা এ খাতে বরাদ্দের ৬৬.৬৪%।

১১.২ মেশিনারি, ইকুইপমেন্ট/কেমিকেল সংগ্রহ (আমদানি):

ড্রিলীং মালামাল, রিগ মেইনটিন্যান্স ও ওয়েল সার্ভিস মালামাল সংগ্রহের জন্য ডিপিপিতে মোট ৩৭৭৩.০০ লক্ষ টাকা বরাদ্দ আছে। তন্মধ্যে ব্যয় হয়েছে ১৮৬০.৬৩ লক্ষ টাকা যা এ খাতে সংস্থানের ৪৯.৩১%। রিগ মেইনটিন্যান্স ও ওয়েল সার্ভিস খাতে অর্থ ব্যয় করার প্রয়োজন হয়নি। কূপ খনন কাজের প্রয়োজনীয় কেমিক্যাল সামগ্রী (API Glass 'G' সিমেন্ট, সিমেন্ট এডিটিভস, মাড কেমিক্যালস এন্ড রিএজেন্টস্, কমপ্লিশন কেমিক্যাল) সংগ্রহ করা হয়েছে।এ খাতে ব্যয় হয়েছে ২৬০.৫২ লক্ষ টাকা যা এ খাতের বরাদ্দের ৯২.৮০%।

১১.৩ পূর্ত কাজ:

কেমিক্যাল স্টোর/ গোডাউন ফ্লোর ও ফাউন্ডেশন, কূপ অভিমুখী আভ্যন্তরীন রোড ও এক্সটারনাল সংযোগ সড়ক, রিগ ফাউন্ডেশন (আরসিসি পাইল ও ওয়েল সাইট কনস্ট্রাকশন),ডিপ টিউবওয়েল ফাউন্ডেশন, স্যালো টিউবওয়েল (পানি সরবরাহ ব্যবস্থাসহ),ওয়েল সাইট ইয়ার্ড,ক্যাট ওয়ার্ক, সারফেস ড্রেইন, টয়লেট, সেফটি ট্যাংক, সোক ওয়েল, কালভার্ট ইত্যাদি কার্য সম্পন্নের জন্য ডিপিপিতে ২৬৬.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এর মধ্যে ব্যয় হয়েছে ২৩৯.০৪ লক্ষ টাকা যা এ খাতের বরাদ্দের ৮৯.৮৬%।

১১.৪ ড্রিলীং কার্যক্রম:

সামগ্রিক ড্রিলীং কার্যক্রম বিষয়ে প্রকল্প পরিচালকের নিকট হতে তথ্য সংগ্রহ করা হয়। বাপেক্সের নিজস্ব Gardner Denver-1100E Second Rig এর মাধ্যমে কূপ খনন কাজ সম্পাদন করা হয়। ২০১২ সালের ফেব্রুয়ারি মাসে রিগ প্রকল্পের সাইটে আনা হয়। ০৫ মে ২০১২ তারিখে Spud-in এর মাধ্যমে খনন কাজ শুরু করা হয়।

০৬-২৬ মে ২০১২ তারিখে Well Head ও Blow Out Preventer (BOP) (Surface Casing ও Intermediate Casing সহ) স্থাপন করা হয় এবং প্রয়োজনীয় সিমেন্টেশন ও টেস্টিং সম্পন্ন করা হয়। ১৩ জুন ২০১২ তারিখে Production Casing সহ Well Head ও BOP স্থাপন করা হয় এবং ১৪-২৯ জুলাই ২০১২ তারিখে Linner Casing স্থাপন করা হয় এবং প্রয়োজনীয় সিমেন্টেশন, লগিং, সিমেন্ট স্কুইজিংও টেস্টিং সম্পন্ন করা হয়। ৩০ জুলাই-২৩ আগষ্ট ২০১২ তারিখে ডিএসটি সম্পন্ন করা হয় এবং ২৯৩১-২৯৩৭.৪৫ মিটার, ২৯৫১.৯৫-২৯৫৪.৫০ মিটার, ২৯৫৪.৫০-২৯৬০.৯৫ মিটার ও ২৯৬৩.৫৫-২৯৬৯ মিটার গভীরতায় পারফোরেশন করা হয়।



চিত্র: শ্রীকাইল ২ নং গ্যাস কূপ ও গ্যাস প্রসেস প্লান্ট

১৫ সেপ্টেম্বর ২০১২ তারিখে Well Completion কাজ সম্পন্ন করা হয় এবং শ্রীকাইল ২ নং কূপ হতে বাণিজ্যিকভাবে গ্যাস উৎপাদনের ঘোষণা প্রদান করা হয়। ০২ মার্চ ২০১৩ তারিখে প্রতিদিন ২৩ মিলিয়ন কিউবিক ফিট হারে হারে জাতীয় গ্রীডে গ্যাস সরবরাহ শুরু হয়। ০৩ মার্চ ২০১৩ হতে ০৮ নভেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত সর্বোচ্চ ২৬ এমএমসিএফডি ও সর্বনিম্ন ১৮.৯৫ এমএমসিএফডি হারে গ্যাস উৎপাদন করা হয়। অনুসন্ধান কূপের খনন কার্যক্রম ও টেস্টিং শেষে শ্রীকাইল ভূ-কাঠামোতে ০২ টি গ্যাস জোন আবিস্কৃত হয়। গ্যাস জোন দু'টি ২৯১২-২৯৭০ মিটার গভীরতায় ৫৮ মিটার পুরুত্বের D-Upper এবং ৩০০২-৩০২৮ মিটার গভীরতায় ২৬ মিটার পুরুত্বের D-lower এবং গ্যাস জোন দু'টির সম্ভাব্য গ্যাস মজুদ এর পরিমাণ যথাক্রমে ২৪০ বিসিএফ এবং ১৯৫ বিসিএফ এবং সম্ভাব্য উৎপাদনযোগ্য গ্যাসের মজুদ ৩০৪.৫০ বিসিএফ।

১১.৫ প্রকল্পের প্রধান প্রধান প্যাকেজের প্রকিওরমেন্টের সংক্ষিপ্ত চিত্র নিম্নরূপ:

প্রকিওরমেন্টের বর্ণনা (বিড ডকুমেন্ট মোতাবেক পণ্য,কাজ/ সেবা)	টেন্ডার /বীড/ (লক্ষ টাকায়)		টেন্ডার /বীড		কাজ, সেবা সম্পন্নের তারিখ /পণ্য সরবরাহের তারিখ	
	ডিপিপি	চুক্তিমূল্য	আহবানের তারিখ	চুক্তিস্বাক্ষর/এলসি খোলার তারিখ	চুক্তি মোতাবেক	প্রকৃত
ওয়েল কন্ট্রোল ইকুইপমেন্টস	৩৫০.০০	৩৪৯.০০	০১-০৪-২০১০	১৩-০৪-২০১০	১৭-৮-২০১০	২৫-০৬-২০১০
ওয়ার লাইন লগিং সার্ভিসেস	৮০০.০০	৫৫৭.০০	১১-০৪-২০১০	০৩-১২-২০১০	৩০-৬-২০১২	৩০-১২-২০১৩
মাড কেমিক্যাল ও রিএজেন্ট এপারেটাস	২২৫.০০	২৬৭.০০	২০-১১-২০১১	০৮-১-২০১১	০৮-৪-২০১১	১৪-৪-২০১২
কেজিং ও লাইন হ্যাংগার	৮৫০.০০	৬৪৯.০০	২৭-১১-২০১১	২৮-৬-২০১১	১০-১-২০১২	১৫-১১-২০১১

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বাপেক্স কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন।

১২. পর্যবেক্ষণ:

১২.১ প্রকল্পের বাস্তবায়নের মাধ্যমে শ্রীকাইল স্ট্রাকচারের গ্যাসের সন্ধান তথা উৎপাদনযোগ্য গ্যাসের মজুদ সম্পর্কে ধারণা পাওয়া গিয়েছে। বর্তমানে খননকৃত ২ নং কূপ হতে প্রতিদিন আনুমানিক ২০ এমএমসিএফডি হারে গ্যাস জাতীয় গ্রীডে সরবরাহ করা হচ্ছে যা দেশের ক্রমবর্ধমান গ্যাসের চাহিদা পূরণে কিছুটা হলেও সহায়ক হচ্ছে। উল্লেখ্য যে, বর্নিত ২ নং কূপটি খননের পর অপর একটি প্রকল্পের আওতায় শ্রীকাইল ৩ নং কূপের খনন শেষে জাতীয় গ্রীডে ২০ এমএমসিএফডি হারে গ্যাস সরবরাহ করা হচ্ছে যা শ্রীকাইল স্ট্রাকচারের গ্যাসের মজুদ সম্পর্কে একটি ইতিবাচক ধারণা প্রদান করে।

১২.২ প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করতে মূল ডিপিপিতে নির্ধারিত সময় অপেক্ষা দ্বিগুন বেশী সময় লেগেছে। প্রকল্প শুরুর পূর্বে অপর কর্মসূচির আওতায় সংগৃহীত সাইসমিক উপাত্তের বিশ্লেষণপূর্বক শ্রীকাইল কূপ নং-২ এর ড্রিলীং পয়েন্ট লোকেশন নির্ধারণে অনেক সময় ব্যয় হয়। ড্রিলীং লোকেশন নির্ধারণের পর ভূমি অধিযাচনের প্রক্রিয়া শুরু হয়। সেটি সমাপ্ত হতে ১(এক) বছর সময় লাগে। ভুমি অধিগ্রহণের কাজ বিলম্বিত হওয়ায় প্রকল্পের ভূমি উন্নয়ন ও অবকাঠামো নির্মাণ কাজ বিলম্বিত হয়। পরবর্তীতে কূপ খননের জন্য নির্ধারিত রিগ মেশীনটি অপরাপর অগ্রাধিকার খনন প্রকল্পের কাজে নিয়োজিত থাকায় নির্ধারিত সময়ে কূপ খননের জন্য রীগের সিডিউল পাওয়া যায়নি। বর্ণিত তিনটি কারণেই মূলত: প্রকল্পের বাস্তবায়ন কাজ বিলম্বিত হয়।

১২.৩ প্রকল্পের আর্থিক ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, 'দৈনিক ভাতা (ফিল্ড মেসিং)', 'পেট্রোলিয়াম ও অন্যান্য লুব্রিকেন্ট', 'ক্যাজুয়াল লেবার', 'সিকিউরিটি গার্ড', 'ফার্ণিচার ও ফিক্সচার' ও 'অন্যান্য (স্থানীয়ভাবে সংগৃহিতব্য ইকুইপমেন্ট ও স্পেয়ারস)', খাতে ডিপিপি'র সংস্থানের চেয়ে যথাক্রমে ৭.৮১%, ২.২৪%, ৮১.৮৭%, ৩৩.১৭%, ১১.৬০% ও ৭.২৮% অতিরিক্ত অর্থ ব্যয় করা হয়েছে। এ অতিরিক্ত অর্থ বাপেক্সের নিজস্ব তহবিল হতে নেয়া হয়েছে। ডিপিপিতে প্রয়োজনীয় সংশোধনী অথবা প্রয়োজনে অনুমোদিত ডিপিপি'র আন্ত:খাত সমন্বয় ব্যতিরেকে অননুমোদিতভাবে এ অর্থ খরচ করা হয়েছে যা আর্থিক ও পরিকল্পনা শৃংখলার পরিপন্থী।

১২.৪ ২০১২-১৩ অর্থ বছরের প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি মর্মে জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। উক্ত অডিট সম্পন্নের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১৩. <u>সুপারিশ :</u>

১৩.১ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বাপেক্স শ্রীকাইল গ্যাস ফিল্ডে আরো নূতন কূপ খননের সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে পারে (অনুচ্ছেদ ১২.১);

১৩.২ ডিপিপি'র কতিপয় অংগের সংস্থানের চেয়ে অতিরিক্ত অর্থ ব্যয় হওয়ার বিষয়টি জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.৩);

১৩.৩ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স প্রকল্পের ২০১২-১৩ অর্থ বছরের প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্নকরণের ব্যবস্থা করা সহ অডিট প্রতিবেদনে কোন আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনুচ্ছেদ ১২.৪);

১৩.৪ অনুচ্ছেদ ১৩.১-১৩.৩ এর আলোকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডিকে অবহিত করতে হবে।

আপগ্রেডেশন অব ডাটা সেন্টার অব বাপেক্স

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ নভেম্বর, ২০১২)

০১। প্রকল্পের নাম : আপগ্রেডেশন অব ডাটা সেন্টার অব বাপেক্স

০২। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/ জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

০৩। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিমিটেড (বাপেক্স)

০৪। প্রকল্পের এলাকা : পেট্রোসেন্টার ভবন, ৩ কারওয়ানবাজার, ঢাকা-১২১৫

০৫।**প্রকল্পের বাস্তবায়ন কাল ও ব্যয়ঃ**

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য (এশীয় উন্নয়ন ব্যাংক)		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য (এশীয় উন্নয়ন ব্যাংক)	বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য (এশীয় উন্নয়ন ব্যাংক)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৪১.৪০ ৩৫৬.০৩ ২০৮৫.৩৭	১৩৪০.০০ ২২৭.০০ ১১১৩.০০	১২৯৫.১০ ১৮৯.১৬৫ ১১০৫.৯৩৫	জুলাই ২০০৬-জুন ২০০৭	জুলাই ২০০৬-নভেম্বর ২০১২	জুলাই ২০০৬-নভেম্বর ২০১২	-	৫ বছর ৫ মাস (৫৪১.৬৭%)

০৬। **প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী কাজ/অংগ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	রাজস্ব অংগ				
১	ম্যাগনেটিক টেপকে কাটিজে রুপান্তর	২০০০০টি	২৫.৬০	১৯১৬৫ টি	২৫.৫৮
২	ড্রব্যাক ডিউটি'র বিপরীতে সার্ভিস চার্জ, সিডি, ভ্যাট ও আইটি ভ্যাট		২.০০		
৩	অন্যান্য কর (পরামর্শকের আইটি ভ্যাট)		১১২.০০		১০৫.৩৫
৪	কমিউনিকেশন চার্জ		১.০০		০.৬৮২
৫	বীমা, ব্যাংক চার্জ, এলসি কমিশন		১৮.০০		১০.৮৬৭
৬	স্টেশনারীজ		৩.০০		২.৮৪২
৭	প্রশিক্ষণ	০৩ জনমাস	২৭.২০	০৩ জনমাস	২৭.১৮
৮	যানবাহন ভাড়া	২টি	২১.০০	২টি	২০.৯৭৫
৯	অপারেশনাল এক্সপার্ট খরচ	৪২ জনমাস	৫৬৮.০০	৪২ জনমাস	৫৬১.২৯৪
১০	কম্পিউটার ও অফিস সামগ্রী		৫.০০		৪.৯০
১১	ইকুপমেন্টস্, ফার্ণিচার ও ফিক্সচার, মেইনটিন্যান্স ও স্পেয়ারস্		১.০০		০.৫৮৯
১২	বিদ্যমান কোর স্টোরেজের সংস্কার ও পুনর্বাসন		১০.০০		৭.১৫৩
	মোট রাজস্ব		**৭৯৩.৮০**		**৭৬৭.৪১**
	মূলধন অংগ				

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত ২য় সংশোধিত ডিপিপি (আরডিপিপি) অনুযায়ী কাজ/অংগ	আরডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	রাজস্ব অংগ				
১৩	ফটোকপিয়ার,সিডি, ফ্লপি, ক্যাসেট ইত্যাদি	লট	৫.০০		৩.৮৭৩
১৪	হার্ডওয়্যার,স্ক্যানার,প্লটার,ডিজিটাল ক্যামেরা ইত্যাদি সংগ্রহ	লট	৩২৭.৪০		৩২৭.২৪
১৫	ডেটা ম্যানেজমেন্ট সফটওয়্যার সংগ্রহ	লট	৯৬.৯০		৯৬.৮৩
১৬	অফিস সামগ্রী	লট	৩.০০		২.১৯১
১৭	ফায়ারপ্রুফ আলমিরাহ	লট	৫৮.৬০		৫৮.৫৪
১৮	ফার্নিচার ও ফিক্সার	লট	৯.০০		৭.৭৪৯
১৯	কোর ওয়্যার হাউজ সামগ্রী	লট	৯.৩০		৯.২৭
২০	কমিউনিকেশন ইকুপমেন্ট	লট	৫.০০		১.৩৪৫
২১	ইলেকট্রিকাল সামগ্রী	লট	১৫.০০		১২.২৩৩
২২	সিডি, ভ্যাট ও এআইটি	লট	১২.০০		৪.৩৭৬
২৩	জেটি খরচ	লট	১.০০		০.৩৪৮
২৪	প্রি-শিপমেন্ট পরিদর্শন ফি	লট	১.০০		০.৭২
২৫	আনফরসিন খরচ	থোক	৩.০০		২.৯৭৫
	মোট মূলধন		**৫৪৬.২০**		**৫২৭.৬৯**
	মোট (রাজস্ব+মূলধন)		**১৩৪০.০০**		**১২৯৫.১০**

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বাপেক্স কর্তৃক প্রণীত প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন

০৭। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ

০৭.১। পটভূমি:

দেশে জ্বালানী ও খনিজ সম্পদের অনুসন্ধান, আবিস্কার এবং এর যথাযথ ব্যবহারের ওপর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন অনেকাংশে নির্ভরশীল। অনুসন্ধান কার্যক্রমের জন্য কারিগরি সহায়তার পাশাপাশি অনেক ধরণের তথ্য, প্রতিবেদন, মানচিত্র ইত্যাদির প্রয়োজন হয়। উল্লেখ্য যে, ১৯৬২ সালে বাংলাদেশে (তদানীন্তন পূর্ব পাকিস্তান) তেল ও গ্যাসের অনুসন্ধান কার্যক্রম শুরু হয়। ১৯৬২-৭১ সাল পর্যন্ত হাইড্রোকার্বন অনুসন্ধান ও উৎপাদনের সাথে সম্পর্কিত সকল ডাটা তৎকালীন Oil and Gas Development Company (OGDC) এর করাচীস্থ প্রধান কার্যালয়ে সংরক্ষণ করা হতো। সে সময়ে এ অঞ্চলে যে সকল জিওলজিক্যাল ও সাইসমিক ডাটা পাওয়া যায় তা OGDC এর চট্টগ্রামস্থ আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষণ করার ব্যবস্থা থাকলেও তা যথাযথভাবে সংরক্ষণ করা হয়নি।

স্বাধীনতার পর বাংলাদেশে জিওফিজিক্যাল, জিওলজিক্যাল ও ড্রিলিং কার্যক্রম পুনরায় শুরু হয়। সত্তর দশকের প্রথমদিকে আন্তর্জাতিক তেল কোম্পানীকে কিছু অফসোর ব্লক প্রদান করা হয়। সত্তরের মধ্যভাগ থেকে বিপুল পরিমাণে সাইসমিক ডেটা (ম্যাগনেটিক টেপ আকারে), সেকশন, ওয়েল লগ ও রিপোর্ট আন্তর্জাতিক তেল কোম্পানীর নিকট হতে সংগ্রহ করা হয়। এ বিপুল পরিমাণ ডাটা সংরক্ষণের উদ্দেশ্যে বিশ্বব্যাংকের কারিগরি সহায়তায় ডেটা ব্যাংকের কার্যক্রম শুরু হয় এবং ১৯৮৪ 'ডেটা সেন্টার' নামে বাপেক্সের একটি বিভাগ প্রতিষ্ঠা করা হয়। তখন থেকে এটি বাংলাদেশের তেল ও গ্যাসের অনুসন্ধান সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ, শ্রেণীবিভাজন এবং রক্ষণাবেক্ষণের ডাটা ব্যাংক হিসেবে কাজ করছে।

উল্লিখিত ডাটা সেন্টারে প্রায় কুড়ি হাজার ফিল্ড ম্যাগনেটিক টেপ (১/২ ইঞ্চি ও ১ ইঞ্চি স্পুল),তিন হাজার বিভিন্ন ধরণের রিপোর্ট, বিশাল ভলিয়ুম ম্যাপ ও লগ পুরাতন সনাতন পদ্ধতিতে সংকীর্ণ পরিসরে বিভিন্ন র‍্যাকস্, স্টীল ফাইল কেবিনেট, আলমিরা ও কাঠের কেসে রাখা হত। এ সকল সাইসমিক ও লগ ডেটার ম্যাগনেটিক টেপ তাপমাত্রা ও আদ্রতার পরিবর্তনের সাথে ক্ষতিগ্রস্ত হয়। তাছাড়া এগুলো রিউইন্ডিং ও পরিস্কার করতে অতিরিক্ত জায়গার প্রয়োজন হয়। অনেক সাইসমিক ম্যাগনেটিক টেপের আয়রন অক্সাইড কোটিং অজানা কারণে নষ্ট হয়ে যায়। এছাড়া এ সমস্ত ম্যাগনেটিক রিলে ডাটা ধারণের যে প্রযুক্তি (TIAC, Sequential, SEG-A,B,C,D,Y etc) ব্যবহার করা হয়েছে তা সময়ের পরিক্রমায় তেল /গ্যাস সেক্টরে অপ্রচলিত ও পুরাতন হয়ে পড়েছে। এর মধ্যে অনেকগুলো টেপ স্টিকি হয়ে গিয়েছে যেগুলো থেকে বিশেষ ট্রিটমেন্ট ছাড়া ডাটা পাওয়া অসম্ভব হয়ে পড়ে।

বর্ণিত টেপ, ওয়েল সেকশন ও রিপোর্ট ছাড়াও সত্তর দশকের প্রথমভাগ থেকে দেশের বিভিন্ন ফিল্ডের ৪০টি কূপের নমুনা, ডিচ কাট নমুনা এবং সারফেস নমুনা চট্টগ্রামে বিদ্যমান বাপেক্সের কোর স্টোরেজে বিক্ষিপ্তভাবে ছড়ানো ছিটানো অবস্থায় ছিল। এগুলোও যথাযথভাবে সংরক্ষণ করা প্রয়োজন হয়ে পড়ে। এমতাবস্থায়, বাপেক্সের ডাটা সেন্টারে বিদ্যমান সকল তথ্য হাই ডেনসিটি মিটিয়াতে (কার্টিজ/ডিভিডি) রুপান্তর এবং চট্টগ্রামে বিদ্যমান কোর নমুনা স্টোরেজের সংস্কারের মাধ্যমে আধুনিক কোর স্টোরেজ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে আলোচ্য প্রকল্প গ্রহণ করা হয়।

০৭.২। **উদ্দেশ্যঃ**

দেশের তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ খাতের অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন করা। এ উদ্দেশ্য অর্জনের জন্য প্রকল্পের আওতায় নিম্নোক্ত কার্যক্রম অন্তর্ভুক্ত করা হয়েছে:
(ক) ম্যাগনেটিক টেপকে উপযুক্ত হাই ডেনসিটি মিডিয়াতে রপান্তর (ডেটা রুপান্তর) করা;
(খ) সাইসমিক সেকশন, ওয়েল লগ, ম্যাপ, রিপোর্ট ইত্যাদি ডিজিটাল ইমেজে রুপান্তর করা;
(গ) ডিজিটাল সাইসমিক এবং লগ ডাটার ব্যবস্থাপনা ও ডিজিটালকরণ;
(ঘ) চট্টগ্রামে বিদ্যমান বাপেক্সের কোর নমুনা স্টোরেজের সংস্কার করা।

০৮। **প্রকল্প পরিদর্শন:**

প্রকল্পের বাস্তবায়িত কাজ সরেজমিনে পরিদর্শনের জন্য আইএমইডি-এর শিল্প ও শক্তি সেক্টরের পরিচালক (শক্তি) জনাব মো: নিয়াজুল হক ও উপ পরিচালক (জ্বালানী) মো: সাইফুল ইসলাম কর্তৃক গত ২১ আগষ্ট ২০১৪ তারিখে প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক বেগম আজিজুননাহার, (মহাব্যবস্থাপক, বাপেক্স), বাপেক্সের ডেটা ম্যানেজমেন্ট বিভাগের মহাব্যবস্থাপক ও উপ মহাব্যবস্থাপক এবং প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তগণ উপস্থিত ছিলেন। প্রকল্প পরিচালক প্রকল্পের শুরু হতে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

০৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
দেশের তেল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদের অনুসন্ধান ও উৎপাদন সংক্রান্ত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন করার লক্ষ্যে প্রকল্পের আওতায় নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করা:	
ম্যাগনেটিক টেপসমুহকে উপযুক্ত হাইডেনসিটি মিডিয়াতে রুপান্তর করা।	ম্যাগনেটিক টেপকে ডিজিটাল ফরমেটে রুপান্তরিত করে কম্পিউটারাইজড ডাটা ম্যানেজমেন্ট সিস্টেমে ও ডিভিডি/কার্টিজে সংরক্ষণ করা হয়েছে।
সাইসমিক সেকশন, ওয়েল লগ, ম্যাপ, রিপোর্ট ইত্যাদিকে ডিজিটাল ইমেজে রুপান্তর করা।	ডিজিটাল ইমেজে রুপান্তর করা হয়েছে।
সাইসমিক ও লগ ডাটার ব্যবস্থাপনা ও ডিজিটালকরণ।	ডিজিটাল সাইসমিক ও লগ ডাটার স্টোরিং ও ব্যবস্থাপনার লক্ষ্যে একটি স্বতন্ত্র ডিজিটাল ডাটা সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে।
চট্টগ্রামে বাপেক্সের বিদ্যমান কোর নমুনা স্টোরেজের সংস্কার করা।	কোর স্টোরেজের সংস্কার করা হয়েছে।

১০। **প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ বাস্তবায়নের বিবরণঃ**

১০.১। এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর নির্দেশনা মোতাবেক এডিবি'র অর্থায়নে প্যাকেজ-১ এর আওতায় যন্ত্রপাতি, সফটওয়্যার ও এক্সেসরিজ (আনুষংগিক সার্ভিস সহ) সংগ্রহের জন্য International Competative Bidding (ICB) পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়। নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান M/S DPTS Limited, U.K. এর সাথে ৩০ জুন ২০১০ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ঠিকাদারী প্রতিষ্ঠান ৩০ জুন ২০১১ এর মধ্যে সকল মালামাল সরবরাহ সম্পন্ন করে। অপরদিকে উপযুক্ত হাই ডেনসিটি মিডিয়াতে ম্যাগনেটিক টেপ কনভারসনের জন্য (প্যাকেজ-২) Quality and Cost Based Selection (QCBS) প্রক্রিয়ায় পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন করা হয়। নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান OROGENIC RESOURCES SDN,BHD, Malaysia এর সাথে ২৬ মে ২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ম্যাগনেটিক টেপ কনভারসনের কাজ নভেম্বর ২০১২ এ সমাপ্ত হয়।

১০.২। **প্রশিক্ষণ (স্থানীয় ও বৈদেশিক):**
গ্যাস ও তেল সেক্টরের অনুসন্ধান ডাটা ও কোর ডাটা ব্যবস্থাপনা সিস্টেম বিষয়ে প্রকল্প পরিচালক, বাপেক্সের ডাটা ম্যানেজমেন্ট বিভাগের একজন উপ মহাব্যবস্থাপককে যুক্তরাজ্যে ০৪ সপ্তাহব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া ডাটা ম্যানেজমেন্ট বিভাগের একজন সহকারী ব্যবস্থাপককে ম্যাগনেটিক টেপ কনভারশন বিষয়ে যুক্তরাজ্যে ৩০ দিনের প্রশিক্ষণ প্রদান করা হয়। একই বিষয়ে এ বিভাগের একজন উপ মহাব্যবস্থাপক, দু'জন ব্যবস্থাপক ও একজন সহকারী ব্যবস্থাপককে স্থানীয়ভাবে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে প্রকল্প পরিচালক চাকুরী শেষে অবসরে গেছেন এবং একজন ব্যবস্থাপককে বাপেক্সের অন্য একটি বিভাগে বদলী করা হয়েছে। বাকী অফিসিয়ালগণ বাপেক্সের ডাটা সেন্টারে কর্মরত আছেন।

১১। **পর্যবেক্ষণঃ**

১১.১। আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলে বাপেক্সের ডাটা সেন্টারে সংরক্ষিত পুরোনো সাইসমিক ম্যাগনেটিক টেপ, ওয়েল লগ, সেকশন, রিপোর্ট ইত্যাদিকে যুগোপযোগী হাই ডেনসিটি ডিজিটাল ইমেজে রুপান্তরের মাধ্যমে সুরক্ষা প্রদান করা সম্ভব হয়েছে। এ সকল তথ্যাদি/ডাটা/রিপোর্ট পুরাতন ফরমেটের পরিবর্তে আধুনিক শিল্প স্ট্যান্ডার্ড SEG-Y ফরমেটে রুপান্তরের মাধ্যমে ডিজিটাল কম্পিউটারাইজড ম্যানেজমেন্ট সিস্টেমে সংরক্ষণের ফলে তাপমাত্রা ও আর্দ্রতার পরিবর্তন, রাসায়নিক প্রভাবের কারণে নষ্ট হয়ে যাওয়ার ঝুকি থাকবে না। ডাটার নিরাপত্তার জন্য ডাটা বিভিন্ন সার্ভার, হার্ড ডিস্কে রাখা হয়েছে। ডিজিটাল SEG-Y ফরমেটে সংরক্ষিত ডাটা বর্তমানে বাজারে প্রাপ্ত অন্যান্য আধুনিক সফটওয়্যারের সাথেও চলনসই। বাপেক্সের ডাটা সেন্টারে কম্পিউটার সার্ভারে উপযুক্ত প্রযুক্তি মাধ্যমে ডিজিটাল ফরমেটে যথাযথভাবে সংরক্ষিত ডাটা সহজেই অপারেট করা যায়। এছাড়া ডাটা সেন্টারে মাল্টিটারমিনাল কম্পিউটার সিস্টেম স্থাপন করায় দ্রুততার সাথে ব্যবহারকারীর চাহিদা মোতাবেক সেবা প্রদান করা সম্ভব হচ্ছে। সাম্প্রতিককালে অফসোর বিডিং এর সময় বিভিন্ন আন্তর্জাতিক কোম্পানীকে ডাটা সরবারহের মাধ্যমে বাপেক্সের উল্লেখযোগ্য পরিমাণ অর্থ আয় হয়েছে বলে পরিদর্শনে জানা যায়। বর্ণিত প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের তেল ও গ্যাস সেক্টরের অনুসন্ধান ডাটা/তথ্যাদির আধুনিক সংরক্ষণের ব্যবস্থা করা যেমন সম্ভব হয়েছে তেমনি তেল ও গ্যাস সেক্টরের অনুসন্ধান ও উৎপাদনের সাথে সংশ্লিষ্ট জাতীয় ও আন্তর্জাতিক কোম্পানীকে সেবা প্রদান করার সুযোগ সৃষ্টি হয়েছে।

১১.২। প্রকল্পের আওতায় বাপেক্সের ডেটা ম্যানেজমেন্ট বিভাগের বিভিন্ন অফিসিয়াল দেশে ও বিদেশে প্রযুক্তিগত প্রশিক্ষণ লাভ করেছেন। ফলে তাঁরা গ্যাস ও তেল সেক্টরের অনুসন্ধান ডাটা/কোর ডাটা ব্যবস্থাপনা ও এর সাথে সংশ্লিষ্ট আধুনিক যন্ত্রপাতি, সফটওয়্যার/হার্ডওয়্যারের পরিচালনা ও রক্ষণাবেক্ষণে সক্ষম হবেন বলে আশা করা যায়। তদুপরি বাপেক্স কর্তৃক নিয়মিত মনিটরিং এর মাধ্যমে বিষয়টি নিশ্চিত করা আবশ্যক। পরিদর্শনে জানা যায়, প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে একজন কর্মকর্তাকে বাপেক্সের অন্য বিভাগে বদলী করা হয়েছে। এর ফলে দক্ষ জনবলের অভাবে ডাটা ম্যনেজমেন্টের কাজে মন্থরতা আসতে পারে। সকল প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাই যাতে তাদের প্রশিক্ষণলব্ধ জান বাপেক্সের ডাটা সেন্টারে ডাটা ম্যনেজমেন্টের কাজে প্রয়োগ করতে পারেন সেটি নিশ্চিত করা প্রয়োজন। একইসাথে প্রশিক্ষণপ্রাপ্তদের মাধ্যমে বাপেক্সের সংশ্লিষ্ট অন্য অফিসিয়ালদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার বিষয়টিও বিবেচনা করা দরকার।

১১.৩। প্রকল্পের বাস্তবায়নে মূল ডিপিপি অপেক্ষা ৫ বছর ৫ মাস বিলম্ব ঘটেছে যা কাম্য নয়। যদিও প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ০১ বছর নির্ধারণ করা সঠিক হয়নি। কেননা এডিবি'র ফ্লো চার্ট মোতাবেক টেন্ডার ডকুমেন্ট পত্রিকায় প্রকাশ থেকে শুরু করে কন্ট্রাক্ট নেগোশিয়েশন হওয়া পর্যন্ত ০১ বছরের সময়ের প্রয়োজন হয়। মূলত: এডিবি'র সাথে ঋণচুক্তি কার্যকর হতে বিলম্ব হওয়া ও প্রকল্পের বাস্তবায়নকারী সংস্থা ও নির্বাহী সংস্থা নির্ধারণে বিলম্ব হওয়ার কারণে প্রাথমিকভাবে প্রকল্পের বাস্তবায়ন পিছিয়ে পড়ে। উল্লেখ্য যে, ডিপিপি অনুয়ায়ী প্রকল্পের শুরু জুলাই ২০০৬ হলেও এডিবি'র সাথে ঋণচুক্তি ২৮ নভেম্বর ২০০৬ তারিখ হতে কার্যকর হয়। এছাড়া মূল প্রকল্পে বাপেক্সকে নির্বাহী সংস্থা হিসেবে দেখানো হলেও পরবর্তীতে এডিবি'র নির্দেশনা মোতাবেক পেট্রোবাংলাকে নির্বাহী সংস্থা এবং বাপেক্সকে বাস্তবায়নকারী সংস্থা করা হয়। যথাসময়ে ঋণচুক্তি কার্যকর করা গেলে এবং প্রকল্পের নির্বাহী সংস্থা ও বাস্তবায়নকারী সংস্থা ডিপিপি অনুমোদনের সময় চূড়ান্ত করা হলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব অনেকাংশে পরিহার করা যেত বলে মনে হয়।

১১.৪। এডিবি'র গাইডলাইন মোতাবেক দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতে বিলম্ব হয়েছে। এডিবি'র অর্থায়নে ক্রয়, বিশেষজ্ঞ সেবা ইত্যাদি সম্পন্ন করার জন্য একটি দরপত্র দলিল প্রণয়ন করে এডিবি'র নিকট প্রেরণ করা হলে এডিবি ক্রয় কার্যক্রম ICB পদ্ধতির মাধ্যমে এবং বিশেষজ্ঞ সেবা গ্রহণের জন্য QCBS পদ্ধতির মাধ্যমে দরপত্র দলিল প্রণয়নের নির্দেশনা প্রদান করে। যন্ত্রপাতি ক্রয়ের লক্ষ্যে কারিগরি ও আর্থিক মূল্যায়নে এডিবি'র নিদের্শনা মোতাবেক বিভিন্ন সময়ে সংশোধনীর কারণে নির্দিষ্ট সময়ের অনেক পরে ১৬ জুলাই ২০০৯ তারিখে চুক্তি স্বাক্ষর হয়। পরবর্তীতে কিছু যন্ত্রপাতির আপগ্রেড ভার্সন পরিবর্তনজনিত কারণে এডিবি ও সংস্থার বোর্ডের অনুমোদনে বিলম্বের কারণেও যন্ত্রপাতি সংগ্রহে বিলম্ব ঘটে। অনুরূপভাবে প্যাকেজ -২ এর আওতায় ডেটা কনভারসনের জন্য প্রাপ্ত RFP এর উপর কারিগরি মূল্যায়ন প্রতিবেদনে এডিবি সংশোধন পূর্বক পুনরায়

মূল্যায়ন করে প্রেরণের নির্দেশনা প্রদান করে এবং ১১ জুলাই ২০১০ তারিখে চূড়ান্ত অনুমোদন প্রদান করে। নেগোশিয়েশন ড্রাফট কন্ট্রাক্ট ০৩ জানুয়ারি ২০১১ তারিখে এডিবি'র নিকট প্রেরণ করা হলে এডিবি ১৮ এপ্রিল ২০১১ তারিখে চুক্তি স্বাক্ষরের জন্য অনুমোদন প্রদান করে। ফলে চুক্তি স্বাক্ষরে বিলম্ব হয়। এডিবি'র গাইড লাইন মোতাবেক প্রকিওরমেন্ট পদ্ধতি নির্ধারণ, দরপত্র দলিল প্রনয়ন/সংশোধন, মূল্যায়ন প্রক্রিয়া ইত্যাদি ক্ষেত্রে এডিবি ও প্রকল্প বাস্তবায়নকারীর মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও সমন্বয় সৃষ্টি করা গেলে প্রকল্প বাস্তবায়নে বিলম্ব কমে যাওয়ার সুযোগ থাকত।

১১.৫। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক যন্ত্রপাতি ও মালামাল মোবিলাইজ করতে বিলম্ব হওয়ার কারণেও প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে। এছাড়া ডাটা সেন্টারে রক্ষিত ম্যাগনেটিক টেপের একটি বিশাল অংশের Physical condition অত্যন্ত খারাপ থাকায় তা থেকে সর্বোচ্চ মাত্রায় ডেটা পুনরুদ্ধারে প্রচুর সময় ব্যয় হয়েছে এবং সর্বোপরি সব ম্যাগনেটিক টেপের কনভারসন করাও সম্ভব হয়নি।

১১.৬। ২০১২-১৩ অর্থ বছরের প্রকল্পের এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি। ২০১১-১২ সালের অডিট প্রতিবেদনে অব্যয়িত অর্থ সরকার কোষাগারে জমা প্রদান না করায় অডিট আপত্তি প্রদান করা হয়েছে। উক্ত অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে পরিদর্শনে জানা যায়। অডিট আপত্তিটির চূড়ান্ত নিষ্পত্তি করা এবং ২০১২-১৩ অর্থ-বছরের অডিট সম্পন্নের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১২। **সুপারিশঃ**

১২.১। বাপেক্সের ডাটা সেন্টারে হাই ডেনসিটি ডিজিটাল ইমেজে সংরক্ষিত সাইসমিক ম্যাগনেটিক টেপ, ওয়েল লগ, সেকশন, রিপোর্ট ইত্যাদির সুষ্ঠু ব্যবস্থাপনা ও এর সাথে সংশ্লিষ্ট আধুনিক যন্ত্রপাতি, সফটওয়্যার/হার্ডওয়্যারের যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিয়মিত মনিটরিং এর মাধ্যমে নিশ্চিত করার জন্য বাপেক্স প্রয়োজনয়ীয় ব্যবস্থা/উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১১.২)।

১২.২। প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত সকল কর্মকর্তাই যাতে তাদেঁর প্রশিক্ষণলব্ধ জান বাপেক্সের ডাটা সেন্টারে ডাটা ম্যানেজমেন্টের কাজে প্রয়োগ করতে পারেন সেটি নিশ্চিত করা সহ প্রশিক্ষণপ্রাপ্তদের মাধ্যমে বাপেক্সের সংশ্লিষ্ট অন্য কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে (অনুচ্ছেদ ১১.২)।

১২.৩। ভবিষ্যতে কোন প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব পরিহারের জন্য উন্নয়ন সহযোগীর সাথে যথাসময়ে ঋণচুক্তি কার্যকর করা এবং ডিপিপি অনুমোদনের সময়ই প্রকল্পের নির্বাহী সংস্থা ও বাস্তবায়নকারী সংস্থা চূড়ান্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হতে হবে (অনুচ্ছেদ ১১.৩)।

১২.৪। ভবিষ্যতে উন্নয়ন সহযোগীর অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রকিওরমেন্ট পদ্ধতি নির্ধারণ, দরপত্র দলিল প্রনয়ন/সংশোধন, মূল্যায়ন প্রক্রিয়া ইত্যাদির ক্ষেত্রে উন্নয়ন সহযোগী ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও নিবিড় সমন্বয় জোরদার করা প্রয়োজন (অনুচ্ছেদ ১১.৪)।

১২.৫। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ/পেট্রোবাংলা/বাপেক্স ২০১১-১২ অর্থ-বছরের অডিট আপত্তির চূড়ান্ত নিষ্পত্তি নিশ্চিত করবে। একইসাথে ২০১২-১৩ অর্থ বছরের অডিট সম্পন্নের ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে (অনুচ্ছেদ ১১.৬)।

‘রশিদপুর গ্যাস ফিল্ডে দৈনিক ৩X১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন একটি কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপন’ (সংশোধিত)

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১২)

০১। প্রকল্পের নাম: ‘রশিদপুর গ্যাস ফিল্ডে দৈনিক ৩X১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন একটি কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপন’ (সংশোধিত)

০২। উদ্যোগী মন্ত্রণালয়: বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

০৩। বাস্তবায়নকারী সংস্থা: সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল),পেট্রোবাংলার একটি কোম্পানি

০৪। প্রকল্পের এলাকা:উপজেলা-বাহুবল, জেলা-হবিগন্জ

০৫। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কাল:

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য		প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	প্রাক্কলিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %) মোট টাকা (জিওবি) প্রকল্প সাহায্য	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৫৮৫৫.৫৩ (১ম ফেজ: ১১৫৪৯.৭৭, ২য় ফেজ: ৪৩০৫.৭৬) ১৫৮৫৫.৫৩ -	-	১০৮৬৭.৭৩ (১ম ফেজ: ৬৫৬৩.৯৭, ২য় ফেজ: ৪৩০৩.৭৬) ১০৮৬৭.৭৩ -	জানুয়ারি ২০০৬-জুন ২০০৯ (১ম ফেজ: জানুয়ারি ২০০৬-ডিসেম্বর ২০০৭, ২য় ফেজ: জানুয়ারি ২০০৮-জুন ২০০৯)	জানুয়ারি ২০০৬-ডিসেম্বর ২০১২	১ম ফেজ: জানুয়ারি ২০০৬-আগষ্ট ২০০৯, ২য় ফেজ: জানুয়ারি ২০০৮-ডিসেম্বর ২০১২	-	৩ বছর ৬ মাস (১০০)

০৬। প্রকল্পের অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ

(আর্থিক পরিমাণঃ লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত সংশোধিত ডিপিপি (আরডিপিপি)অনুযায়ী কাজ/অংগ	প্রকল্পের ১ম ফেজ				প্রকল্পের ২য় ফেজ			
		অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন		আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১	ভূমি অধিগ্রহণ	৩.৬ হেক্টর	১৪.৪০	১০০%	১৪.৪০				
২	ভূমি উন্নয়ন	৫০০০০ ঘনমিটার	৯৪.৫০	১০০%	০.৬০				
৩	এরিয়া সার্ভে ও সয়েল টেষ্ট	লট	১.৫০	১০০%	-				
৪	পূর্ত কাজ	লট	১৩৫.৬৬	১০০%	-				
৫	ইপিসি কন্ট্রাক্ট (পূর্ত কাজ সহ)	থোক	১০৬৫৫.৯৮	১০০%	৬৫১০.২৬		৪০১৬.২০	১০০%	৪২৯৯.১৫
৬	পরিবহন	১টি ডাবল কেবিন পিকআপ	২০.০০	১০০%	২০.০০				

ক্রমিক নম্বর	প্রকল্পের অনুমোদিত সংশোধিত ডিপিপি (আরডিপিপি)অনুযায়ী কাজ/অংগ	প্রকল্পের ১ম ফেজ				প্রকল্পের ২য় ফেজ			
		অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন		আরডিপিপি অনুযায়ী প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
		বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৭	স্থানীয় প্রশিক্ষণ	থোক	২.০০		-				
৮	ডিউটিজ ও কর	থোক	৩০৫.৯৫		-	থোক	১৬০.৪৩		
৯	ভ্রমণ	থোক	১.৫০	১০০%	১.৫	থোক	১.৫০	১০০%	১.৪২
১০	পোস্টাল	থোক	১.০০	১০০%	০.৩৬	থোক	১.০০	১০০%	০.২৫
১১	স্টেশনারীজ	লট	২.০০	১০০%	১.৩৪	লট	২.০০	১০০%	১.৭৫
১২	বিজ্ঞাপন ও প্রচারনা	থোক	১.০০	১০০%	০.৭৪	থোক	১.০০	১০০%	০.১৯
১৩	আপ্যায়ন	থোক	০.৫০	১০০%	০.৪৭	থোক	০.৫০		
১৪	কেজুয়াল লেবার	সংখ্যা	০.৫০	১০০%	০.০৮	সংখ্যা	০.৫০		
১৫	কপি/ফটোকপি	থোক	১.০০	১০০%	০.৮৪	থোক	১.০০	১০০%	০.৯৫
১৬	কম্পিউটার এক্সেসরিজ	থোক	০.৫০	১০০%	০.২৭	লট	০.৫০		
১৭	গাড়ী মেরামত ও রক্ষণাবেক্ষণ	লট	০.৫০	১০০%	০.৩৫	লট	০.৫০	১০০%	০.০৫
১৮	কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ	লট	০.২৫		-	লট	০.৫০		
১৯	মেশিনারী ও ইকুইপমেন্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ	লট	০.৭৫		-	লট	১.০০		
২০	কম্পিউটার ও ফটোকপিয়ার	লট	২.৫০	১০০%	২.০৪	লট			
২১	অফিস সরঞ্জাম	লট	০.৫০		-	লট			
২২	ফার্নিচার	লট	১.০০	১০০%	১.০০	লট			
২৩	বৈদ্যুতিক সরঞ্জাম	২টি এসি	০.৭০	১০০%	০.৬৭	থোক			
২৪	ব্যাংক চার্জ	থোক	২৩.৮৮		-	থোক	৯.০৯		
২৫	কন্টিনজেন্সী (এলসি)		২৮১.৭০	১০০%	৯.০৫		১০৫.০৪		
২৬	ইএমপি স্টাডি						৫.০০		
	সর্বমোট		১১৫৪৯.৭৭		৬৫৬৩.৯৭		৪৩০৫.৭৬		৪৩০৩.৭৬

সূত্র: জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের প্রকল্প সমাপ্তি প্রতিবেদন

০৭। <u>প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও উদ্দেশ্যঃ</u>

০৭.১। <u>পটভূমি:</u>

সরকারের সাথে স্বাক্ষরিত উৎপাদন চুক্তি মোতাবেক আন্তর্জাতিক কোম্পানি ইউনোকল বিবিয়ানা গ্যাস ফিল্ড অপারেশনের দায়িত্ব পায়। ১৯৯৮ মালে বিবিয়ানা ফিল্ডে গ্যাস আবিস্কৃত হয়। উৎপাদিত গ্যাসের সাথে উপজাত হিসেবে কনডেনসেট উৎপাদিত হয় যার পরিমাণ ছিল ডিসেম্বর ২০০৬ এ প্রতিদিন ১৫০০ ব্যারেল, ডিসেম্বর ২০০৭ এ প্রতিদিন ২২৫০ ব্যারেল ও ডিসেম্বর ২০০৮ এ প্রতিদিন ২৯৫৮ ব্যারেল। ২৩ নভেম্বর ২০০৪ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক বিবিয়ানা গ্যাস ফিল্ড হতে প্রাপ্ত কনডেনসেট রশিদপুর কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্টে পরিবহনের জন্য ৪০ কিলোমিটার দীর্ঘ পাইপলাইন নির্মাণ করা হয়। উক্ত সভায় কনডেনসেট ফ্রাকশনেশন করার জন্য রশিদপুরে একটি ফ্রাকশনেশন প্লান্ট স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পেট্রোবাংলার সাথে সম্পাদিত কনডেনসেট পারচেজ ও সেলস্ এগ্রিমেন্ট মোতাবেক পেট্রোবাংলা বৈদেশিক মুদ্রায় কনডেনসেট ক্রয় করে থাকে। এসব কনডেনসেট থেকে মোটর স্পিরিট, কেরোসিন ও ডিজেল প্রস্তুত করা সম্ভব হয় যার বাজার মূল্য কনডেনসেটের বাজার মূল্য অপেক্ষা অনেক বেশী। বিদেশ থেকে এসব পেট্রোলিয়াম

প্রোডাক্ট আমদানির পরিবর্তে দেশে উৎপাদনের মাধ্যমে প্রচুর বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব। এ প্রেক্ষাপটে আলোচ্য প্রকল্প বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

০৭.২। উদ্দেশ্যঃ

প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে বিবিয়ানা গ্যাস ফিল্ড হতে আহরিত কনডেনসেট হতে অন্যান্য পেট্রোলিয়াম প্রোডাক্ট যেমন: মোটর স্পিরিট, কেরোসিন ও ডিজেল প্রস্তুতের লক্ষ্যে রশিদপুর গ্যাস ফিল্ডে প্রতিদিন ৩ X ১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট (১ম ফেজে ২৫০০ ব্যারেল ও ২য় ফেজে ১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন) স্থাপন করা। প্রকল্পের মূল ডিপিপি ২১ মে ২০০৬ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের আরডিপি অনুমোদিত হয় ১২ আগষ্ট ২০১২ তারিখে।

০৮। প্রকল্প পরিচালকঃ এসজিএফএল এর একজন উপ-মহাব্যবস্থাপক প্রকৌশলী রফিকুল ইসলাম প্রকল্পের শুরু হতে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

০৯। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

আরডিপিপিতে বর্ণিত পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
কনডেনসেট হতে পেট্রোলিয়াম প্রোডাক্ট যেমন: মোটর স্পিরিট, কেরোসিন ও ডিজেল প্রস্তুতের লক্ষ্যে রশিদপুর গ্যাস ফিল্ডে ১ম ফেজে ২৫০০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন ও ২য় ফেজে ১২৫০ ব্যারেল ক্ষমতাসম্পন্ন কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপন করা।	উক্ত প্লান্ট স্থাপন করা হয়েছে।

১০। <u>প্রকল্পের প্রধান প্রধান অংগ বাস্তবায়নের বিবরণঃ</u>

১০.১। প্রকল্পের ১ম ফেজের জন্য ২৬ সেপ্টেম্বর ২০০৫ তারিখে দরপত্র আহবান করা হয়। ১৭ ফেব্রুয়ারি ২০০৬ তারিখে পুন:দরপত্র আহবান করা হয়। কারিগরি মূল্যায়ন রিপোর্ট ও আর্থিক মূল্যায়ন রিপোর্ট এসজিএফএল বোর্ড কর্তৃক যথাক্রমে ১৭ আগষ্ট ২০০৬ তারিখে ও ০৬ সেপ্টেম্বর ২০০৬ তারিখে অনুমোদিত হয়। ১২ সেপ্টেম্বর ২০০৬ তারিখে টার্ণ-কী ভিত্তিতে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান 'China Petrochemical International Company Limited (Sinopec Int'l)'-এর অনুকূলে নোটিফিকেশন অব এওয়ার্ড জারি করা হয়। ১৪ জুন ২০০৭ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ০৯ আগষ্ট ২০০৯ তারিখে প্লান্ট স্থাপন সমাপ্ত হয়।

১০.২। প্রকল্পের ২য় ফেজের জন্য ১৫ ডিসেম্বর ২০০৮ তারিখে দরপত্র আহবান করা হয়। কারিগরি মূল্যায়ন রিপোর্ট ও আর্থিক মূল্যায়ন রিপোর্ট এসজিএফএল বোর্ডের যথাক্রমে ৩৬৭ তম ও ৩৬৯ তম সভায় অনুমোদিত হয়। ২৫ আগষ্ট ২০০৯ তারিখে টার্ণ-কী ভিত্তিতে নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান 'Zicom Equipment Private Ltd'- এর অনুকূলে নোটিফিকেশন অব এওয়ার্ড জারি করা হয়। ২৩ ডিসেম্বর ২০০৯ তারিখে তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ০৮অক্টোবর ২০১২ তারিখে প্লান্ট স্থাপন সমাপ্ত হয়।

১১। পর্যবেক্ষণ:

১১.১। আলোচ্য প্রকল্প বাস্তবায়নের একটি উল্লেখযোগ্য দিক হচ্ছে এটি মূল ডিপিপি'র প্রাক্কলিত ব্যয়ের চেয়ে ৩১% কম ব্যয়ে সম্পন্ন করা সম্ভব হয়েছে। স্থাপিত ফ্রাকশনেশন প্লান্টে উৎপাদিত মোটর স্পিরিট, অকটেন. ডিজেল ও কেরোসিনের দ্বারা দেশের জ্বালানী চাহিদার যথাক্রমে ৪০%, ৩৫%, ২% ও ৮% মেটানো সম্ভব হয়েছে। এ সকল পেট্রোলিয়াম জাত পন্য বিপনণের মাধ্যমে এসজিএফএল এর রাজস্ব আয় বৃদ্ধি পেয়েছে। একইসাথে ভ্যাট ও অন্যান্য ডিউটিজ বাবদ উল্লেখযোগ্য পরিমাণে অর্থ সরকারী কোষাগারে জমা হচ্ছে। উৎপাদিত পেট্রোলিয়ামজাত পণ্য সমূহ বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসি) অধীন বিভিন্ন কোম্পানির নিকট বিক্রয় হওয়ার ফলে বিপিসিকে পূর্বের তুলনায় কম জ্বালানী তেল আমদানী করতে হচ্ছে। এর ফলে বৈদেশিক মুদ্রার সাশ্রয় পেয়েছে। স্থাপিত প্লান্টটি বর্তমানে এসজিএফএল এর নিজস্ব প্রকৌশলী দ্বারা পরিচালিত হচ্ছে। প্রকল্প বাস্তবায়নের সময় এসজিএফএল এর প্রকৌশলীগণ ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে কাজ করার সুবাদে কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপন ও এর অপারেশন সম্পর্কে সম্যক ধারণা অর্জন করেছেন যা তাদের পেশাগত উৎকর্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। দেশে মোটর স্পিরিট, অকটেন. ডিজেল ও কেরোসিনের ক্রমাগত চাহিদা বৃদ্ধির প্রেক্ষাপটে এ জাতীয় আরো কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপনের সম্ভাবনা বিববেচনা করে দেখা যেতে পারে।

১১.২। প্রকল্পের বাস্তবায়নে বিলম্ব ঘটেছে। প্রকল্পের ১ম ফেজের প্লান্ট স্থাপনের নিমিত্তে দরপত্র আহবানের বিপরীতে সর্বপ্রথম প্রাপ্ত ০৪(চার)টি দরপ্রস্তাব মূল্যায়নে বাতিল হয়ে যায়। ফলে পুনরায় দরপত্র আহবান করতে হয়। এছাড়া আলোচ্য ফেজের প্লান্ট স্থাপনের ঠিকাদার অন্য একটি প্রকল্পেও ঠিকাদার হিসেবে নিয়োজিত ছিল। উক্ত প্রকল্পে ঠিকাদারের পারফরমেন্স গ্যারান্টি বাজেয়াপ্ত হয়ে যাওয়ায় ঠিকাদার ১ম ফেজের প্লান্ট স্থাপনের কাজে অপরাগতা প্রকাশ করে। পরবর্তীতে বাংলাদেশ সরকার ও চীন সরকারের মধ্যস্থতায় বিষয়টি নিষ্পত্তি হয়। এ সকল কারণে ১ম ফেজের প্লান্ট স্থাপনের কাজে বিলম্ব ঘটে। ২য় ফেজের প্লান্ট স্থাপনের ক্ষেত্রে ঠিকাদার ডিজাইন ডকুমেন্ট সময়মত দাখিলে ব্যর্থ হওয়ার কারণে ডিজাইন ডকুমেন্ট অনুমোদনে বিলম্ব সহ প্লান্ট স্থাপনের কাজে বিলম্ব ঘটে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে এ সকল সমস্যা/অভিজ্ঞতা থেকে শিক্ষা গ্রহণ করে ভবিষ্যতে প্রকল্প বাস্তবায়নের পূর্বে যথাযথ প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন।

১১.৩। প্রকল্পের আওতায় সংগৃহীত ডাবল পিকআর গাড়ীটি প্রকল্প সমাপ্তির পর সরকারি নিয়ন অনুসরণ না করে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা ব্যবহার করছে। উল্লেখ্য যে, সরকারি নীতিমালা মোতাবেক প্রকল্প সমাপ্তির পর সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সমাপ্ত প্রকল্পের যানবাহন স্বীয় টিওএন্ডইতে অন্তর্ভুক্তির মাধ্যমে ব্যবহার করতে পারবে। তবে, টিওএন্ডই এর বহির্ভুত/অতিরিক্ত যানবাহন সরকারি পরিবহনপুলে জমা দিতে হবে। বর্ণিতাবস্থায়, সমাপ্ত প্রকল্পের গাড়ি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১২.০। সুপারিশ:

১২.১। এসজিএফএল রশিদপুর গ্যাস ফিল্ডে স্থাপিত কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্টের অপারেশন ও রক্ষণাবেক্ষণ দক্ষ জনবল দ্বারা পরিচালনা অব্যাহত রাখবে;
১২.২।দেশে মোটর স্পিরিট, অকটেন, ডিজেল ও কেরোসিনের চাহিদা বিবেচনায় জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, এসজিএফএল ভবিষ্যতে আরো কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট স্থাপনের সম্ভাবনা পরীক্ষা-নিরীক্ষা করে দেখতে পারে;
১২৩.। জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ সরকারি নীতিমালা মোতাবেক সমাপ্ত প্রকল্পের যানবাহন সরকারি পরিবহনপুলে স্থানান্তরের বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।